আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

নিউইয়র্ক আসছেন টমি মিয়া



বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ ফেস্টিভ্যাল অব ফুড এন্ড কালচালা অনুষ্ঠান আয়োজিত **(বাকি অংশ ৪৪ পাতায়)**

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৭ || সংখ্যা ০৫ || সোমবার || কার্তিক ১৫ || ১৪২৯ || রবিউস সাঃ ৬ || ১৪৪৩ || Vol. 27 || Issue 05 || 31 October || 2022 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

টাইম টিভি ও বাংলা পত্রিকা আয়োজিত 'বিজনেস রাউন্ড টেবিল' আলোচনায় বক্তারা

অর্থনৈতিক ক্ষমতায়নে ঐক্যের প্রত্যয়

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউয়র্কের জনপ্রিয় টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা আয়োজিত 'বিজনেস রাউন্ড টেবিল' আলোচনায় বক্তারা বলেছেন, যুক্তরাষ্ট্র জুড়ে অগ্রসরমান বাংলাদেশী কমিউনিটি সকল ক্ষেত্রেই সুনামের সাথে এগিয়ে চলেছে। ব্যবসা-বাণিজ্য ও শিক্ষাসহ পেশাদার সকল ক্ষেত্রেই বাংলাদেশী আমেরিকানরা এখন স্বনির্ভর হয়ে উঠেছেন। পাশাপাশি আমেরিকান মূলধারার রাজনীতি সহ প্রশাসনের বিভিন্ন স্থানে বাংলাদেশীরা নিজেদের অবস্থান সুদৃঢ় কছেন। কিছু কিছু বিচ্ছিন্ন ঘটনা ছাড়া এমন ধারা অব্যাহত থাকলে বেশী দূর নেই যেদিন বাংলাদেশীরা আমেরিকার



বিজনেস রাউন্ড টেবিল আলোচনায় বক্তব্য রাখছেন আবু তাহের

সকল স্তরেই নিজেদের সর্বোচ্চ পদে আসীন করবেন। তবে এজন্য প্রয়োজন ঐক্যবদ্ধ প্লাটফর্ম। সবাই ঐক্যবদ্ধ হলে এই প্ল্যাটফর্ম গড়ে তোলা সম্ভব। সেখানে একে অপরের সহযোগী হয়ে অর্থনৈতিক সমৃদ্ধির পাশাপাশি বৃহৎ বাংলাদেশী কমিউনিটি গড়া সম্ভব। বক্তারা বলেন, আমরা যদি অর্থনৈতিক সমৃদ্ধ কমিউনিটি গড়তে পারি তবেই না মূলধারার রাজনীতিতে **(বাকি অংশ ৪৪ পাতায়)**

ন্যান্সি পেলোসির স্বামীর ওপর 'হাতুড়ি হামলা'

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের কংগ্রেসের প্রতিনিধি পরিষদের স্পিকার ন্যান্সি পেলোসির স্বামী পল পেলোসির ওপর হামলার ঘটনা ঘটেছে। দেশটির স্থানীয় সময় শুক্রবার ভোর নাগাদ এক ব্যক্তি এই দম্পতির সান ফ্রানসিস্কোর বাড়িতে পল পেলোসির ওপর হাতুড়ি দিয়ে হামলা চালিয়েছে। দেশটির আইনশৃঙ্খলা বাহিনীর সূত্র সিএনএনকে এই তথ্য জানিয়েছে বলে প্রতিবেদনে বলা হয়েছে। রিপোর্ট, পল পেলোসির ওপর হামলাকারী **(বাকি অংশ ৪৪ পাতায়)**

জলবায়ু পরিবর্তন

শুধুই নিষ্ফল অঙ্গীকার

বাংলা পত্রিকা ডেস্ক: জলবায়ু পরিবর্তন রোধে বিভিন্ন দেশ এরই মধ্যে বিভিন্ন অঙ্গীকার করেছে। সেসব অঙ্গীকার বাস্তবায়ন এখনো দূর অস্ত। আর সেই সুযোগে বিশ্ব আরো প্রায় ২.৬ ডিগ্রি সেলসিয়াস উত্তপ্ত হওয়ার পথে হাঁটছে। জাতিসংঘ গত বুধবার এ নিয়ে সতর্ক করেছে। সংস্থাটি বলছে, বিপর্যয়কর পরিস্থিতির লাগাম টানতে এ দশকে নিঃসরণ অবশ্যই ৪৫ শতাংশ কমিয়ে আনতে হবে। জাতিসংঘ পরিবেশ কর্মসূচি নিজেদের **(বাকি অংশ ৪৪ পাতায়**

রাঙ্গাকে চিফ হুইপের পদ থেকে সরালেন কাদের, এখতিয়ার নেই বললেন রওশন

ঢাকা ডেস্ক: সংসদীয় ধারা ও প্রত্যাহার করে নিয়েছেন বিধানকে অবজ্ঞা করে জাতীয় বিরোধীদলীয় নেতা রওশন এরশাদ। শুক্রবার সন্ধ্যায় সংবাদ মাধ্যমে পাঠানো বিজ্ঞপ্তিতে বিরোধীদলীয় নেতা জানান, দলীয় চেয়ারম্যানের প্যাডে লিখিতপত্রে সংসদের **(বাকি অংশ ৪৪ পাতায়)**

পার্টির চেয়ারম্যানের অগণতান্ত্রিক ধারা ব্যবহার দেখিয়ে বিরোধীদলীয় চিফ হুইপ মশিউর রহমান রাঙ্গাকে অব্যাহতি দেওয়া হয়েছে বলে গণমাধ্যমে পাঠানো সংবাদ



আমেরিকান স্যাটেলাইট ধ্বংসের হুমকি রাশিয়ার

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের বাণিজ্যিক স্যাটেলাইট ধ্বংসে রাশিয়া যে হুমকি দিয়েছে তার প্রতিক্রিয়া জানিয়েছে আমেরিকা। জবাবে হোয়াইট হাউস জানায়, "আমেরিকান অবকাঠামোর উপর যেকোনও প্রতিক্রিয়ার সমানপ প্রতিক্রিয়া দেখানো **(বাকি অংশ ৪৪ পাতায়)**


APOLLO
INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারণে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
• TAX Liens Charge Offs • Inquiries • Collections
• Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

AH LAW FIRM PLLC
Real Estate, Immigration, Litigation
AH LAW FIRM PLLC
MD AHSAN HABIB
Attorney -at -Law
Real Estate, Immigration, Litigation
164-13 Hillside Ave
Jamaica NY 11432
ahlawmy@aol.com
+1 347 720 3394
+1 929 294 5772
ahlawmy.com


CENTURY 21
AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
Ferdous Khan
Real Estate Licensed
Sales Assoricate
76-26 Broadway,
Elmhurst, NY 11373

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার টাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave
Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street
Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVEL
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37TH ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO


AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax - Sales Tax - Payroll - Notary Public
- Bookkeeping - Business Formation
- Financial Statement - Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com


সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

আপনার ভাষায় আপনার ভোটপ্রদান করার অধিকার আছে

আপনি ভোটিং বুথে একজন দোভাষী নিয়ে আসতে পারেন



নভেম্বরের সাধারণ নির্বাচন

রবিবার	সোমবার	মঙ্গলবার	বুধবার	বৃহস্পতিবার	শুক্রবার	শনিবার
অক্টোবর 23	24	25	26	27	28	29 প্রারম্ভিক ভোটপ্রদান শুরু হয়
30	31	নভেম্বর 1	2	3	4	5
6 প্রারম্ভিক ভোটপ্রদান শেষ হয়	7	8 নির্বাচনের দিন	9	10	11	12

নাগরিক সম্পৃক্ততা কমিশনের নির্বাচিত ভাষা এবং পোল সাইটে দোভাষী থাকবে

আরো জানতে participate.nyc.gov-এ যান

NYC Civic Engagement Commission

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

৩-এর পৃষ্ঠা

ওকলাহোমা ভয়াবহ অগ্নিকান্ডে নিহত ৮

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ওকলাহোমা শহরে একটি বাড়িতে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এতে অন্তত ৮ জনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে পুলিশ। বৃহস্পতিবার অঙ্গরাজ্যটির ব্রোকেন অ্যারো এলাকার একটি বাড়িতে এ আগুন লাগে। খবর রয়টার্সের। প্রতিবেদনে বলা হয়েছে, প্রতিবেশীরা তুলসা শহরতলীর ওই বাড়িতে আগুন লাগার খবর দেন। হত্যাকান্ড ঘটানোর উদ্দেশ্যেই ওই আগুন লাগানো হয়েছে ধরে নিয়ে পুলিশ তদন্তে নেমেছে। কীভাবে আগুন লেগেছে, কী ঘটেছে এবং কারা মারা গেছে সে বিষয়ে বিস্তারিত কিছু বলেনি পুলিশ। ওই বাড়িতে দুজন প্রাপ্তবয়স্ক ও ৬ শিশুর একটি পরিবার থাকত বলে প্রতিবেশীরা পুলিশকে জানিয়েছে, বলেছে সংবাদমাধ্যম নিউইয়র্ক টাইমস।



‘ঘুরে দেখা ইউরোপ’

(শেষের পাতার পর)


জনাব হাবিব রহমানের লিখা ভ্রমণ বিষয়ক গ্রন্থ “ঘুরে দেখা ইউরোপ” এখন বাজারে। তিনি ইতিমধ্যে বিশ্বের শতাধিক দেশ ভ্রমণ করেছেন। চষে বেড়িয়েছেন এশিয়া, ইউরোপ, আমেরিকা এবং আফ্রিকার বহুদেশ। পর্যটনের নেশা তাকে দীর্ঘদিন ঘরে থিতু হয়ে বসতে দেয়নি। তিনি ছুটে চলেছেন একদেশ থেকে আরেক দেশে। এক মহাদেশ থেকে আরেক মহাদেশে। এসব ভ্রমণ কাহিনী বাংলা পত্রিকা সহ বিভিন্ন পত্রিকায় ইতোপূর্বে নিবন্ধ আকারে প্রকাশিত হয়েছে। এখন এগুলো একত্রিত করে সংকলিত আকারে প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। যার প্রথম খন্ড “ঘুরে দেখা ইউরোপ”।

এই পর্বে তিনি নেদারল্যান্ডস, গ্রীস, তুরস্ক, জার্মানী, আইসল্যান্ড, নরওয়ে, সুইডেন, ফিনলান্ড, রাশিয়া, বেলজিয়াম, ফ্রান্স, সুইজারল্যান্ড, ইতালি, বৃটেন, পর্তুগাল এবং স্পেনের বিভিন্ন দর্শনীয়স স্থানের বিবরণ তুলে ধরেছেন। যদিও প্রতিটি বিবরণ সংক্ষিপ্ত কিন্তু ঐতিহাসিক, সামাজিক, সাংস্কৃতিক তথ্যে ভরপুর। যারাদেশগুলো ভ্রমণে আগ্রহী তাদের জন্য বইটি চমৎকার গাইড বুক হিসাবে ভূমিকা রাখতে পারে।

যেকোন ভ্রমণ কাহিনী সাহিত্যের জনপ্রিয় একটি ধারা। একটি সার্থক ভ্রমন কাহিনী পাঠককে বিভিন্ন দেশ, বিভিন্ন নগরীর ইতিহাস ঐতিহ্য, বিভিন্ন ঐতিহাসিক স্থাপনা, সামাজিক সাংস্কৃতিক দিক সহ অনেক অজানা বিজয়ের সাথে পরিচয় করিয়ে দেয়। অনেকে ভ্রমণ করলেও তাদের অভিজ্ঞতা লিখে যান না। সেদিক থেকে “ঘুরে দেখা ইউরোপ” এর লেখক হাবিব রহমান তাঁর ভ্রমণ কাহিনী লিখে ভ্রমণ পিপাসু মানুষদের জন্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। একদিকে তিনি তার নিজের ভ্রমণ তৃষ্ণা পুরণ রেছেন অন্যদিকে ভবিষ্যৎ ভ্রমণবিলাসীদের প্রতি তার দায়বদ্ধতায়ও পরিচয় দিয়েছেন।

২৭৮ পৃস্টার এই বইটি প্রকাশ করেছে বাংলাদেশের সৃজনশীল গ্রন্থের অন্যতম প্রকাশনা সংস্থা নালন্দা প্রকাশনী। কোলকাতার পরিবেশক সূর্যসেন স্ট্রিটের “বই বাংলা”। নিউইয়র্কে পাওয়া যাবে জ্যাকসন হাইটসের মুক্তধারায়। এছাড়াও অন লাইনে roko-mari.com/nalonda এবং www.biohaz-ard.com অর্ডার করা যাবে। এছাড়াও ০১৫১৯৫২১৯৭১ অথবা ০৯৬১১২৬২০২০ এই নাম্বারে ফোনে অর্ডার করা যাবে। চার রংয়ে বইটির নান্দনিক পপ্রচ্ছদ করেছেন শিল্পী ধ্রুব এষ।





আপনি কি আপনার ইউটিলিটি বিলে ছাড় পাওয়ার জন্য যোগ্য?

আপনি যোগ্য কিনা দেখুন।

আপনি যদি কোনও সরকারী সহায়তা প্রোগ্রাম থেকে সুবিধা পান, তাহলে আপনি আপনার ইউটিলিটি বিলের উপর ছাড়ের জন্যও যোগ্য হতে পারেন।

আমাদের উপলভ্য বিকল্পগুলি খুঁজতে conEd.com/BillHelp এ যান এবং আপনার যোগ্যতা পরীক্ষা করুন।

conEdison

ভোটার হটলাইন

কল করুন : 1-888-274-8683

ইংরেজী এবং বাংলা ভাষায় দোভাষীর
সাহায্য পেতে পারেন

APIAVOTE
ASIAN & PACIFIC ISLANDER AMERICAN VOTE

ASIAN AMERICANS ADVANCING JUSTICE AAJC

YOUR RIGHTS KNOW YOUR VOTERS ASIAN AMERICA FUTURE VOTE FOR YOUR FUTURE

Promoting A Positive Bangladesh

UtshobGroup
PRESENTS



TommyMiah

BANGLADESH FESTIVAL
OF FOOD & CULTURE

You are cordially invited
I am pleased to invite you to our festival.
We would be honoured if you could attend.
Please RSVP at 347-691-1210

Fresh
FRESH FOOD & BEVERAGE

Date: 6th November, Sunday, 2022
Time: 6 PM Sharp
Venue: World's Fair Marina
1 Marina Rd, Queens New York 11368

Invited By
SYED A ALAMIN
347-691-1210

PATNERS

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

সব নারী কর্মীর খোঁজ নিন

সৌদিতে বাংলাদেশী গৃহকর্মী উদ্ধার

আয়-উপার্জনের সুযোগ কম থাকায় প্রতিবছর বাংলাদেশ থেকে অনেক কর্মী বিদেশে পাড়ি জমান। মাঝে কিছুদিন পুরুষের পাশাপাশি বেশ কিছু নারী কর্মীকেও বিদেশে, বিশেষ করে সৌদি আরব যেতে দেখা যায়। সৌদি আরবে নারী কর্মী পাঠানোর বিষয়ে বাংলাদেশ সরকার ও সৌদি সরকারের মধ্যে চুক্তিও হয়েছিল। কিন্তু কিছুদিনের মধ্যেই আবার দেখা যায় শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হয়ে প্রতি মাসেই সৌদি আরব থেকে ফেরত আসতে শুরু করেন বাংলাদেশি নারী গৃহকর্মীরা। অভিযোগ ওঠে যৌন নির্যাতনেরও। দেশে ফিরে নারী কর্মীরা যেসব অভিযোগ করেন, সেগুলো যে একেবারেই মিথ্যা বা ভিত্তিহীন নয়, তা-ও প্রমাণিত হয়েছে অতীতে।

এক খবরে বলা হয়েছে, গত ২৫ অক্টোবর মঙ্গলবার সৌদি আরবের রাজধানী রিয়াদ থেকে প্রায় এক হাজার ১০০ কিলোমিটার দূরে আরার শহর থেকে ২৪ বাংলাদেশী নারী গৃহকর্মীকে উদ্ধার করা হয়েছে। একটি সৌদি রিক্রুটিং এজেন্সি নিয়োগকর্তাদের বাসায় কাজে না পাঠিয়ে বেআইনিভাবে দীর্ঘদিন তাঁদের আটকে রেখেছিল বলে প্রকাশিত খবরে উল্লেখ করা হয়। পরিবারের সঙ্গে তাঁদের সব ধরনের যোগাযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়েছিল। পর্যাপ্ত খাবার ও পানীয়র অভাবে অসুস্থ হয়ে পড়লেও তাঁদের কোনো চিকিৎসাসেবা প্রদান করা হয়নি। এমনকি দূতাবাসের কর্মকর্তা ঘটনাস্থলে নারী কর্মীদের সঙ্গে দেখা করতে চাইলে সংশ্লিষ্ট সৌদি এজেন্সি বাধা দেয়।

সৌদি আরব বাংলাদেশের নারী-পুরুষ কর্মীর জন্য সর্ববৃহৎ শ্রমবাজার। সেখান থেকে প্রচুর বৈদেশিক মুদ্রা আসে, এটাও সত্য। কিন্তু আরেকটি বড় সত্য হচ্ছে, গৃহকর্মীর কাজ নিয়ে যাওয়া নারী কর্মীরা প্রায়ই নানা সমস্যায় পড়ছেন। শারীরিক, মানসিক ও যৌন নির্যাতনের শিকার হচ্ছেন। ঠিকমতো বেতনও দেওয়া হয় না। অনেককে খালি হাতেই ফিরে আসতে হয়। ২০১৯ সালে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির প্রতিবেদনে নারীদের নির্যাতিত হওয়ার বিষয়টি উঠে আসে।

বিশেষজ্ঞরা মনে করছেন, নারী কর্মী নিয়োগের ব্যবস্থাপনায় ফিলিপাইন, ইন্দোনেশিয়ার মতো দেশগুলোর ক্ষেত্রে অনেক পিছিয়ে আছে বাংলাদেশ। বিদেশে নারী কর্মী পাঠানোর ক্ষেত্রে দালালদের প্রতারণা বন্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। শুধু গৃহকর্মী হিসেবে না পাঠিয়ে প্রশিক্ষণের মাধ্যমে তাঁদের দক্ষ করে বিদেশে পাঠানোর উদ্যোগ বাড়াতে হবে। বিদেশে থাকাকালে প্রত্যেকের সঙ্গে মোবাইল ফোন থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। বাংলাদেশ মিশনগুলোকে আরো সক্রিয় হতে হবে।

আমেরিকান সরকারের পাকিস্তানকে চেনা এবং বাংলাদেশের গণহত্যা প্রস্তাব

এ কে এম আতিকুর রহমান

কিছুদিন আগে লস অ্যাঞ্জেলেসে অনুষ্ঠিত ডেমোক্রেটিক পার্টির এক রিসেপশনে প্রেসিডেন্ট জো বাইডেন পাকিস্তানকে বিশ্বের 'সবচেয়ে বিপজ্জনক দেশগুলোর মধ্যে একটি' হিসেবে উল্লেখ করেন। কোনো সমন্বয় ছাড়া পারমাণবিক অস্ত্র ধারণ করার পরিপ্রেক্ষিতে যদিও তিনি কথাটি বলেছেন, হয়তো ওই বক্তব্যের অভ্যন্তরে আরো অনেক অজানা সত্য লুকানো আছে। বাইডেন সাহেব দয়া করে যদি পাকিস্তানের অতীত ইতিহাস একটু গভীরভাবে ঘেঁটে দেখতেন, তাহলে বুঝতে সক্ষম হতেন যে পাকিস্তানকে চিনতে অনেকটাই দেরি করে ফেলেছিলেন তাঁর পূর্বসূরিরা। অবাক লাগে যে পাকিস্তানকে চিনতে যুক্তরাষ্ট্রের মতো মহাশক্তিশালী একটি দেশকে ৫০ বছরেরও বেশি অপেক্ষা করতে হলো।

অথচ যুক্তরাষ্ট্রের চেয়ে আর্থ-সামাজিকভাবে পিছিয়ে থাকা বাংলাদেশ বিপজ্জনক পাকিস্তানকে স্পষ্টভাবে চিনতে পেরেছিল ১৯৭১ সালে। যাই হোক, এত বছর পরে হলেও শেষ পর্যন্ত যুক্তরাষ্ট্র যে পাকিস্তানের আসল চেহারা দেখতে পেয়েছে, সেটিই অনেক বড় কথা। তবে সামান্য হলেও মনের ভেতর যে সন্দেহ রয়েই যায়, তা হলো যুক্তরাষ্ট্র কি আসলেই পাকিস্তানকে ওই রকম দেশ মনে করে, নাকি এ কথার মধ্যে অন্য কোনো উদ্দেশ্য রয়েছে?

তথ্য মতে, প্রেসিডেন্ট বাইডেন সেদিন বিদ্যমান আন্তর্জাতিক প্রেক্ষাপটে চীন ও রাশিয়া সম্পর্কে আমেরিকার পররাষ্ট্রনীতির বিভিন্ন দিক নিয়ে কথা বলার সময় পাকিস্তানের ওপর ওই মন্তব্য করেন। চীন-তাইওয়ান উত্তেজনা এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধ চীন ও রাশিয়াকে যুক্তরাষ্ট্রের বিপক্ষে দাঁড় করিয়েছে। চীনের সঙ্গে পাকিস্তানের অন্তরঙ্গ সম্পর্ক অনেক আগে থেকেই। আবার যুক্তরাষ্ট্রের সঙ্গেও পাকিস্তানের একই উচ্চতার সম্পর্ক ছিল। তবে ২০১০ সালের পরে রাশিয়ার সঙ্গে পাকিস্তানের সম্পর্ক যেভাবে গভীর হতে থাকে তাতে আমেরিকান নেতৃত্বে পাকিস্তানকে নিয়ে সন্দেহ দানা বাঁধতে থাকে। অনেকের মতে, তার ফলে পাকিস্তানের তদানীন্তন প্রধানমন্ত্রী ইমরান খানকে পদত্যাগ করতে হয়। তাই চীনকে ভর করে রাশিয়ার সঙ্গে আবার কোনো চোরাগলিতে পাকিস্তান পা বাড়ায় কি না সেই সন্দেহ থাকাটাই স্বাভাবিক। যাই হোক, পাকিস্তানের বর্তমান সরকার ওয়াশিংটনের সঙ্গে সম্পর্ক উন্নয়নে এরই মধ্যে ব্যাপক দৌড়ঝাঁপ শুরু করে দিয়েছে।

প্রেসিডেন্ট বাইডেনের পাকিস্তানকে এভাবে 'চিহ্নিত' করার সম্ভাব্য উদ্দেশ্য কী হতে পারে? পাকিস্তান ও যুক্তরাষ্ট্রের মধ্যে গড়ে ওঠা দ্বিপক্ষীয় সম্পর্ক যে উচ্চতায় পৌঁছে গিয়েছিল এবং গত এক দশকে সেই সম্পর্কের অবনতি ঘটা নিয়ে আমরা যদি একটু চিন্তা করি, তাহলে যে সম্ভাব্য চিত্র দেখতে পাই–ক. পাকিস্তান আসলেই একটি বিপজ্জনক দেশ, যা এত দিন যুক্তরাষ্ট্র বুঝে থাকলেও আন্তর্জাতিক রাজনীতিতে নিজেদের প্রতিপত্তি সংরক্ষণের স্বার্থে বলেনি; খ. গত বছর যুক্তরাষ্ট্র আফগানিস্তান তালেবানদের হাতে ছেড়ে দিয়ে আসায় পাকিস্তানের ভূখণ্ডে তালেবানদের 'ফ্রি স্টাইল মুভমেন্ট' তাদের পারমাণবিক অস্ত্র হস্তগত করার প্রতি উৎসাহী করে তুলতে পারে; গ. রাশিয়া-ইউক্রেন যুদ্ধের পরিপ্রেক্ষিতে চীন ও রাশিয়ার মধ্যে নতুন সমীকরণ বিদ্যমান পাকিস্তান-চীন সম্পর্কের জেরে যুক্তরাষ্ট্রকে পাকিস্তানের সঙ্গে সম্পর্ক রক্ষায় কোনো নেতিবাচক প্রভাব ফেলার আশঙ্কা এবং ঘ. পাকিস্তান যেন চলমান 'রাশিয়া ও চীন সমীকরণ'-এর বেড়াজালে না পড়ে যায় তাই এক ধরনের চাপের মধ্যে রাখা। যদিও ইমরান সরকারের পতনের পর পাকিস্তান সরকার যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক আগের অবস্থানে ফিরিয়ে নেওয়ার জন্য মরিয়া হয়ে উঠেছে।

তালেবানের জন্ম হওয়া এবং বেড়ে ওঠা পাকিস্তানের মাটিতেই। আর জন্মলগ্ন থেকেই তালেবানদের পাশে সব ধরনের সাহায্য এবং সহযোগিতা নিয়ে দাঁড়িয়েছিল আমেরিকান সরকার। পরবর্তী সময়ে, বিশেষ করে নাইন-ইলেভেনের পর তালেবানদের ওপর থেকে আমেরিকার আশীর্বাদ উধাও হয়ে যায়। আবার সেই যুক্তরাষ্ট্রই গত বছর তালেবানদের হাতে আফগানিস্তানকে সমর্পণ করে চলে আসে। তবে পাকিস্তানের সঙ্গে তালেবান সরকারের দহরম-মহরমের কোনো পরিবর্তন ঘটেনি। সে রকম লক্ষণ এরই মধ্যে পাকিস্তানের কয়েকটি অঞ্চলে প্রকট হয়ে উঠেছে। তথ্য মতে, পাকিস্তানের সোয়াত উপত্যকাসহ খাইবারপাখতুনখোয়া (পূর্বের উত্তর-পশ্চিম সীমান্ত) প্রদেশের বিভিন্ন এলাকায় সন্ত্রাসী কর্মকাণ্ড বৃদ্ধি পাওয়ায় দেশটির নিরাপত্তাব্যবস্থা হুমকিতে পড়েছে। এদিকে পাকিস্তানের বর্তমান রাজনৈতিক ও অর্থনৈতিক সংকটকে দুর্বলতা ধরে জঙ্গিবাদের বড় ধরনের উত্থান দেশটিকে এক অস্থিতিশীল পরিস্থিতির দিকে নিয়ে যাওয়ার সম্ভাবনাকেও উড়িয়ে দেওয়া যায় না। তালেবানদের কর্মকাণ্ডের ভয়াবহতা এবং পাকিস্তান ভূখণ্ডে তাদের অবাধ বিচরণ আমেরিকান সরকারের জানা আছে বলেই পাকিস্তানের পারমাণবিক অস্ত্রের সুরক্ষা নিয়ে তাদের এই উদ্বেগ আর অস্থিরতা।

আমরা জানি, আন্তর্জাতিক রাজনৈতিক অঙ্গনে নানা সমীকরণ কাজ করে। সেসবের হিসাব-নিকাশ যে শুধু বড় দেশগুলোই করে থাকে তেমনটি নয়। মাঝারি এবং ছোট দেশগুলোকেও ওই সব সমীকরণ প্রত্যক্ষ এবং বিবেচনা করে চলতে হয়। পাকিস্তানের ইতিহাসে এমন অনেক ঘটনা খুঁজে পাওয়া যাবে যেসব থেকে প্রেসিডেন্ট বাইডেন পাকিস্তানের হাতে থাকা পারমাণবিক অস্ত্র নিয়ে যে উদ্বেগ প্রকাশ করেছেন তা অযৌক্তিক মনে হবে না। পারমাণবিক অস্ত্র তো দূরের কথা, কোনো ধরনের অস্ত্রই যে পাকিস্তানের হাতে নিরাপদ নয় তা প্রমাণের জন্য খুব একটা বেগ পাওয়ার কথা নয়। তবে পূর্বের সেসব ক্ষেত্রে আমেরিকান সরকারকে এমনভাবে উৎকণ্ঠিত হতে দেখা যায়নি। ১৯৭১ সালে পাকিস্তান সেনাবাহিনী বাঙালী নিধনে যেভাবে অস্ত্র ব্যবহার করেছিল তাতে সারা বিশ্ব সোচ্চার হলেও আমেরিকান সরকারের কোনো উদ্বেগই দেখা যায়নি। বরং ওই হত্যাযজ্ঞে তারা পাকিস্তানকে সামরিক সহযোগিতা করা ছাড়াও নানাভাবে মদদ জুগিয়ে গেছে, যদিও আমেরিকার জনগণ সেদিন তাদের সরকারের নীতির বিরোধিতা করেছিল। ভাগ্যিস ওই সময় পাকিস্তানের হাতে কোনো পারমাণবিক অস্ত্র ছিল না, থাকলে হয়তো এই বাংলাদেশে কোনো মানুষ থাকা তো দূরের কথা, সবুজ গাছপালাও কোনো দিন জন্মাতো কি না সন্দেহ। সেই বিবেচনায় যদি বাইডেন সরকার পাকিস্তানকে নিয়ে এ ধরনের আশঙ্কার কথা মন থেকে বলে থাকে তা শুধু আমেরিকার সাধারণ মানুষকেই স্বস্তি দেবে না, হয়তো বিশ্বের অন্যান্য দেশের জনগণকেও আশ্বস্ত করবে।

আমরা জানি, আন্তর্জাতিক রাজনৈতিক অঙ্গনে নানা সমীকরণ কাজ করে। সেসবের হিসাব-নিকাশ যে শুধু বড় দেশগুলোই করে থাকে তেমনটি নয়। মাঝারি এবং ছোট দেশগুলোকেও ওই সব সমীকরণ প্রত্যক্ষ এবং বিবেচনা করে চলতে হয়। পাকিস্তানের ইতিহাসে এমন অনেক ঘটনা খুঁজে পাওয়া যাবে যেসব থেকে প্রেসিডেন্ট বাইডেন পাকিস্তানের হাতে থাকা পারমাণবিক অস্ত্র নিয়ে যে উদ্বেগ প্রকাশ করেছেন তা অযৌক্তিক মনে হবে না।

এরই মধ্যে যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের হাউস অব রিপ্রেজেন্টেটিভসে ১৯৭১ সালে পাকিস্তান সেনাবাহিনীর বাংলাদেশে চালানো গণহত্যাকে স্বীকৃতি দেওয়ার দাবিতে একটি প্রস্তাব আনা হয়েছে। প্রস্তাবটিতে বাংলাদেশে সংঘটিত ওই গণহত্যার জন্য পাকিস্তান সরকারকে বাংলাদেশের জনগণের কাছে ক্ষমা চাওয়ার বিষয়টিও তোলা হয়েছে। প্রেসিডেন্ট বাইডেনকে গণহত্যার স্বীকৃতি দেওয়ার আহ্বান জানিয়ে ওই প্রস্তাবটি এনেছেন রিপাবলিকান দলের দুই আইনপ্রণেতা রো খান্না এবং স্টিভ চ্যাবট। রিপাবলিকান দলের আনা এই প্রস্তাবে মি. বাইডেন কী ভূমিকা গ্রহণ করেন সেটিই এখন দেখার বিষয়।

এই মুহূর্তে আমাদের মনে পড়ে যায় ইউএস সিনেটর এডওয়ার্ড কেনেডির কথা। আমাদের মহান মুক্তিযুদ্ধের সময় তাঁর ভারতে আশ্রয় নেওয়া বাঙালীদের শরণার্থী শিবিরগুলো পরিদর্শন করার ওপর ভিত্তি করে ইন্টারন্যাশনাল হেরাল্ড ট্রিবিউন ১৭ আগস্ট ১৯৭১ সালে 'আফটার ভিজিটিং রিফিউজি ইন ইন্ডিয়া কেনেডি হিটস পাকিস্তান জেনোসাইড' শিরোনামের একটি প্রতিবেদন প্রকাশ করে, যাতে মি. কেনেডি পূর্ব পাকিস্তানে সংঘটিত পাকিস্তান সামরিক বাহিনীর নির্যাতনকে গণহত্যা হিসেবে অভিযুক্ত না করে উপায় নেই বলে তিনি উল্লেখ করেছিলেন। একই তারিখে সে দেশের আরো কয়েকটি সংবাদপত্র বাংলাদেশের গণহত্যাকে নিয়ে একই ধরনের প্রতিবেদন প্রকাশ করে। কিন্তু সেদিন মার্কিন সরকার পাকিস্তানকেই সমর্থন করে গেছে, এমনকি বাঙালী নিধনে অস্ত্র সরবরাহ করেছে। পাকিস্তান যে কি ভয়াবহ তা বুঝতে পারলেও ক্ষমতার দম্ভ তাদেরকে অন্ধ করে রেখেছিল।

আমরা জানি, ১৯৭২ সালের ১৪ ফেব্রুয়ারী সিনেটর কেনেডি বাংলাদেশ সফরকালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে এক ছাত্র-জনতার সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন, 'যদিও আমেরিকান সরকার আপনাদের সঙ্গে ছিল না, তবু আমেরিকার জনগণ বাংলাদেশের মুক্তিসংগ্রামে সহায়তা করেছিল।' এমনকি তারা আমেরিকার সিনেটে বাংলাদেশকে স্বীকৃতি প্রদানের জন্য প্রস্তাবও এনেছিল। যাই হোক, বাংলাদেশকে আমেরিকা স্বীকৃতি প্রদান করে ১৯৭২ সালের এপ্রিলে। তবে সিনেটর কেনেডির পর পাকিস্তান বাংলাদেশে যে গণহত্যা চালিয়েছিল সে ব্যাপারে যুক্তরাষ্ট্রের পার্লামেন্টে এই প্রস্তাবটি আনা এত বছর অতিক্রান্ত হলেও বাংলাদেশের প্রতি মার্কিন জনগণের ওই সময়ের অনুভূতিকেই জাগ্রত করে। এ উদ্যোগটি নিঃসন্দেহে বাংলাদেশের মানুষের আবেগকেও প্লাবিত করে।

হাউস অব রিপ্রেজেন্টেটিভসে যদি প্রস্তাবটি পাস হয়, তাহলে ১৯৭১ সালে বাংলাদেশের প্রতি আমেরিকান সরকারের নীতি যে ভুল ছিল তা-ই শুধু প্রমাণিত হবে না, পাকিস্তানকে সরাসরি সমর্থন এবং সামরিক সহযোগিতা করে যে তারা বাংলাদেশে পাকিস্তান সেনাবাহিনীর সংঘটিত গণহত্যায় নিজেদেরও সম্পৃক্ত করেছিল, সেই অপরাধ বোধের প্রায়শ্চিত্ত করার একটি সুযোগ আসবে। অন্যদিকে বাংলাদেশ এই গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির জন্য যে প্রয়াস চালিয়ে যাচ্ছে তা আরো বেগবান ও শক্তিশালী হবে। আমাদের প্রত্যাশা, আমেরিকার জনগণ ৫১ বছর আগের করা তাদের সরকারের সেই ভুলকে শুধরে নেওয়ার এ সুযোগটি নিশ্চয়ই হারাবে না। তারা পাকিস্তানি সেনাবাহিনীর সংঘটিত সেই গণহত্যায় নৃশংসভাবে নিহত হওয়া বাঙালী পরিবারগুলোর পাশে আবার দাঁড়াবে, যেমনটি তারা করেছিল ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধকে সমর্থন করে।

লেখক: সাবেক রাষ্ট্রদূত ও সচিব

নামাজের সময়-সূচী

অক্টোবর/নভে.	৩১	১	২	৩	৪	৫	৬
ফজর	৬.০৮	৬.০৯	৬.১০	৬.১১	৬.১২	৬.১৪	৫.১৬
সূর্যোদয়	৭.২৪	৭.২৫	৭.২৭	৭.২৮	৭.২৯	৭.৩০	৬.৩২
জোহর	১২.৩৯	১২.৩৯	১২.৩৯	১২.৩৯	১২.৩৯	১২.৩৯	১১.৩৯
আসর	৪.১১	৪.১০	৪.০৯	৪.০৮	৪.০৭	৪.০৬	৩.০৩
মাগরিব	৫.৫৪	৫.৫৩	৫.৫২	৫.৫০	৫.৪৯	৫.৪৮	৪.৪৬
এশা	৭.০৯	৭.০৮	৭.০৭	৭.০৬	৭.০৫	৭.০৪	৬.০২

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৫ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৬ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

তদন্ত প্রতিবেদন জমা

ভোটকক্ষে অরাজক পরিস্থিতি ছিল

ঢাকা, ২৮ অক্টোবর : গাইবান্ধা-৫ উপনির্বাচনে ইসির বন্ধ করা কেন্দ্রগুলোর ভোটকক্ষে 'অরাজক পরিস্থিতি'র প্রমাণ পেয়েছে তদন্ত কমিটি। ওইসব কেন্দ্রে ইভিএমে একজনের ভোট আরেকজন দিয়ে দিয়েছে।

আচরণবিধি লংঘন করে এক প্রার্থীর পোলিং এজেন্টরা প্রতীক সংবলিত পোশাক পরে বুথে অবস্থান করাসহ নানা ধরনের অনিয়ম পেয়েছে। প্রায় অর্ধশত কেন্দ্রের প্রিসাইডিং ও সহকারী প্রিসাইডিং কর্মকর্তারা এসব ঘটনায় তাদের দায়ও স্বীকার করেছেন।

এছাড়া নৌকা প্রতীকের বেশ কিছু পোলিং এজেন্টকে এসব অনিয়মের ঘটনায় চিহ্নিত করা হয়েছে। তাদের বিরুদ্ধে ইলেকট্রনিক ভোটিং মেশিনে (ইভিএম) অন্যের ভোট নিজেরাই দিয়ে দেওয়ার প্রমাণও উঠে এসেছে। এসব তথ্য-উপাত্ত উল্লেখ করে গতকাল বৃহস্পতিবার রাতে তদন্ত প্রতিবেদন জমা দিয়েছে কমিটি।

ইসির বিদায়ি সচিব মো. হুমায়ুন কবীর খোন্দকারের কাছে এ তদন্ত প্রতিবেদন জমা দেওয়া হয়। এসব অনিয়মের ঘটনায় দায়ীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে তদন্ত কমিটি।

এ বিষয়ে জানতে চাইলে ইসির অতিরিক্ত সচিব ও তদন্ত কমিটির প্রধান অশোক কুমার দেবনাথ বলেন, নির্ধারিত সময়ে তদন্ত কমিটির প্রতিবেদন জমা দিয়েছি। প্রতিবেদনের বিষয়ে জানতে চাইলে তিনি মন্তব্য করতে রাজি হননি। তদন্ত প্রতিবেদন প্রকাশ করা হবে কিনা-জানতে চাইলে তিনি বলেন, নির্বাচন কমিশন এ বিষয়ে সিদ্ধান্ত দেবেন।

গাইবান্ধা-৫ আসনে উপনির্বাচনে গত ১২ অক্টোবর ভোট হয়। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল ও তিনজন নির্বাচন কমিশনার সিসি ক্যামেরায় ওই নির্বাচনের অনিয়ম দেখতে পেয়ে প্রথমে ৫১টি কেন্দ্রের ভোটগ্রহণ স্থগিত করেন। দুপুর আড়াইটায় পুরো নির্বাচনই বন্ধ করে দেন।

এ ঘটনায় ইসির অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথের নেতৃত্বে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। গতকাল কমিটির প্রতিবেদন জমা দেওয়ার শেষ দিন ছিল। এদিন অফিস সময় শেষে রাতে কমিটি কঠোর গোপনীয়তার মধ্যে প্রতিবেদন জমা দেয়।

তদন্ত কমিটি সূত্রে জানা গেছে, সিসি ক্যামেরার ফুটেজ এবং নির্বাচনসংশ্লিষ্ট কর্মকর্তা, আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য ও স্থানীয়দের বক্তব্যের ভিত্তিতে প্রতিবেদন তৈরি করা হয়েছে। ৫০ পৃষ্ঠার বেশি এ প্রতিবেদনের সঙ্গে সংযুক্তি রয়েছে কয়েকশ পৃষ্ঠা।

এ নির্বাচনে ১৪৫টি কেন্দ্র থাকলেও শুধু ৫১টি কেন্দ্রের অনিয়মের তদন্ত করা হয়েছে। ফলে বাকি সব কেন্দ্রে অনিয়ম হয়েছিল কিনা-সে বিষয়ে অস্পষ্টতা রয়েই গেছে। যদিও আওয়ামী লীগের পক্ষ থেকে ওইসব কেন্দ্রে অনিয়ম হয়নি বলে দাবি করে আসছে।

তদন্ত কমিটির প্রতিবেদনে ভোটকেন্দ্রের নাম উল্লেখ করে বলা হয়েছে-এসব কেন্দ্রের প্রিসাইডিং কর্মকর্তা বাদে অন্যদের বক্তব্যে প্রমাণ হয় ভোটকক্ষে অরাজক পরিস্থিতি ছিল। এতে নৌকা প্রতীকের পোলিং এজেন্টদের নামের তালিকা উল্লেখ করা হয়েছে।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেডনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসার নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং ২ বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্যারাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405

OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

রুমী ডেন্টাল ল্যাব



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-672-0209, 718-414-4760

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Portchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।	বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে *প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*	ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইউএসসিআইএস কোভিড-১৯ সম্পর্কিত শিথিলতার মেয়াদ বৃদ্ধি করেছে-

ইউএস সিটিজেনশীপ ও ইমিগ্রেশন সার্ভিস ইমিগ্রেশন আবেদনকারীদের সহযোগিতা দানের জন্য কোভিড-১৯ সংশ্লিষ্ট শিথিলতার সময়সীমা বাড়িয়েছে। এর অধীনে ইউএসসিআইএস নির্ধারিত তারিখে পরও ৬০ দিনের মধ্যে যে কোন আবেদন গ্রহণ করবে। যারা ২০২০ এর ১ মার্চ থেকে ২০২৩ এর ২৪ জানুয়ারীর মধ্যে আবেদন করবেন তাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হবে। নিম্নের উল্লেখিত ক্ষেত্রগুলোতে এই নতুন নিয়ম কার্যকর হবে।

প্রমাণ দাখিলের অনুরোধ;
অনুরোধ প্রমাণের ধারাবাহিকতা (এল-১৪);
আবেদনর অগ্রাহ্য করার নোটিশ;
আবেদন বাতিল করার নোটিশ;
আঞ্চলিক সেন্টার বাতিলের নোটিশৎ
সাময়িক সংরক্ষিত স্ট্যাটাস প্রত্যাহার করার নোটিশ:
এন-৪০০ পুনরায় চালু করার মোশন।

এছাড়াও ইউএসসিআইএস আই-২৯০ বি ফরম, আপিল বা মোশনের নোটিশ অথবা এন-৩৩৬ ফরম, ন্যাচারালাইজেশন প্রসিডিং এর বিষয়ে সিদ্ধান্ত নিয়ে শুনানী (আইএনএ'র সেকশন ৩৩৬) বিষয়েও বিবেচনা করবে। যদিঃ ইউএসসিআইএস কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের ৯০ ক্যালেন্ডার দিবসের মধ্যে ফরম জমা দেয়া হয় এবং এই সিদ্ধান্ত যদি ২০২১ এর ১ নভেম্বর এবং ২০২৩ এর ২৪ জানুয়ারীর মধ্যে গ্রহণ করা হয়। আপডেট জানার জন্য ইউএসসিসআইএস.গভ/করোনা ভাইরাস ফর ইউএসসিআইএস ভিজিট করতে হগবে।

যদি সম্ভব হয় তবে প্রাপ্য পত্রের নির্দিষ্ট তারিখ অনুসরণ করুন। নির্দিষ্ট তারিখে মধ্যে যদি জবাব দেয়া সম্ভব না হয় তবে ইউএসসিসআইএস এর সঙ্গে যোগাযোগ করতে পারেন, নইলে একজন ইমিগ্রেশন এটর্নীর সঙ্গে পরামর্শ। আপনার আবেদন কোভিড-১৯ বিধির মধ্যে পড়ে কিনা। এছাড়াও ভালো হয়, আপনি যদি সময় বৃদ্ধির জন্য ইউএসসিসআইএস এ লিখিত আবেদন করে জানান।

ফিয়াঁসে ভিসা কিংবা বিয়ের ভিত্তিতে গ্রিনকার্ডঃ

আপনি যদি ইউএস সিটিজেন হন এবং বিদেশি কোন নাগরিককে বিয়ে করার পরিকল্পনা করেন কিংবা ভবিষ্যত স্বামী/স্ত্রী হবে এমন কাউকে এদেশে আনতে চান সেক্ষেত্রে আপনার জন্য প্রাথমিকভাবে বিকল্প রয়েছেঃ

ভবিষ্যত স্বামী/স্ত্রী ইউএসএ ফিয়াঁসে ভিসায় (কে-ওয়ান ভিসা) আসতে পারেন- তার অর্থ ইউএসএ এসে আপনাদের বিয়ে হবে। অথবা

প্রথমে ইউএসএর বাইরে বিয়ে করে তারপর বিদেশি স্বামী/স্ত্রীকে আই-১৩০ ফরমে গ্রিনকার্ডের জন্য আবেদন করা।

এই বিকল্প দুটিতে সুবিধা এবং অসুবিধা উভয়ই আছে। যা পরে আলোচনা করা যাবে।

কে-ওয়ান ভিসা কী?

আগেই উল্লেখ করা হয়েছে যে, বিয়ে করার উদ্দেশ্য নিয়ে কেউ যদি কোন বিদেশি ফিয়াঁসেকে ইউএস নিয়ে আসতে চান তবে তার জন্য কে-ওয়ান ভিসার আবেদন করতে হবে। বৈধ কে-ওয়ান বিষায় আপনার বিদেশি ফিয়াঁসে ইউএসএ আসেত এবং আপনার সঙ্গে বসবাস করতে পারবেন। এই ভিসার মেয়াদ থাকে ৯০ দিন এবং এই ৯০ দিনের মধ্যেই বিয়ে করতে হবে।



সরকারীভাবে কে-ওয়ান ভিসা হচ্ছে নন-ইমিগ্র্যান্ট ভিসা, অর্থাৎ সাময়িক এবং শটং-টাইম ভিসা। কে-ওয়ান ভিসাধারীরা ইউসেএতে ৯০ দিনের বেশি অবস্থান করতে পারবে না। ইমিগ্রেশন আইন অনুযায়ী যদি কোন বিদেশি ফিয়াঁসে ৯০ দিনের মধ্যে আমেরিকান সিটিজেন বিয়ে করতে ব্যর্থ হন, তবে তাকে ফিয়াঁসেকে বৈধভাবে এদেশ ত্যাগ করতে হবে।

কে-ওয়ান ভিসার শর্তঃ

স্পন্সরকে অবশ্যই ইউএস সিটিজেন হতে হবে। গ্রিনকার্ডধারীরা (পার্মানেন্ট রেসিডেন্ট)কে ওয়ান ভিসায় কোন ফিয়াঁসেকে স্পন্সর করতে পারবে না।

উভয়কেই বিবাহযোগ্য হতে হবে। বর্তমানে তাদের অবিবাহিত হতে হবে এবং আগে বিয়ে হয়ে থাকলেও এই বিয়ের আগেই তাদের বৈধ ডিভোর্স সার্টিফিকেট থাকতে হবে এবং দেখাতে হবে। কিংবা মরে গেলে সেই মৃত্যুর সার্টিফিকেট থাকতে হবে।

সম লিঙ্গের পার্টনাররাও কে-ওয়ান ভিসা লাভের যোগ্য। এমনকি তাদের নিজ দেশে সমলিঙ্গের বিয়ে নিষিদ্ধ থাকলেও।

ছবি, ফ্লাইট সূচি বা হোটেল রিজার্ভেশনের প্রমাণসহ তাদের সম্পর্কের প্রমাণ দেখাতে হবে। বন্ধু ও সহকর্মীদের চিঠি, ই-মেইল দিয়েও সম্পর্ক প্রমাণ করা যাবে।

ভিসা ফরম দাখিল করার পূর্বে তারা ২ বছর সময়ের মধ্যে কম্পক্ষে একবার মিলিত হয়েছেন এমন প্রমাণ দেখাতে হবে (চরম দুঃখময় কিংবা সামজি, সাংস্কৃতিকজ ধর্মীয় বিধি নিষেধ ব্যাতিক্রম)।

দুজনকেই লিখিত স্টেটমেন্ট দিতে হবে যে ফিয়াঁসে ইউএসএ প্রবেশের পর ৯০ দিনের মধ্যেই দুইজন বিয়েতে সম্মত আছেন। বিয়ের আমন্ত্রণ পত্র, হল বুকিং এর রশিদ প্রমাণ হিসেবে দিলে ভালো হয়।

ইউএস সিটিজেন ফিয়াঁসেকে আয়ের প্রমাণ দেখাতে হবে। এককভাবে সমর্থ না হলে যৌথভাবে স্পন্সর সার্টিফিকেট দাখিল করতে হবে।

কীভাবে কে-ওয়ান ভিসার আবেদন করতে হবে?

প্রথম পদক্ষেপ হিসেবে যোগ্য ইউএস সিটিজেনের ফিয়াঁসকে ইউএসসিআইএস- ও আই -১২৯ এফ ফরম ফাইল করতে হবে। আবেদনের সঙ্গে নিম্নের সহায়ক প্রমানাদি পূর্ণাঙ্গ আবেদন ফরমের সঙ্গে দিতে হবে।

ইউএস সিটিজেনের (ফিয়াঁসের) সিটিজেনশীপের প্রমাণ (পাসপোর্ট), ন্যাচারালাইজেশনের সার্টিফিকেট, জন্ম সনদ) দিতে হবে।

স্পন্সরকারী/ ফিয়াঁসের) পাসপোর্ট।

সম্পর্কের প্রমাণ (ফটো, পত্র যোগাযোগ, বন্ধু-বান্ধব, সহকর্মীদের শপথনামা)।

ভিসা আবেদনের পূর্বে ২ বছরের মধ্যে অন্ততঃ একবার মেলামেশার প্রমাণ।

উভয়ের সম্পর্কের শপথ নামা, সম্পর্কের সংরক্ষিত বিবরণ এবং ইউসেএ ফিয়াঁসের আগমনের ৯০ দিনের মধ্যে বিয়ে করার ইচ্ছা প্রকাশের প্রমাণ।

ইউএস সিটিজেন ফিয়াঁসের এবং বিদেশি ফিয়াঁসের পাসপোর্ট স্টাইলের ফটো।

সাক্ষাতকার প্রক্রিয়াঃ

ইউএসসিআইএস কর্তৃক-কেওয়ান ভিসা অনুমোদনের পর আপনার ফাইল ইউসে স্টেট ডিপার্টমেন্ট/ইউসে এর বাইরে বসবাসকরা বিদেশি ফিয়াঁসেকে অবশ্যই ডিএস২৬০ ফরম পূরণ করতে হবে। যে ফিয়াঁসেকে স্পন্সর করা হয় তার নিকটবর্তী কোন ইউসে এ্যামবেসি বা কনস্যুলেটে সাক্ষাতকার গ্রহণ করা হয়।

সাক্ষাতকার গ্রহণকারী অফিসার সাক্ষাতের ফলাফল সাক্ষাত গ্রহণের দিনই অথবা পরপরই জানিয়ে দেবেন। তবে যদি আরো কিছু প্রমাণের দরকার হয় তবে তিনি সাক্ষাতদাতাকে ইউএস কনস্যুলেটে সরাসরি জমা দেয়ার অনুরোধ জানাবেন।

পরবর্তী সংখ্যায় এ বিষয়ে আরো কিছু উল্লেখ করার আমাবাদ ব্যক্ত করছি। আশা করি আপনারা এ বিষয়ে আরো কিছু জেনে উপকৃত হবেন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

শিক্ষকদের মূল্যায়নে শিক্ষার্থীর ভূমিকা

ড. মো. শফিকুল ইসলাম

শিক্ষক, শিক্ষা এবং শিক্ষকদের পেশাগত উন্নয়ন খুবই গুরুত্বপূর্ণ। শিক্ষার্থী কর্তৃক শিক্ষকদের মূল্যায়ন ক্রমবর্ধমানভাবে যা পেশার উন্নয়ন এবং বৃদ্ধির জন্য একটি মূল্যবান হাতিয়ার হিসেবে স্বীকৃত হচ্ছে। যা শুধু সার্টিফিকেশন এবং যোগ্যতার একটি মাধ্যম হিসেবে নয়, বরং শেখার একটি হাতিয়ার হিসেবেও গ্রহণযোগ্যতা পাচ্ছে।

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী কর্তৃক শিক্ষক মূল্যায়ন চালু করতে যাচ্ছে, যা তাদের একাডেমিক পরিষদের সভায় পাস হয়েছে।

যেখানে শিক্ষার্থীরা শিক্ষকদের বিভিন্ন বিষয়ে মূল্যায়ন করতে পারবে। যেমন–শিক্ষকরা ঠিকমতো ক্লাস নেন কি না, যথারীতি কোর্স শেষ করেন কি না, সম্পূর্ণ জ্ঞানভিত্তিক লেকচার দেন কি না, শিক্ষক কেমন পড়ান, তাঁর কোর্সের বিষয়বস্তু কেমন ইত্যাদি। যদিও আমি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করার সময় আইবিএতে আমার শিক্ষকদের মূল্যায়ন করতে পেরেছি প্রতি সেমিস্টারে। পরবর্তী সময়ে মূল্যায়নের সংক্ষিপ্ত প্রতিবেদন সংশ্লিষ্ট শিক্ষকের কাছে পাঠানো হতো, যা তাঁর শিক্ষাদানের পদ্ধতিতে উন্নতি করতে পারতেন। কিন্তু আমাদের দেশে সব বিশ্ববিদ্যালয়ে বা শিক্ষাপ্রতিষ্ঠানে প্রক্রিয়াটি চালু করা যায়নি।

সব বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের দিয়ে শিক্ষক মূল্যায়ন করা গেলে সেটি হবে সরকারের যুগান্তকারী পদক্ষেপ। বর্তমানে এই বিষয়ে কোনো সুনির্দিষ্ট নীতিমালা নেই। এটা সব শিক্ষাপ্রতিষ্ঠানে চালু করা জরুরি। অনেক আগে থেকেই প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে চালু রয়েছে। শুধু চালু থাকলেই চলবে না, এর সঠিক প্রয়োগও থাকতে হবে, যেখানে শিক্ষকরা আবার হয়রানির শিকার না হন। কারণ অভিযোগ রয়েছে, শিক্ষকরা শিক্ষার্থী কর্তৃক অপরাজনীতি ঝামেলায় পড়তে পারেন। আবার অভিযোগ আছে, যে শিক্ষক বেশি মার্ক দেন এবং কম পড়ান তাঁর মূল্যায়নে বেশি ইতিবাচক প্রতিবেদন আসে। কাজেই প্রশাসনকে সঠিক এবং স্পষ্ট নীতিমালা প্রণয়ন করতে হবে, যাতে শিক্ষকরা শিক্ষার্থী কর্তৃক মূল্যায়নের ব্যবস্থা হয়। তবে এটাও নীতিমালায় উল্লেখ থাকতে হবে যে কোনো শিক্ষার্থী ইচ্ছাকৃতভাবে কোনো শিক্ষককে যেন হয়রানি করতে না পারে। যেমন–এ রকম অন্যায় করলে শিক্ষার্থীকে শাস্তির আওতায় আনতে হবে।

এই মূল্যায়ন পদ্ধতি যুক্তরাষ্ট্র, চীনসহ অনেক দেশের শিক্ষাপ্রতিষ্ঠানে চালু রয়েছে। ওই সব দেশের শিক্ষাব্যবস্থা সফলতাও পেয়েছে। এটা আমাদের দেশে চালু করতে পারলে দেশের শিক্ষার সার্বিক উন্নয়ন হবে, যা মূলত দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখতে পারবে। আমরা শিক্ষার উন্নয়নে অন্যান্য দেশের মতো কার্যকর পদক্ষেপ নিতে পারছি কি? শিক্ষানীতি প্রণয়ন করা হয়, কিন্তু বাস্তবে শতভাগ কার্যকর হয় না। শিক্ষার উন্নয়ন ছাড়া কোনো উন্নয়ন টেকসই হবে না। তাই শিক্ষাকে গুরুত্ব দিতে হবে। মানসম্মত গবেষণার জন্য বরাদ্দ বৃদ্ধি করতে হবে।

আমি কোনো এক ক্লাসে শিক্ষক মূল্যায়নের বিষয়ে কথা বলেছিলাম। দেখলাম শিক্ষার্থীরা খুবই উৎসাহী। বুঝতে পারলাম যে তারা কোনো এক শিক্ষকের ওপর বিরক্ত, আবার অনেক শিক্ষকের ক্লাসে খুবই আগ্রহী। আমি কারো নাম জিজ্ঞেস করিনি। শিক্ষার্থী কর্তৃক শিক্ষক মূল্যায়ন যথার্থ এবং প্রাসঙ্গিক। এতে শিক্ষার মান বাড়বে বলে বিশ্বাস করি। অর্থাৎ শিক্ষকরা তাঁদের নিজেদের দুর্বলতা ও সীমাবদ্ধতা জানতে পারবেন। সেই অনুযায়ী তাঁরা তাঁদের শিখনপদ্ধতি সম্পর্কে উন্নতি করতে পারবেন। ফলে বিশ্ববিদ্যালয়ে এক আত্মসমালোচনা ও মুক্তচিন্তার চর্চা বাড়বে, যা বিশ্ববিদ্যালয়ের দর্পণ হিসেবে কাজ করবে।

শিক্ষক নিয়োগে স্বজনপ্রীতি এবং লবিং বন্ধ না হলে আমরা যত মূল্যায়ন পদ্ধতি চালু করি না কেন, তা কাজে আসবে না। এসব বন্ধ করতে পারলে মূল্যায়ন পদ্ধতি কাজে আসবে দ্রুতগতিতে। ভালো শিক্ষার্থীকে শিক্ষক হিসেবে নিয়োগের জন্য সুপারিশ করতে হবে। শিক্ষক নিয়োগে সব ধরনের অন্যায়ের জন্য আমাদের সবাইকে উচ্চকিত হতে হবে।

শিক্ষাপদ্ধতিতে অনেক বিষয়, যেমন–টিচিং, লার্নিং, মূল্যায়ন, চাকরি এবং শিক্ষানীতি–এসবের সম্পর্ক অনেক গভীর। একটি অন্যটি ছাড়া সফল না। কিন্তু আমাদের দেশে সব হয়। তবে মূল্যায়নে শুধু শিক্ষার্থীকে মূল্যায়ন করি, শিক্ষকদের মূল্যায়ন করা হয় না। শিক্ষকদের মূল্যায়ন করা হলে তাঁর টিচিং পদ্ধতি বর্তমান সময়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কি না সেটা বুঝতে পারা যাবে। কারণ শিক্ষাপদ্ধতি চিরাচরিত মডেল দিয়ে চলবে না। কারণ গোবাল মার্কেটে টিকে থাকতে হলে নতুন নতুন আধুনিক পদ্ধতি দিয়ে শিক্ষণ দিতে হবে শিক্ষার্থীদের, যাতে শিখন ভালো হবে। শিক্ষণ ও শিখনের সেতুবন্ধ হয় সঠিক মূল্যায়নের মাধ্যমে। এই সঠিক মূল্যায়ন তখনই যথার্থ হবে যখন শিক্ষক ও শিক্ষার্থী উভয়ই মূল্যায়নের আওতায় আসে। এই মূল্যায়নের মাধ্যমে অর্জিত হবে জাতির কাঙ্ক্ষিত স্বপ্ন। কারণ মূল্যায়ন সঠিক হলে শিক্ষিত বেকারের সংখ্যা কমে আসবে।

শিক্ষাদানে গঠনমূলক মূল্যায়ন কর্মক্ষমতা প্রমাণ সংকলন, সংগৃহীত তথ্যের মূল্যায়ন এবং পরবর্তীকালে এমনভাবে প্রতিক্রিয়া প্রদানের একটি প্রক্রিয়া হিসেবে বর্ণনা করা হয়, যাতে শিক্ষার অনুশীলনগুলো উন্নত করা যায়। শিক্ষকের মূল্যায়ন শিক্ষার্থীদের সফলতার বর্তমান স্তর নির্ধারণ করতে এবং সেই অনুযায়ী ছাত্রের জন্য উপযুক্ত শিক্ষণ কৌশল এবং লক্ষ্য নির্ধারণ করতে ব্যবহৃত হয়। শিক্ষকদের প্রায়ই তাঁদের ছাত্রদের মূল্যায়ন করার বিষয়ে মিশ্র অনুভূতি থাকে। সর্বোপরি এটি অনিবার্য যে কিছু শিক্ষার্থী আরো ব্যক্তিগত স্তরে মূল্যায়ন ব্যবহার করতে পারে। যাই হোক, বেশির ভাগ শিক্ষার্থীর প্রতিক্রিয়া প্রকৃতপক্ষে সহায়ক হতে পারে, শিক্ষকদের আত্মসচেতনতা এবং অন্তর্দৃষ্টির সুযোগ দেয়, যা তাঁদের চাকরিতে আরো ভালো হতে সাহায্য করতে পারে। ফিডব্যাক শিক্ষকদের শিক্ষাপ্রক্রিয়াকে আরো আনন্দদায়ক এবং কার্যকর করার জন্য সুনির্দিষ্ট পরামর্শ দেয়। যে শিক্ষকরা তাঁদের ছাত্রদের প্রতি আরো প্রতিক্রিয়াশীল তাঁরা একটি মানসম্পন্ন শিক্ষাগত অভিজ্ঞতা প্রদানের একটি ভালো সুযোগ তৈরি করেন।

লেখক : সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ









প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MEPPS
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
NEW ADDRESS
72-08 Broadway
Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804

BUSINESS HOURS
Saturday 11:30 PM - 8PM
Sunday 11:30 PM - 8PM
Monday 11:30 PM - 8PM
Tuesday 11:30 PM - 8PM
Wednesday 11:30 PM - 8PM
Thursday 11:30 PM - 8PM
Friday CLOSED

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21

Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

বৈশ্বিক মহামন্দা নিয়ে অপরাজনীতি পরিত্যাজ্য

ড. ইফতেখার উদ্দিন চৌধুরী

দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে ব্যর্থতার দায় স্বীকার করে অতিসম্প্রতি মাত্র ৪৫ দিন দায়িত্ব পালন শেষে ইংল্যান্ডের প্রধানমন্ত্রী পদত্যাগ করেছেন। উন্নত বিশ্বে ফ্রান্স, জার্মানি, আমেরিকা, কানাডা, অস্ট্রেলিয়াসহ প্রায় দেশগুলো দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে নির্ধারণ করতে যারপরনাই কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পুরো বিশ্বকে এমন এক বিপর্যস্ত অবস্থায় নিপতিত করেছে, যা দ্বিতীয় বিশ্বযুদ্ধ-পরবর্তী অরাজক পরিস্থিতি পর্যালোচনায় বিরল দৃষ্টান্ত হিসাবে বিবেচ্য। বিশ্বব্যাপী প্রাকৃতিক গ্যাস-জ্বালানি তেল-নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রীর উৎপাদন-সরবরাহ চরম প্রতিবন্ধকতার সম্মুখীন। বিভিন্ন বিকল্প পন্থায় নাগরিক সুবিধা সীমিতকরণে উল্লেখ্য দেশগুলো সংকট উত্তরণের চেষ্টা অব্যাহত রেখেছে।

উন্নয়নশীল-অনুন্নত বিশ্বে এর প্রভাব এত বেশি প্রবলাকার ধারণ করতে যাচ্ছে; সে সম্পর্কে আগাম কোনো মন্তব্য করা কারও পক্ষে সম্ভব নয়। জনঅধ্যুষিত আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশও এর ব্যতিক্রম অবস্থানে নেই। নিকট অতীতে বিদ্যুৎ বিপর্যয়-ক্রমবর্ধমান রিজার্ভের নিম্নমুখিতা-পর্যাপ্ত খাদ্যশস্যের মজুত সম্পর্কিত রাজনৈতিক নেতৃত্ব বা সংশ্লিষ্ট মহলের নানামুখী বিভ্রান্ত বক্তব্য আপামর জনগণকে নিদারুণ হতাশাগ্রস্ত করে চলছে। সরকার আন্তরিকভাবে জ্বালানি সাশ্রয় থেকে শুরু করে প্রায় প্রতিটি সেবাখাতে বিপুল পরিমাণ ভর্তুকি দিয়েও শুধু কতিপয় মানবরূপী হিংস্র দানবদের কদর্য সিন্ডিকেট কারসাজিতে জনগণ স্বস্তির নিশ্বাস ফেলতে অপারগ। দুই-এক দিন আগেই গণমাধ্যম সূত্রে প্রকাশিত-কথিত শিল্প দস্যুদের মুনাফা তীব্রতায় চিনির মূল্য ও মিল থেকে সরবরাহ বাজারে চরম অস্থিরতা তৈরি করেছে।

ষোল হাজার লিটার ভোজ্যতেলের অবৈধ মজুতের বিষয়টি ইতোমধ্যে প্রকাশ পেয়েছে। এরকম বহু ঘটনা প্রতিদিনকার সংবাদপত্রে পরিবেশিত হলেও কার্যকর কোনো ব্যবস্থা গ্রহণ পরিলক্ষিত হচ্ছে না। জনশ্রুতিমতে, পক্ষান্তরে বিভিন্ন দল-উপদলের কতিপয় রাজনীতিক ও কথিত উপদেষ্টা-মন্ত্রী-দায়িত্বশীল ব্যক্তির অবাঞ্ছিত অতিকথন আশার পরিবর্তে জনমনে নিরাশার চাষাবাদে উর্বরতা বাড়ছে। সামগ্রিক বৈশ্বিক অবস্থা বিবেচনায় জনগণের দুর্ভোগ লাঘবে ন্যূনতম সম্মিলিত উদ্যোগ গ্রহণের বিপরীতে সমস্যাগুলো দেশীয় উৎপাদিত দ্রব্য ও সরবরাহ সংকটের মতোই গুজবের জাল বিস্তার করছে।

সময়ের দাবি অনুযায়ী, পুরো বিশ্বব্যবস্থাকে আমলে নিয়ে যার যার অবস্থান থেকে ভূমিকা পালন অনিবার্য হয়ে পড়লেও শুধু রাজনৈতিক বৈরিতার কারণে দোষারোপ অপসংস্কৃতির অসহনীয় উত্তাপ ছড়ান হচ্ছে। জনগণের কল্যাণে সবকিছু রাজনীতির মোড়কে বন্দি করা মোটেও সমীচীন নয়। সমঝোতা-সহিষ্ণুতাকে অবজ্ঞা করে সহিংসতা-বিরোধ-বিচ্ছেদের রাজনীতি পরিহার সময়ের দাবি। এমনিতেই বিশ্বজুড়ে রাজনীতির প্রতি গণমানুষের অনাস্থার বহিঃপ্রকাশ নানা মাত্রিকতায় যন্ত্রণাদগ্ধ। সাহস-সততার সঙ্গে সত্যকে ধারণ করে সংঘটিত প্রকৃত দৃশ্যপট অনুধাবনে নিয়ে প্রত্যেকের দায়িত্বশীল ভূমিকাই প্রত্যাশিত। কোনো অপকৌশল অবলম্বন করে দেশ ধ্বংসের যে কোনো ধরনের রাজনৈতিক অপকর্ম দেশবাসী মেনে নেবে না। সময়ের আবর্তনে সবাকেই উপলব্ধি করতে হবে জনগণ অধিকমাত্রায় সচেতন এবং তাদের মিথ্যা প্রলোভন-প্রতিশ্রুতি দিনশেষে অসার শূন্যতায় প্রতীয়মান হবে। সময়ক্ষেপণ না করে সব দল-মতের উর্ধ্বে উঠে ব্যক্তিস্বার্থ পরিপূর্ণ ত্যাগে মানবিক প্রচেতার সমন্বয়ে সম্ভাব্য মহামন্দা-দুর্ভিক্ষ মোকাবিলায় পর্যাপ্ত প্রস্তুতি গ্রহণের সক্ষমতা অর্জনই হতে হবে রাজনীতি-দল-সরকারের কাঙ্ক্ষিক্ষত উদ্দেশ্য।

দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য
আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি
REQUEST A FREE CONSULTATION
HOW TO REACH US
718-760-5500
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.


গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

ইসলামিক ফাউন্ডেশন অফ নিউ জার্সি-জালালাবাদ জাম-ই মসজিদ প্যাটারসন, নিউ জার্সি

জরুরি ভিত্তিতে ইমাম নিয়োগ

IMAM WANTED

ইসলামিক ফাউন্ডেশন অফ নিউ জার্সি-জালালাবাদ জাম-ই মসজিদ প্যাটারসন, নিউ জার্সিতে জরুরিভিত্তিতে একজন পূর্ণকালীন ইমাম আবশ্যক।

প্রয়োজনীয় যোগ্যতা:

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

- কওমি মাদ্রাসা থেকে সর্বোচ্চ ডিগ্রি- সার্টিফিকেশন প্রয়োজন
- পবিত্র কুরআনের হাফিজ (অগ্রাধিকার)
- কুরআন, হাদিস এবং ইসলামী ফিকহের উপর ব্যাপক জ্ঞান
- চমৎকার যোগাযোগ এবং সর্ব স্তরের মানুষের সাথে যোগাযোগে পারদর্শী
- যুবক সহ সকল সম্প্রদায়ের মানুষের সাথে সাবলীল ও দক্ষভাবে যোগাযোগ করার ক্ষমতা
- ইমাম হিসাবে নুন্যতম ৩ বছরের অভিজ্ঞতা-সার্টিফিকেশন এবং রেফারেন্স প্রয়োজন
- ইংরেজি, বাংলা এবং আরবি ভাষায় সাবলীল/পারদর্শী।

রেসিডেন্সি:

- যুক্তরাষ্ট্রের নাগরিক অথবা যুক্তরাষ্ট্রের স্থায়ী বৈধ বাসিন্দা

কাজের ধরন এবং বেতন ও সযোগ সুবিধা:

- ফুল-টাইম (স্থায়ী)
- যোগ্যতা, অভিজ্ঞতা এবং দক্ষতার সাথে সামঞ্জস্যপূর্ণ প্রতিযোগিতামূলক বেতন এবং বাসস্থানের সুব্যবস্থা আছে।

অপরিহার্য দায়িত্ব:

- প্রতিদিনের প্রতি ওয়াক্তের নামাজ, জুমা, জানাযা এবং ঈদের নামাজের ইমামতি করতে হবে।
- বাচ্চাদের জন্য উইকেন্ড ক্লাস পরিচালনা করা
- বাচ্চাদের জন্য সামার/গ্রীষ্মকালীন প্রোগ্রামের পরিচালনা করা
- প্রাপ্তবয়স্কদের জন সাপ্তাহিক তাফসীর প্রোগ্রাম পরিচালনা করতে হবে
- ফিউন্যারেল সার্ভিস এবং কাউন্সেলিং পরিষেবা প্রদান

কমিউটিনেক ধর্মীয় উপদেশ প্রদান করতে হবে।

আগ্রহী প্রার্থীরা জীবনবৃত্তান্ত পাঠিয়ে আবেদন করতে পারেন:
ifnj2022@gmail.com

অতিরিক্ত তথ্যের জন্য: সেলিম খালিক @ (973) 332-7721
বা সালেহ গনি @ (201) 704-8142

বাফেলোতে দুর্ঘটনায় চার

(শেষের পাতার পর)

এবং আহজানা হার্পার। এদের সবার বয়স ২০ বছরের নীচে। জানা গেছে, ২৪ অক্টোবর গত সোমবার সকালে জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম টিকটকের চ্যালেঞ্জ গ্রহন করতে গিয়ে একটি কিয়া গাড়ী চুরি করে নিয়ে যাচ্ছিলেন তারা। গাড়ীটি নিয়ে যাওয়ার সময় বিধ্বস্ত হয়। এতে চারজন নিহত হন। বেঁচে যাওয়া ১৬ বছর বয়সী গাড়ী চালককে আশংকাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। সম্প্রতি টিকটক চ্যালেঞ্জে একটি ইউএসবি কর্ড এবং স্ক্রু ড্রাইভার দিয়ে গাড়ী খোলার জন্য অনেকেই উৎসহাতি হচ্ছে। সেই চ্যালেঞ্জ গ্রহন করে এই তরুন-তরুনীরা গাড়ীটি পালিয়ে যাওয়ার চেস্টা করে। সম্প্রতি এই চ্যালেঞ্জ গ্রহন করতে অনেকেই কিয়া এবং হুন্দাই গাড়ী চুরি করছে বলে জানায় পুলিশ।

এস্টোরিয়ায় গাড়ীর গ্লাস ভেঙ্গে বাংলাদেশীর মূল্যবান

(শেষের পাতার পর)

পেয়েছে বলে জানিয়েছেন অনেকেই। এস্টোরিয়ায় ঘটেছে দিনেদুপুরে অভিনব চুরির ঘটনা।

জানা গেছে, এস্টোরিয়ায় গাড়ীর গ্লাস ভেঙ্গে এক বাংলাদেশী পরিবারের ডলার, স্বর্ণালংকার ও গুরুত্বপূর্ণ ডকুমেন্ট চুরি করে নিয়েছে দুর্বৃত্তরা। মিশিগান থেকে নিউইয়র্কে এসে পাসপোর্টে নো ভিসা রিকয়ারমেন্ট সিল লাগাতে এসে এসময় ঘটনার শিকার হয় পরিবারটি।

গত মঙ্গলবার (২৫ অক্টোবর) এস্টোরিয়ার ৩৬ এভিনিউতে এই ঘটনা ঘটে। ভূক্তভোগী পরিবারের এনামুল ইসলাম নামে একজন জনান, তাঁরা তাদের আমেরিকান পাসপোর্টে নো ভিসা রিকয়ারমেন্ট সিল লাগাতে এস্টোরিয়ায় অবস্থিত বাংলাদেশ কনস্যুলেট অফিসে যান। কনস্যুলেটে পাসপোর্ট জমা দিয়ে জ্যাকসন হাইটস থেকে তার স্ত্রীর জন্য কিছু স্বর্ণের অলংকার কেনাকাট করেন। পরবর্তীতে তারা গাড়ীতে প্রয়োজনীয় জি-নিসপত্রসহ একটি ব্যাগ রেখে এস্টোরিয়ার ৩৬ এভিনিউতে একটি রেষ্টুরেন্টে খেতে আসেন। তাদের গাড়ীটি ৩৬ এভিনিউতে পার্ক করে রেষ্টুরেন্টে খেতে বসেন। এরই ফাঁকে তাদের গাড়ীর গ্লাস ভেঙ্গে ব্যাগটি নিয়ে পালিয়ে যায় দুর্বত্তরা। সংশ্লিষ্টরা জানান, তাদের ব্যাগে নগদ তিন হাজার ডলার, স্বর্ণালংকার, ৫টি পুরাতন পাসপোর্ট, বার্থ সার্টিফিকেট, সিটিজেন সার্টিফিকেট, ম্যারিজ সার্টিফিকেট এবং তাদের সোশ্যাল সিকিউনিটির ডকুমেন্টস ছিলো।

নিউইয়র্ক সিটির পুলিশ কর্মকর্তাদের চাকরি ছাড়ার হিড়িক

এদিকে গণহারে চাকুরী ছাড়ছেন নিউইয়র্ক সিটির পুলিশ কর্মকর্তারা। সিটি থেকে গড়ে প্রতিমাসে ৩৩৯ পুলিশ কর্মকর্তা চাকরি ছেড়ে দিচ্ছেন। গুরুত্বপূর্ণ এ সিটি থেকে স্বেচ্ছায় পুলিশ কর্মকর্তাদের পদত্যাগের ঘটনা অতীতের রেকর্ড ছাড়িয়ে যাচ্ছে। ২০২২ সালে শুধু এক বছরেই এ সংখ্যা চার হাজার ছাড়িয়ে যাবে বলে মনে করা হচ্ছে। স্বেচ্ছায় চাকরি ছাড়া এসব পুলিশ কর্মকর্তার অধিকাংশেরই চাকরির মেয়াদ ২০ বছর পূর্ণ হয়ে গেছে। অনেকে আবার মেয়াদের আগেই চাকুরী ছেড়ে দিচ্ছেন। এরমধ্যে যারা মেয়াদের আগেই চাকরি ছাড়ছেন, তাঁরা বেশি বেতনের কাজ পেয়ে নিজেদের অন্য বিভাগে বা অন্য সিটিতে স্থানান্তর করছেন। নিউইয়র্ক সিটির পুলিশ এসোসিয়েশনের প্রেসিডেন্ট প্যাট্রিক লিনচ বলেন, ২০০১ সালের সেপ্টেম্বর ঘটনার পর ২০০২ সালে নিউইয়র্ক সিটি থেকে ৩৮০০ পুলিশ কর্মকর্তা স্বেছা অবসরে গিয়েছিলেন। এ পর্যন্ত এটাই রেকর্ড। তিনি জানান, এই বছর শেষ হওয়ার আগে এ সংখ্যা চার হাজার ছাড়িয়ে যাবে বলে মনে করা হচ্ছে। নিউইয়র্কের আইনশৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পর্যাপ্ত পুলিশ নেই বলে অভিযোগ উঠেছে। অপরাধ নিয়ন্ত্রণের জন্য মেয়র এরিক অ্যাডামসের বিভিন্ন উদ্যোগ বাধাগ্রস্ত হচ্ছে। পর্যাপ্ত পুলিশের অভাবে আইনশৃংখলা পরিস্থিতির অবনতি হচ্ছে বলে মনে করছেন অনেকেই।

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করসপন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা ॥ শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- স্ল্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্ভাব্য
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি সম্পূর্ণ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন



দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিশ্বে এখন সবচেয়ে বিপজ্জনক সময়: পুতিন

ঢাকা ডেস্ক, ২৮ অক্টোবর : দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিশ্ব সবচেয়ে বিপজ্জনক দশক পার করছে বলে মন্তব্য করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

মস্কো-ভিত্তিক গবেষণা ও পরামর্শদাতা প্রতিষ্ঠান ভালদাই ডিসকাশন ক্লাবে বৃহস্পতিবার এক অনুষ্ঠানে পুতিন এ কথা বলেন।

তিনি বলেন, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে এখন সামনে আছে সম্ভবত সবচেয়ে বিপজ্জনক, অপ্রত্যাশিত এবং একইসঙ্গে গুরুত্বপূর্ণ একটি দশক।

পুতিন বলেন, গোটা বিশ্ব ব্যবস্থার টেকটনিক পরিবর্তনের ক্ষেত্রে ইউক্রেইন যুদ্ধ একটি অংশ মাত্র। বিশ্বের বিভিন্ন বিষয়ে পশ্চিমাদের একাধিপত্যের ঐতিহাসিক সময় শেষ হয়ে আসছে।

রাশিয়ার অবস্থানের পক্ষ সমর্থন করে তিনি বলেন, তার দেশকে ধ্বংস করে দেওয়ার পশ্চিমা চেষ্টার মুখে মস্কো তার অস্তিত্বের অধিকার রক্ষার চেষ্টা করে যাচ্ছে। তারা পশ্চিমা এলিটদের চ্যালেঞ্জ জানাচ্ছে না।

সম্প্রতি মস্কো দাবি করে, যুদ্ধক্ষেত্রে 'ডার্টি বোমা' ব্যবহার করতে পারে ইউক্রেন। ডার্টি বোমায় ইউরেনিয়ামের মতো তেজস্ক্রিয় উপাদান থাকে।

সাধারণ বোমার মতো দেখতে এই বোমার বিস্ফোরণ ঘটানো হলে তেজস্ক্রিয় উপাদান বাতাসে ছড়িয়ে আক্রান্তদের মারাত্মক স্বাস্থ্য ঝুঁকি তৈরি করে।

রাশিয়ার ওই দাবির নিন্দা জানিয়েছে পশ্চিমা সামরিক জোট ন্যাটো। ন্যাটোপ্রধান ইয়ানেস স্টলটেনবার্গ ইউক্রেনের ডার্টি বোমা ব্যবহারের সম্ভাবনা নিয়ে রাশিয়ার দাবি উড়িয়ে দেন। তিনি বলেন, উত্তেজনা বাড়াতে মস্কোর এ ধরনের দাবি করা কোনোমতেই উচিত হয়নি।

বৃহস্পতিবারের ভাষণের আগের দিন বুধবার রাশিয়ার কৌশলগত পারমাণবিক অস্ত্র ব্যবহারের দায়িত্বে থাকা বাহিনীর মহড়া পর্যবেক্ষণ করেন পুতিন।

শত্রুপক্ষ বড় আকারে পারমাণবিক হামলা চালালে রাশিয়া কীভাবে একই ধরনের জবাব দেবে, তা নিয়ে ওই মহড়া চালানো হয়।

এ সময় পুতিন বলেন, যতদিন পারমাণবিক অস্ত্র আছে, ততদিন সেগুলো ব্যবহার হওয়ার বিপদ থেকেই যায়।

১২ ইরানি কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দিল যুক্তরাষ্ট্র

ঢাকা ডেস্ক, ২৮ অক্টোবর : এক ডজনেরও বেশি ইরানি কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে যুক্তরাষ্ট্র। পুলিশের হেফাজতে ইরানের প্রতিবাদী নারী মাহসা আমিনির মৃত্যুর ঘটনায় দেশজুড়ে চলমান বিক্ষোভ দেশটির সরকার কঠোরভাবে দমন করায় এ নিষেধাজ্ঞা জারি করেছে যুক্তরাষ্ট্র।

বুধবার এসব কর্মকর্তাকে কালো তালিকাভুক্ত করা হয়েছে বলে যুক্তরাষ্ট্র জানিয়েছে। খবর এএফপির।



নরওয়েভিত্তিক মানবাধিকার দল হেনগো জানিয়েছে, আমিনির মৃত্যুর ৪০তম দিন পালনের সময় হাজার হাজার বিক্ষোভকারীর ওপর গুলি চালায় নিরাপত্তাকর্মীরা। এর পরই এ নিষেধাজ্ঞা জারি হয়েছে বলে জানা গেছে।

যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার তালিকায় রয়েছেন ইসলামিক রেভ্যুলেশনারি গার্ড কর্পসের গোয়েন্দাপ্রধান মোহাম্মদ কাজেমি, সিস্তান ও বেলুচিস্তান প্রদেশের গভর্নর হোসেন মোদারেস খিয়াবানি। এ দুই এলাকায় বিক্ষোভে বেশি সহিংসতার ঘটনা ঘটেছে।

এ ছাড়া কালো তালিকায় রয়েছেন ইসলামিক রেভ্যুলেশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) দুই কর্মকর্তা। তাদের একজন ইসফাহান শহরের পুলিশপ্রধান। এ ছাড়া জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের সাতজন কারাগার কর্মকর্তা রয়েছেন এ তালিকায়।

যুক্তরাষ্ট্রের অর্থ বিভাগ জানিয়েছে, জুনে আইআরজিসির গোয়েন্দা সংস্থার প্রধান হওয়ার পর থেকে কাজেমি ইরানের সাধারণ মানুষের বিক্ষোভ সহিংসভাবে দমন করেছেন। আইআরজিসি ও এর বাসিজ সদস্যরা বিক্ষোভকারীদের ওপর প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করেছেন।

যুক্তরাষ্ট্র বেলুচিস্তান প্রদেশের রাজধানী জাহেদান এলাকায় ৩০ সেপ্টেম্বর নিরাপত্তা বাহিনীর গুলিতে ৮০ জন নিহত হওয়ার ঘটনায় সিস্তান ও বেলুচিস্তানের গভর্নর খিয়াবানিকে দায়ী করেছে।

যুক্তরাষ্ট্রের অর্থ ও পররাষ্ট্র মন্ত্রণালয় ইরানের দুই গোয়েন্দা কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। এ দুই কর্মকর্তার বিরুদ্ধে হ্যাকারদের প্রশিক্ষণ, নিয়োগ ও ইরান সরকারের ওপর ইন্টারনেটের সেন্সরশিপ পরিচালনায় জড়িত থাকার অভিযোগ রয়েছে।

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন এক বিবৃতিতে জানান, ইরানের নীতি পুলিশের হেফাজতে ২২ বছরের মাহসা আমিনির মৃত্যুর ৪০ দিন পার হয়েছে। তারা আমিনির পরিবার ও ইরানের জনগণের জন্য শোক এবং তাদের সঙ্গে একাত্মতা জানান। যুক্তরাষ্ট্র ইরানের জনগণের পাশে থাকতে ও বিক্ষোভকারীদের ওপর দমন-পীড়নের জন্য দায়ী ব্যক্তিদের জবাবদিহির ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Realty Inc.

আমাদের সেবা সমূহ:
- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
- ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
- আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price বিশাল মূল্যহ্রাস



রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেওলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ
বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

শাইক কার্টকিস, স্নাপার, ব্লুফিস ব্রাস, সীব্রাস, স্কেট, হ্যাডক, ফ্লাউন্ডার, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

দেশী স্যালমন ফিলেস	$ 17.99
আমিন স্যালমন ফিলেস	$ 17.99
আমিন স্যালমনহেডলেস ফিলেস	$ 9.99
ফ্রোজেন স্যালমন ফিলেস	$ 18.99
স্যাকুরা স্যালমন ফিলেস	$ 13.99
সুলতানা স্যালমন ফিলেস	$ 12.99

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
Directions: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com





ব্যতিক্রমী আয়োজনে পিপল এন টেক এলামনাইদের পুনর্মিলনী অনুষ্ঠিত

(শেষের পাতার পর)

কুইন্স প্যালেসে আয়োজিত এই অনুষ্ঠানে সাফল্যের কথা জানালেন পিপল এন টেক এলামনাইরা। শেয়ার করলেন একে অপরের অভিজ্ঞতার কথা। তাদের অভিজ্ঞতার নানান কথা অবাক করে দেয় অনুষ্ঠানে উপস্থিত দর্শক-শ্রোতাদের। বিশেষ করে 'ল্যান্ড অব অপুরচনিটির দেশ' এই মার্কিন মল্লুকে যে কতো সুযোগ-সুবিধা রয়েছে তার কথা তুলে ধরে আশার আলো শুনালেন অনেকেই। প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা ইঞ্জিনিয়ার আবু হানিপ-কে অভিহিত করলেন 'স্বপবাজ আর স্বপ্ন পূরণের মানুষ' হিসেবে। বক্তারা বলেন পিপল এন টেক হচ্ছে আমেরিকায় ভাগ্য পরিবর্তনের সিঁড়ি। খবর ইউএনএ'র।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্কে বাংলাদেশের কনসাল জেনারেল ড. মনিরুল ইসলাম এবং বিশেষ অতিথি ছিলেন আরটিভি'র সিইও সৈয়দ আশিকুর রহমান। আর মধ্যমনি ছিলেন পিপলএনটেক'র প্রতিষ্ঠাতা-সিইও এবং ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির চ্যান্সেলর আবুবকর হানিপ। ছিলেন পিপলএনটেক'র প্রেসিডেন্ট ও বিশ্ববিদ্যালয়ের সিএফও ফারহানা হানিপ। তাদের ঘিরে জমেছিলো প্রতিষ্ঠানটির এলামনাইদের মিলনমেলা। এতে নিউইয়র্ক, ভার্জিনিয়া, নিউজার্সী ও পেনসিলভেনিয়া ক্যাম্পাস/কার্যালয়ের সকল কর্মকর্তা সহ নিউইয়র্ক ছাড়াও ট্রাইস্টেটের বিশিষ্টজনেরা অংশ নেন। কমিউনিটির সর্বস্তরের বিশিষ্টজনদেন উপস্থিতিতে অনুষ্ঠানটি বিভিন্ন পরিবেশে রূপ নেয়।

উল্লেখ্য, পিপল এন টেক প্রতিষ্ঠাতা ইঞ্জিনিয়ার আবু হানিপ নানা চড়াই-উৎরাই পাড়ি দিয়ে নিজে যেমন প্রতিষ্ঠিত, তেমনী হাজারো বাংলাদেশীসহ ভিন্নদেশীদেরও 'প্রফেশনাল জব'-এ প্রতিষ্ঠার ব্যবস্থা করেছেন। ইঞ্জিনিয়ার আবু হানিপ আমেরিকায় তার ব্যক্তিগত জীবনে মোহনীয় উচ্চ বেতনের চাকুরি ছেড়ে দেড় যুগ পূর্বে প্রতিষ্ঠা করেন 'আইটি বিষয়ক প্রশিক্ষণ সেন্টার-পিপল এন টেক'। দীর্ঘ সময়ের ব্যবধানে প্রতিষ্ঠানটি থেকে ৮হাজার শিক্ষার্থী প্রশিক্ষণ নিয়ে চাকুরি করছেন যুক্তরাষ্ট্রের বিভিন্ন নামী-দামী কোম্পানীতে/প্রতিষ্ঠানে। সর্বশেষ আরো বৃহৎ পরিকল্পনায় আবু হানিপ প্রতিষ্ঠা করেছেন 'ওয়াশিংটন ইউনিভার্সি অব সায়েন্স এন্ড টেকনোলজি'। তিনি এই প্রতিষ্ঠানের চ্যান্সেলর। এই প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা এখন সহস্রাধিক। যার সিংহভাগই বাংলাদেশ থেকে স্টুডেন্ট ভিসায় আসা শিক্ষার্থী।



অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছাড়াও বক্তব্য রাখেন ইঞ্জিনিয়ার আবু হানিপ ও পিপলএনটেকের প্রেসিডেন্ট ফারহানা হানিপ। পিপলএনটেকের অন্যতম পরিচালক ড. শফি চৌধুরীর পরিচালনায় অনুষ্ঠানে মোহাম্মদ এন মজুমদার, সৈয়দ মোস্তফা আল আমিন রাসেল প্রমুখ বক্তব্য রাখেন। অভিজ্ঞতার কথা তুলে ধরেন কয়েকজন এলামনাই।

কনসাল জেনারেল ড. মনিরুল ইসলাম বলেন, আপনাদের সাফল্য আমাদের মুগ্ধ করে এবং বাংলাদেশীদেরকে গৌরবান্বিত করে। ইঞ্জিনিয়ার আবুবকর হানিপ আমেরিকায় যে উদাহরণ সৃষ্টি করেছেন তা অনেককেই উৎসাহিত করবে, অনুপ্রেরণা যোগাবে। তিনি বলেন, বাংলাদেশী ডায়াসপোরার অনেকেই যুক্তরাষ্ট্রে তাদের পদচিহ্ন রাখতে সক্ষম হয়েছেন। আবুবকর হানিপ তাদের একজন।

সৈয়দ আশিকুর রহমান পিপলএনটেকের সাফল্যেও প্রশংসা করে বলেন, এই প্রতিষ্ঠানের পাশাপাশি ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজিকে সামনে এগিয়ে নিতে আমাদের সবার সহযোগিতা থাকবে।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি নিয়ে এদেশে পড়তে ইঞ্জিনিয়ার আবুবকর হানিপও শোনান তার জীবনের গল্প, সংগ্রামের কথা, সাফল্যেও কথা। যে গল্প/কথা ছিলো সকলের জন্যই অনুপ্রেরণার। আবু হানিপ বলেন, যুক্তরাষ্ট্রে সুপ্রতিষ্ঠিত একটি প্রতিষ্ঠানে দু'লাখ ডলার বেতনের চাকরি করতেন। কিন্তু ভেবেছিলেন একার উন্নতি শুধু নয়, আরও মানুষ যাতে একইভাবে তাদের জীবনটিকে পাল্টে দিতে পারে সেই প্রচেষ্টাই নিতে হবে। তার সেই ভাবনা থেকেই আজ থেকে ১৮ বছর আগে ২০০৪ সালে প্রতিষ্ঠা করেন পিপলএনটেক। তিনি জানান, মজার কথা হচ্ছে শুরুটা হয় মাত্র একজন ছাত্র দিয়ে। সেই ছাত্রটি যখন কোর্স সম্পন্নের পর আমেরিকান একটি প্রতিষ্ঠানে মোটা মাইনের চাকরি পেলেন। তখন তা জানাজানি হওয়ার পর নতুন ছাত্র আসতে শুরু করলো। এরপর আর পেছনে তাকে ফিরে তাকাতে হয়নি। ধীরে ধীরে পিপল এন টেকের জনপ্রিয়তা বাড়তে থাকে। আর এই সময়ের মধ্যে ৭ হাজারের বেশি বাংলাদেশীকে আইটি প্রশিক্ষণে প্রশিক্ষিত করে 'প্রফেশনাল জব' পাইয়ে দিয়েছে পিপলএনটেক। যারা এখন স্বাচ্ছন্দে জীবন যাপন করছেন। শুধু তাই নয়, পিপল এন টেকের এলামনাইরা নিজেদের পাশাপাশি গড়ে তুলছেন নিজেদের ভবিষ্যত প্রজন্মের জন্য গড়ে তুলেছেন আর্থিক নিশ্চয়তা। পাশাপাশি তারা রেমিট্যান্স পাঠিয়ে বাংলাদেশের অগ্রগতিতেও ভূমিকা রাখতে পারছেন। আবু হানিপ বলেন, এসবের পিছনে দেশপ্রেমই বড়।

অনুষ্ঠানে ইঞ্জিনিয়ার আবুবকর হানিপ 'ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি' (ডব্লিউইউএসটি) প্রতিষ্ঠার কথা তুলে ধরে বলেন, এটি পিপলএনটেকেরই একটি ধারাবাহিকতা এবং তার দীর্ঘ দিনের লালিত স্বপ্ন। তিনি বলেন, যুক্তরাষ্ট্রে প্রাতিষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণের বিকল্প নেই। আর আমেরিকার মূলধারায় বাংলাদেশী কমিউনিটিকে এগিয়ে নিতে শিক্ষাকেই সর্বাধিক গুরুত্ব দেয়া উচিৎ।

পিপলএনটেকের প্রেসিডেন্ট ফারহানা হানিপ বলেন, আমাদের এলামনাইরাই আমাদেও প্রতিষ্ঠানের প্রাণ। তাদের সাফল্যই আমাদের সাফল্য। তাই সবাইকে নিয়েই আমরা আমাদের সাফল্য উদযাপন করতে চাই। যদিও এলামনাইরা এখন আর ক্যাম্পাসে নেই কিন্তু তারা সকলেই আমাদের অন্তরে রয়েছেন। কেউ কেউ এখন উচ্চ পর্যায়ে অবস্থান করছেন, তাদের জন্য আমরা গর্বিত। ডব্লিউইউএসটিকে সফল করে তুলতে কিনি পিপলএনটেকের এলামনাইদের পাশে থাকার আহবান জানান।


পিপল এন টেক-এর এলামনাই ড. শফিউল হামিদ। অনুষ্ঠানে জানালের তার অভিজ্ঞতার কথা। বলেন, বাংলাদেশে উচ্চতর শিক্ষা শেষে পিএইচডি করেন জাপানে। এরপর চলে আসেন 'স্বপ্নের দেশ' যুক্তরাষ্ট্রে। 'অড জব' দিয়ে শুরু তার প্রবাস জীবন। নানান হতাশার মধ্যেই জানতে পারেন 'পিপল এন টেক'র কথা। খোঁজ-খবর নিয়ে ৪ মাসের কোর্স নিয়ে তা সম্পন্ন করে চাকুরী পেয়ে যান আমেরিকান এক প্রতিষ্ঠানে। এরপর আর পেছনে ফিরে তাকাতে হয়নি তার। পরবর্তীতে বাংলাদেশ থেকে আসা স্ত্রী নাসরিন সুলতানাকেও পিপল এন টেক'র কোর্স সম্পন্ন করান। বর্তমানে স্বামী-স্ত্রী উভয়েই এখন মোটা আয়ের চাকরি করছেন আমেরিকার আইটি সেক্টরে।

২০১৩ সালের ঘটনা। মন্দার কবলে পড়ে কর্মহীন হয়ে পড়েছিলেন উচ্চশিক্ষিতা ফাতেমা ইয়াসমীন। বসবাস করছিলেন ক্যাসিনো সিটি হিসেবে বিশ্বখ্যাত আটলান্টিক সিটিতে। সেখানে চালু করা হলো 'পিপল এন টেক'র ক্যাম্পাস। ফাতেমা ইয়াসমীন এই ক্যাম্পাস থেকে আইটি কোর্সগ্রহণ করেন এবং পরবর্তীতে মোটা অংকের অর্থের চাকরী পেয়ে চান। বর্তমানে তিনি সাউথ ক্যারোলিনায় কর্মরত। জানালেন ভালো আছেন, নেই কোন হতাশা।

অনুষ্ঠানে পিপল এন টেক'র ভূমিকার প্রশংসা করলেন বাংলাদেশের কুমিল্লা বোর্ডে এসএসসিতে প্রথম স্থান অধিকারী এবং পরবর্তীতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রি নিয়ে আমেরিকায় আসা মীর হোসেন। বললেন- প্রথমে 'অড জব' করতে বাধ্য হই। এক পর্যায়ে পরিচিতজনের মাধ্যমে পিপল এন টেক'র সান্নিধ্যে এসে হতাশা কাটিয়ে স্বপ্ন দেখতে শুরু করি। এখান থেকে আইটি কোর্স সম্পন্ন করে নতুন জীবন পাই। জানান তিনি বর্তমানে হোমল্যান্ড সিকিউরিটি মন্ত্রণালয়ে আইটি স্পেশালিস্ট হিসেবে চাকরির পাশাপাশি আটলান্টিক সিটিতে পিপল এন টেক'র ক্যাম্পাসে শিক্ষকতা করছেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথিকে ক্রেস্ট তুলে দেন ইঞ্জিনিয়ার আবুবকর হানিপ। এছাড়াও সফল এলামনাইদের হাতে শুভেচ্ছা স্মারক হিসেবে ক্রেস্ট ও ফুলের তোড়া উপহার দেওয়া হয়। এরপর ড. শফিউল হামিদ দম্পতি সহ পিপলএনটেকের সকল কর্মকর্তাকেও ক্রেস্ট ও ফুলের তোড়া দিয়ে সম্মানিত করা হয়। বিশেষ সম্মাননা জানানো হয় আবুবকর হানিপ ও ফারহানা হানিপকেও। ছবি: নিহার সিদ্দিকী।





আইএমএফ'র সঙ্গে বৈঠক

রিজার্ভ থেকে তহবিলের অর্থ বাদ দিতে হবে

ঢাকা, ২৮ অক্টোবর : আন্তর্জাতিক অর্থ তহবিল (আইএমএফ) বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভের হিসাব পদ্ধতি নিয়ে ঘোর আপত্তি তুলেছে। তারা রিজার্ভের হিসাব পদ্ধতিতে আন্তর্জাতিক রীতি অনুসরণ করতে বলেছে। ডলারের একাধিক দর নিয়েও প্রশ্ন তুলেছে। এতে আন্তর্জাতিক মহলে বিভ্রান্তি দেখা দিচ্ছে। ডলারের দরে শৃঙ্খলা ফিরিয়ে আনার প্রস্তাব দিয়েছে। একই সঙ্গে বৈদেশিক মুদ্রার লেনদেন পদ্ধতিকে আরও স্বচ্ছ ও নিরাপদ করার কথা বলেছে। সাইবার নিরাপত্তা আরও বাড়াতে হবে।

জবাবে বাংলাদেশ ব্যাংক প্রতিটি ক্ষেত্রে নিজেদের যুক্তি তুলে ধরেছে। যেসব খাতে নীতিগত ছাড় দিয়ে প্রচলিত ব্যবস্থাকে সংশোধন করা যায় সে বিষয়েও মতামত তুলে ধরেছে।

ঢাকা সফররত আইএমএফ মিশনের সঙ্গে বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংকের অনুষ্ঠিত একাধিক বৈঠকে এসব বিষয়ে আলোচনা হয়েছে। বৈদেশিক মুদ্রার ব্যবস্থাপনা, ব্যাংকিং খাতের সার্বিক অবস্থা নিয়ে গভর্নরসহ বিভিন্ন বিভাগের সঙ্গে ছয়টি বৈঠক হয়। বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদারের সভাপতিত্বে প্রথম বৈঠকে আইএমএফ'র মিশন প্রধান রাহুল আনন্দ নেতৃত্ব দেন। এ সময় বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর আহমেদ জামাল, কাজী ছাইদুর রহমান, সাজেদুর রহমান খান ও প্রধান অর্থনীতিবিদ ড. হাবিবুর রহমান উপস্থিত ছিলেন। এছাড়া আইএমএফ মিশনের সদস্যরাও ছিলেন।

সার্বিক বিষয়ে জানতে চাইলে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র জিএম আবুল কালাম আজাদ বলেন, বৈঠকে রিজার্ভ নিয়ে বেশি আলোচনা হচ্ছে। এ নিয়ে যার যার অবস্থান থেকে যুক্তি উপস্থাপন করা হয়েছে। দীর্ঘদিন ধরে রিজার্ভের হিসাব আন্তর্জাতিক মানদণ্ডে করার পরামর্শ দিচ্ছে আইএমএফ। বাংলাদেশ ব্যাংকের আন্তর্জাতিক মানদণ্ড মেনেই হিসাব করছে। তবে এ নিয়ে আইএমএফ'র সঙ্গে বাংলাদেশ ব্যাংকের ভিন্নমত দেখা দিয়েছে। সেটি নিয়েই আলোচনা হচ্ছে। বৈঠকে আইএমএফ'র পক্ষ থেকে বলা হয়, রিজার্ভ থেকে অর্থ নিয়ে আলাদাভাবে বিভিন্ন তহবিল গঠন ও সেখান থেকে ঋণ দেওয়া হচ্ছে। আবার ওইসব অর্থ রিজার্ভে দেখানো হচ্ছে। এতে রিজার্ভ বেশি দেখানো হচ্ছে। যা আন্তর্জাতিক অঙ্গনে এক ধরনের বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে। এভাবে রিজার্ভের হিসাব দেখানো ঠিক হচ্ছে না। এতে দেশের প্রকৃত রিজার্ভের চিত্র ফুটে উঠছে না। বাস্তবের চেয়ে অনেক বেশি রিজার্ভ প্রদর্শন হচ্ছে। রিজার্ভের প্রকৃত চিত্র আড়াল করায় বাংলাদেশেরই বরং ঝুঁকি বাড়ছে।

হিসাবের এই গরমিল বিদেশি বিনিয়োগকারীরা জানতে পারলে আস্থার সংকট দেখা দিতে পারে। বাংলাদেশের স্বার্থেই এ হিসাব আন্তর্জাতিক মানে করা উচিত। তারা আরও বলেছেন-ভারত, পাকিস্তান, শ্রীলংকাসহ আইএমএফ'র সদস্য সব দেশই আইএমএফ'র প্রচলিত আন্তর্জাতিকমান মেনে রিজার্ভের হিসাব করে এবং তা প্রকাশ করে। কিন্তু বাংলাদেশ রিজার্ভের হিসাবের ক্ষেত্রে আইএমএফ'র মান মানছে না। তারা নিজেদের মতো করে হিসাব করে বেশি রিজার্ভ দেখাচ্ছে।

এ প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংক বলেছে, রিজার্ভের হিসাব বাংলাদেশ দুভাবে করছে। গ্রস ও নিট হিসাব। গ্রস হিসাবে কেন্দ্রীয় ব্যাংকের নিয়ন্ত্রণে থাকা সব বৈদেশিক মুদ্রা রিজার্ভে দেখানো হচ্ছে। নিট হিসাবে বিভিন্ন তহবিলের অর্থ বাদ দেওয়া হচ্ছে।

সূত্র জানায়, বাংলাদেশ ব্যাংক রিজার্ভ থেকে অর্থ নিয়ে ৮০০ কোটি ডলারের চারটি তহবিল গঠন করেছে। এর মধ্যে ৭০০ কোটি ডলার রপ্তানি উন্নয়ন তহবিল (ইডিএফ) আছে। শিল্প খাতে যন্ত্রপাতি আমদানিতে দীর্ঘমেয়াদি ঋণ দিতে বিশ্বব্যাংকের সঙ্গে গঠিত একটি তহবিলে জোগান দিয়েছে ৪৫ কোটি ডলার। শিল্পের কাঁচামাল ও যন্ত্রপাতি আমদানিতে ২০ কোটি ডলারের একটি তহবিল ও ২০ কোটি ইউরোর আরও একটি তহবিল গঠন করা হয়েছে। এছাড়া শ্রীলংকাকে ঋণ দেওয়া হয়েছে ২৫ কোটি ডলার। এসব অর্থও রিজার্ভে দেখানো হচ্ছে।

আইএমএফ বলেছে, এগুলো রিজার্ভে দেখানো যাবে না। কেননা এসব অর্থ অন্য খাতে বিনিয়োগ করা। যখন খুশি তখন এগুলো ব্যবহার করা যাবে না।

এ প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংক বলেছে, তহবিলগুলোর বেশি-রভাগ অর্থই অব্যবহৃত। সেগুলো রিজার্ভে দেখাতে সমস্যা নেই।

সূত্র জানায়, বর্তমানে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩৫৮৫ কোটি ডলার। বিভিন্ন তহবিলে বরাদ্দ অর্থ বাদ দিলে তা ৩ হাজার কোটি ডলারের নিচে নেমে আসবে।

বাংলাদেশ ব্যাংকের উচ্চপর্যায়ের এক কর্মকর্তা বলেন, ব্যাংক খাতে সংস্কার চলমান। রিজার্ভের বিষয়ে যে বিতর্ক তা আংশিক সত্য। নগদ রিজার্ভ কিছুটা কমে গেছে। তবে ৮০০ কোটি ডলারের যে তহবিল রয়েছে সেটাও তো রিজার্ভ। বাদ দেওয়া যাবে না। এ বিষয়ে আলোচনা করে যেটুকু নমনীয় হওয়া যায় তা হবে।

বৈঠকে আইএমএফ ডলারের একাধিক দর নিয়ে প্রশ্ন তুলেছে। তারা বলেছে, ডলারের দর একাধিক থাকায় কোনটি কে পাবে সেটি নিয়ে বিভ্রান্তি দেখা দিয়েছে। এতে বহুমাত্রিক দর কমিয়ে আনার পক্ষে আইএমএফ। তাদের মতে, ডলারের একটি ইউনিক দর থাকা উচিত। যেটি বাংলাদেশে নেই।

কেন্দ্রীয় ব্যাংকের পক্ষে বলা হয়, কেন্দ্রীয় ব্যাংক এখন ডলার বিক্রি করছে ৯৭ টাকা দরে। এর বাইরে ব্যাংকগুলো তাদের নিজস্ব দর নির্ধারণ করে। এটি বিভিন্ন খাতে বিভিন্ন ধরনের হয়ে থাকে। আইএমএফ বলেছে, ৯৭ টাকা দরে কেন্দ্রীয় ব্যাংক থেকে ডলার কিনে তা গ্রাহকের কাছে ব্যাংক বিক্রি করছে ১০৩ থেকে ১০৬ টাকায়। এতে ৬ থেকে ৯ টাকা মুনাফা হচ্ছে। এটা নিয়ে প্রশ্ন তুলেছে আইএমএফ। তারা বলেছে, ডলারের দরের মধ্যে সমন্বয় আনা জরুরি। এ প্রসঙ্গে কেন্দ্রীয় ব্যাংক বলেছে, ডলারের দামে অস্থিরতার কারণে এ বৈষম্য দেখা দিয়েছে। এটি ধীরে ধীরে ঠিক হয়ে যাবে।

ঢাকায় ছিনতাইকারীদের হাতে আট মাসে ১৮ খুন

ঢাকা, ২৮ অক্টোবর : রাজধানীতে গত আট মাসে ১১৬ জন খুন হয়েছে। এর মধ্যে ছিনতাইকারীদের হাতে প্রাণ হারিয়েছে ১৮ জন। সবশেষ ধানমণ্ডি লেকে ছিনতাইকারীর হাতে খুন হন মেরিন ইঞ্জিনিয়ার শাহাদত হোসেন।

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তথ্য অনুযায়ী, এখন সবচেয়ে বেশি ছিনতাইয়ের ঘটনা ঘটছে উত্তরা, মিরপুর, ধানমণ্ডি, তেজগাঁও ও মতিঝিল এলাকায়।

এর মধ্যে ধানমণ্ডি অন্য আবাসিক এলাকাগুলোর চেয়ে ছোট, কিন্তু সে তুলনায় অপরাধ বেশি হচ্ছে এই এলাকায়।

ভুক্তভোগীদের অভিযোগ, ছিনতাইয়ের ঘটনায় প্রতিকার মেলে কম। বেশির ভাগ ভুক্তভোগী থানায় মামলা বা সাধারণ ডায়েরি করে না। ডিএমপি কমিশনার প্রতি মাসেই বলছেন, ছিনতাইকারীদের ঠেকাতে পুলিশকে বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে, কিন্তু ছিনতাইয়ের ঘটনা কমছে না।

ডিএমপির মাসওয়ারি অপরাধ প্রতিবেদনে বলা হয়েছে, তাদের এলাকায় গত জানুয়ারিতে ৯ জন, ফেব্রুয়ারিতে ১২, মার্চে ১৭, এপ্রিলে ১৬, মে মাসে ১১, জুনে ২১, জুলাইতে ১৩ ও আগস্টে ১৭ জন খুন হয়েছে।

রাজধানীর ৫০ থানার বেশির ভাগ এলাকায়ই রাত ১০টার পর পুলিশ থাকে না। টহল পুলিশের গাড়িও চোখে পড়ে কম। রাতে সড়কগুলো কার্যত অরক্ষিত হয়ে পড়ছে। ছিনতাইয়ের শিকার হওয়া সজল নামের এক যুবক বললেন, রাত ১২টার দিকে গাবতলী থেকে বাড্ডায় মোটরসাইকেলে আসার পথে সড়কে কোনো পুলিশ দেখতে পাননি তিনি। তার ঘটনাটি চলতি মাসের শুরুর দিকের। শ্যামলীতে তাঁর মোটরসাইকেল আটকে ছিনতাই করে কয়েক তরুণ।

র‍্যাব সদর দপ্তরের পরিসংখ্যান বলছে, চলতি বছরের জানুয়ারি থেকে ১৩ আগস্ট পর্যন্ত আট মাসে র‍্যাব এক হাজার ৬৭৮ জন ছিনতাইকারীকে গ্রেপ্তার করেছে; কিন্তু এর পরও ছিনতাই নিয়ন্ত্রণে আসছে না।

ডিএমপির মাসিক প্রতিবেদন বলা হয়েছে, গত বছরের শেষ ছয় মাসের তুলনায় চলতি বছরের জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল ও মে মাসে চুরি, ছিনতাই, ডাকাতি বেশি হয়েছে। তবে এই তথ্য শুধু মামলার হিসাব ধরে। এর বাইরে থানায় অনেক জিডি হয়। জিডির হিসাব এই প্রতিবেদনে স্থান পায়নি। তাই বাস্তবে ছিনতাইয়ের ঘটনা আরো বেশি বলে ধরে নেওয়া যায়।

ডিএমপির প্রতিবেদন বলছে, গত আট মাসে ডাকাতি, দস্যুতা, খুন, দাঙ্গা, নারী নির্যাতন, অপহরণ, চুরি, ছিনতাইসহ অন্যান্য কারণে ডিএমপির ৫০ থানায় মামলা হয়েছে ১৯ হাজার ৯৪৫টি। এর মধ্যে জানুয়ারিতে দুই হাজার ৫৪৮, ফেব্রুয়ারিতে দুই হাজার ৪৭৫, মার্চে দুই হাজার ৬৪৬, এপ্রিলে দুই হাজার ৪১৮, মে মাসে দুই হাজার ৪৮৮, জুনে দুই হাজার ৫১৩, জুলাইয়ে দুই হাজার ২৩৯ ও আগস্টে দুই হাজার ৬১৮টি মামলা হয়েছে।

অপরাধ বিশ্লেষকরা বলছেন, রাজধানী ঢাকায় ভাসমান মানুষের সংখ্যা বাড়ছে। এর সঙ্গে বাড়ছে ছিন্নমূল মানুষ। ছিন্নমূল কিশোর, তরুণরা মাদকাসক্ত হয়ে পড়ছে। তারা প্রাথমিকভাবে জড়াচ্ছে ছিনতাইয়ে। দিনের বেলায় ছোঁ মেরে মানুষের হাতের মোবাইল ফোনসেট, ব্যাগসহ জিনিসপত্র ছিনিয়ে নেওয়ার চিত্র প্রায়ই চোখে পড়ছে। শুধু আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী দিয়ে এটা নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়ছে। এখন ছিনতাইকারীর হাতে খুনের ঘটনা ঘটায় সাধারণ মানুষ আতঙ্কিত হয়ে পড়ছে।

সবশেষ গত শনিবার রাতে হাঁটতে বের হয়ে রাজধানীর ধানমণ্ডির রবীন্দ্রসরোবরে মেরিন ইঞ্জিনিয়ার শাহাদত হোসেন খুন হন। তাঁর শরীরে চারটি ছুরিকাঘাত করা হয়। পুলিশ তদন্ত করে বলছে, ছিনতাইকারীর হাতেই তিনি খুন হয়েছেন। এর আগে গত বুধবার মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে ছিনতাইয়ের কবলে পড়ে ছুরিকাঘাতে খুন হন সাইমন নামের এক পোশাককর্মী। গত ৫ অক্টোবর কারওয়ান বাজার প্রিন্স হোটেলের সামনে ছিনতাইকারীর ছুরিকাঘাতে নিহত হন কেশব চন্দ্র রায় (পাপন)। তিনি সোনারগাঁও ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্সের শিক্ষার্থী ছিলেন। ১৩ সেপ্টেম্বর দক্ষিণ কমলাপুর মাজার রোড এলাকায় রাস্তায় ছুরিকাঘাতে অজ্ঞাতপরিচয় যুবক খুন হন। গত ১১ আগস্ট রাতে উত্তরায় একটি ব্যাংকের এটিএম বুথ থেকে টাকা তোলার সময় বুথের ভেতরে ছিনতাইকারীর ছুরিকাঘাতে নিহত হন ব্যবসায়ী শরিফ উল্লাহ। গত ২৯ জুলাই পল্লবীতে আরমান নামের এক রিকশাচালককে গলা কেটে হত্যার পর তাঁর রিকশাটি ছিনিয়ে নেয় ছিনতাইকারীরা। ৬ জুলাই কামরাঙ্গীর চরে ছিনতাইকারীরা হত্যা করে সাঈদ নামের এক যুবককে। মোবাইল ফোন ও টাকা ছিনতাইয়ের সময় বাধা দেওয়ায় তাঁকে ছুরিকাঘাত করে হত্যা করা হয়। এর আগে ২৭ মার্চ ভোরে ছিনতাইকারীর ছুরিকাঘাতে দন্ত চিকিৎসক আহমেদ মাহী বুলবুল প্রাণ হারান। ২২ ফেব্রুয়ারি মিরপুর বাউনিয়া বাঁধ-ট্রাকস্ট্যান্ড এলাকায় ছিনতাইকারীর ছুরিকাঘাতে রায়হান নামের এক পোশাককর্মী নিহত হন। ২০ ফেব্রুয়ারি ভোরে মোশারফ হোসেন নামের এক ব্যবসায়ীকে সায়েদাবাদ ফ্লাইওভারের ঢালে উপর্যুপরি ছুরিকাঘাত করে হত্যা করা হয়। সব মিলে গত আট মাসে ছিনতাইকারীরা ১৮ জনকে হত্যা করেছে।

রাস্তায় বেপরোয়া ছিনতাইকারীরা

সম্প্রতি আসাদগেট এলাকায় ছিনতাইকারীদের ছুরি হাতে বাসের যাত্রীদের তেড়ে আসার ভিডিও প্রকাশের পর অনেকের মনে ভয় ধরে গেছে। তার আগে লালমাটিয়া এলাকায় দিনদুপুরে এক নারী সাংবাদিককে আঘাত করেছে ছিনতাইকারীরা। মোহাম্মদপুর এলাকায় রুমান খান নামের এক তরুণকে চাপাতি দিয়ে কুপিয়েছে ছিনতাইকারীর দল। রুমান বলেন, ছিনতাইয়ে বাধা দিতে গেলে তাঁকে কোপানো হয়।

উত্তরার সানজিদা রাফসানজানি নামের এক নারী ভুক্তভোগী বললেন, ছিনতাইকারী তাঁর হাতের ব্যাগ ছিনিয়ে নিতে গেলে তাঁর হাত আটকে যায়। তখন সেই ছিনতাইকারীদের প্রাইভেট কারটি তাঁকে টেনেহিঁচড়ে অনেক দুরে নিয়ে যায়। এর আগে গত ২১ জুলাই দুপুরে কারওয়ান বাজারে যাত্রীবাহী বাস থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী পারিসা আক্তারের মোবাইল ফোন ছিনতাই হয়। ঠিক একই সময় এ তরুণীর চোখে পড়ে আরেকটি ছিনতাইয়ের দৃশ্য। এক নারীর ব্যাগ ছিনতাই করে

খাদ্য মূল্যস্ফীতির চাপে বাংলাদেশসহ দ. এশিয়া

ঢাকা, ২৮ অক্টোবর : বেশির ভাগ উন্নয়নশীল দেশে মুদ্রার দরপতন খাদ্য ও জ্বালানির দাম বাড়াচ্ছে। এতে দেশগুলোতে খাদ্য ও জ্বালানির সংকট আরো তীব্র হচ্ছে। বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার দেশগুলোতে খাদ্য মূল্যস্ফীতি বেড়ে দাঁড়িয়েছে ২০ শতাংশের বেশি। গত বুধবার বিশ্বব্যাংকের সর্বশেষ 'কমোডিটি মার্কেট আউটলুক' প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে।

এতে বলা হয়, রেকর্ড উচ্চমূল্যের কারণে জ্বালানির মধ্যে তরল গ্যাস পাওয়া যাচ্ছে না। তবে যেটুকু পাওয়া যাচ্ছে তা ইউরোপের দেশগুলো চড়া দামে কিনে নিচ্ছে। এতে স্পট মার্কেট থেকে বাংলাদেশ, পাকিস্তানসহ অনেক দেশ উচ্চমূল্য দিয়ে আমদানি করতে পারছে না। ফলে বিদ্যুৎ উৎপাদনে কাটছাঁট করতে হচ্ছে। এসব দেশে জ্বালানিসংকটের কারণে বিদ্যুৎ উৎপাদন হ্রাস করায় এবং মূল্যস্ফীতির হার নিয়ন্ত্রণে সংকোচনমুখী মুদ্রানীতি অনুসরণ করায় অর্থনৈতিক কাজে মন্দা আরো বাড়বে। এ ছাড়া মার্কিন ডলারের কারণেও আসন্ন বিশ্বমন্দা তৈরি হয়েছে।

বিশ্বব্যাংক জানায়, ২০২২ সালের প্রথম তিন প্রান্তিকে দক্ষিণ এশিয়ায় খাদ্য মূল্যস্ফীতি গড়ে ২০ শতাংশের বেশি। একই সময়ে লাতিন আমেরিকা ও ক্যারিবিয়ান, মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকা, সাব-সাহারা আফ্রিকা, পূর্ব ইউরোপ, মধ্য এশিয়াসহ অন্যান্য অঞ্চলে খাদ্য মূল্যস্ফীতি গড়ে ১২ থেকে ১৫ শতাংশের মধ্যে। পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলগুলোতেই শুধু খাদ্য মূল্যস্ফীতি কম। আংশিকভাবে চালের দাম স্থিতিশীল থাকার কারণে এসব অঞ্চল কিছুটা স্বস্তিতে।

এর আগে আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) দক্ষিণ এশিয়ার অর্থনীতি নিয়ে যে আঞ্চলিক প্রতিবেদন প্রকাশ করে তাতেও বলা হয়েছিল, বিশ্ববাজারে জ্বালানি তেলের উচ্চমূল্য এবং স্থানীয় মুদ্রার দরপতনে বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার দেশগুলোতে মূল্যস্ফীতির চাপ বেড়েছে। তবে অভ্যন্তরীণ বাজার পরিচালনায় পার্থক্যের কারণে একেক দেশে মূল্যস্ফীতির প্রভাবে ভিন্নতা রয়েছে।



স্ত্রী হিসেবে সবসময় শাকিব খানের পাশে আছি : বুবলী

(শেষের পাতার পর)

সবসময় তাঁর পাশে আছি। দিন শেষে আমি চাই সে ভালো কাজের সঙ্গে থাকুক, ভালো ভালো চিন্তা করুক। এক প্রশ্নের জবাবে এমনটাই বললেন অভিনেত্রী শবনম ইয়াসমিন বুবলী। শুক্রবার (২৮ অক্টোবর) এক সাক্ষৎকারে বেশকিছু প্রশ্নের উত্তর দিয়েছেন অভিনেত্রী।

শাকিব খানের সঙ্গে অনেক নায়িকাসহ বিভিন্ন ইস্যুতে বিতর্ক শোনা যায়, এসব কথার ওপর আস্থা রাখেন না বুবলী। এসব ক্ষেত্রে শাকিব খানকেই বিশ্বাস করেন তিনি। বুবলী বলেন, এসব বিতর্ক আমার কানেও আসে। এসব বিষয়ে জিজ্ঞাসা করলে যখন বলেছে সত্য নয়, তখন তাই বিশ্বাস করেছি। কারণ তাঁর কথা আমার কাছে গুরুত্বপূর্ণ এবং আমি তাঁকে বিশ্বাস করি।

নয়মাস ধরে বুবলীর সঙ্গে যোগাযোগ নেই শাকিব খান এমন দাবি করেছেন। এ প্রসঙ্গে বুবলী বলেন, এসব নিয়ে আমি আসলে কখনই কথা বলতে চাইনি, কিন্তু তিনি নিজেই এসব প্রসঙ্গ আনছেন। আমারও একই প্রশ্ন, তার মানে বাবা হিসেবে ওই নয় মাস কোনো দায়িত্বই পালন করেননি তিনি। তাহলে যে বললেন বাচ্চার কথা তিনি সবার আগে ভাবেন! দেখুন, এসব নিয়ে কথা হোক আমি চাইনি।

বুবলী বলেন, জল ঘোলা করে, পাল্টাপাল্টি কথা বললেই কথা বাড়ে। তাই আমি বলেছিলাম আমরা ভালো আছি। করোনার সময় আমেরিকার মতো জায়গায় যেখানে সবচেয়ে বেশি করোনার প্রভাব ছিল, ওই জায়গায় দীর্ঘ এক বছর ছিলাম। সেখানে প্রেগনেন্ট অবস্থা থেকে শুরু করে এবং ডেলিভারি হওয়া- এরপর দুধের শিশুকে নিয়ে যুদ্ধ করে টিকে বেঁচে ফিরতে পেরেছি। তাই বাকি দিনগুলোও ইনশা আল্লাহ বাচ্চাকে ভালো রাখার সব চেষ্টা আমি করে যাব।

ঢাকাই সিনেমার এই অভিনেত্রী বলেন, মানুষের জীবনটা খুব ব্যতিক্রম। কখন কি হয় কেউ জানে না। সময় সবকিছু পরিষ্কার করে দেয়, কে ভুল কে সঠিক তাও সময় বলে দেয়। যে সময়টা কাউকে সবচেয়ে সঠিক মনে হয়, ঠিক অন্য আরেকটা সময় গিয়ে তাকে সবচেয়ে ভুল মনে হয়। এর জন্য সময় এবং পরিস্থিতি কিছুটা দায়ী। তাই কে কখন কী ভাবছে এটা সম্পূর্ণ যার যার ব্যক্তিগত মতামত।

গম্প্রতি শাকিব খান বিভিন্ন গণমাধ্যমে যে বক্তব্য দিয়েছেন তা থেকে স্পষ্ট হয় যে অপু বিশ্বাস কিংবা বুবলী কাউকেই স্ত্রী হিসেবে গ্রহণ করতে চাননা তিনি।

হাঁটলে গোড়ালিতে ব্যথা?

(শেষের পাতার পর)

বেশি চাপ দেন। ফলে গোড়ালিতে ব্যথা হয়। কিন্তু এমন সমস্যা নিয়ে তো বসে থাকা যায় না। সেজন্য কি করার আছে? চলুন জেনে নেই:

অ্যাসেনশিয়াল অয়েল মালিশ করুন

ল্যাভেন্ডার তেলের সঙ্গে নারকেল বা অলিভ অয়েল মিশিয়ে নিন। এবার এই তেলটি গোড়ালিতে মালিশ করুন। নিয়মিত ব্যবহারে গোড়ালির ব্যথা দ্রুত কমবে।

জুতোর দিকে মনোযোগ দিন

শক্ত জুতো ব্যবহার করলে গোড়ালির সমস্যা হতে পারে। জুতো বদলে নিলে সমস্যা দূর হতে পারে। এসব ক্ষেত্রে নরম জুতো পড়াই ভালো।

গরম তেলের মালিশ

সরিষার তেল গরম করে মালিশ করতে পারেন ব্যথার জায়গায়। সরিষার তেলে ব্যথানাশক ক্ষমতা থাকায় মালিশে আরাম পাবেন।



পূর্ণ সম্মান রেখে যুক্তরাষ্ট্রের সঙ্গে কাজ করতে চায় চীন

ঢাকা ডেস্ক, ২৮ অক্টোবর : মৈত্রী সংগঠন 'ইউনাইটেড স্টেটস চায়না রিলেশনস'-এর বার্ষিক নৈশভোজে গতকাল বৃহস্পতিবার অভিনন্দনবার্তায় প্রেসিডেন্ট শি চিনপিং বলেছেন, শান্তিপূর্ণ সহাবস্থানে থেকে এবং একে অপরের প্রতি পূর্ণ সম্মান বজায় রেখে যুক্তরাষ্ট্রের সঙ্গে কাজ করতে ইচ্ছুক বেইজিং।

চীনে তৃতীয়বার প্রেসিডেন্ট হতে যাওয়া শি চিনপিং আরো বলেছেন, বর্তমানে বিশ্ব শান্তিপূর্ণ বা শান্ত নয়। বিশ্বশান্তি রক্ষায় এবং বিশ্বের উন্নয়নের জন্য যুক্তরাষ্ট্র ও চীনকে এক হয়ে কাজ করতে হবে।

তিনি আরো বলেছেন, বিশ্বের প্রধান শক্তি হিসেবে চীন ও যুক্তরাষ্ট্রের মধ্যে যোগাযোগ ও স্থিতিশীলতা বাড়াতে হবে। একসঙ্গে কাজ করলে শুধু তারা নিজেরাই লাভবান হবে, এমনটা নয়; বরং বিশ্বে স্থিতিশীলতা, শান্তি ও উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব হবে।

শি চিনপিং আশা প্রকাশ করে বলেন, দ্বিপক্ষীয় সম্পর্ক বিষয়ক সংগঠনটি সম্পর্ক উন্নয়নে কার্যকর ও সক্রিয় ভূমিকা পালন করবে।

এদিকে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিশ্ব 'সবচেয়ে বিপজ্জনক দশকের' মুখোমুখি হয়েছে বলে সতর্ক করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এ সময় পশ্চিমের বিরুদ্ধেও 'পরমাণু ব্ল্যাকমেইলের' অভিযোগ করেন তিনি।

পুতিন দাবি করেছেন, রাশিয়ার পাশ থেকে মিত্রদের জোরপূর্বক সরিয়ে দিতেই এ কাজ করেছে পশ্চিম। মস্কোতে বার্ষিক ভালদাই ফোরামে বক্তব্য দেওয়ার সময় এসব কথা বলেন পুতিন।

অন্যদিকে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি তার দেশের পূর্বাঞ্চলীয় শহর বাখমুত দখলের চেষ্টারত রুশ কমান্ডারদের 'পাগলামির' দায়ে অভিযুক্ত করেছেন।

প্রেসিডেন্ট জেলেনস্কি বলেন, খারসন শহরে ইউক্রেনীয় সেনাদের অব্যাহত অগ্রগতি সত্ত্বেও সেখানে রাশিয়ার সেনাদের হামলা অব্যাহত রয়েছে। বাখমুতে হামলার ধরন সম্পর্কে জেলেনস্কি কিয়েভ থেকে দেওয়া তাঁর নিয়মিত রাত্রিকালীন ভাষণে বলেন, 'এখানেই রুশ কমান্ডের পাগলামি সবচেয়ে স্পষ্ট। দিনের পর দিন, মাস ধরে তারা সেখানে মানুষকে মৃত্যুর দিকে নিয়ে যাচ্ছে। সর্বোচ্চ মাত্রার গোলাবর্ষণ চালিয়ে যাচ্ছে তারা।'

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
Authorized e-file Provider

কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিপু ভাভাত
ফারহানা আমিরান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

নিজ বাবার বিরুদ্ধে কন্যার অভিযোগ ঃ ৩০ বছরে ৭০ জন নারীকে খুন

(শেষের পাতার পর)

স্টাডি। শুধু খুনই নয়, নিজের ছেলেমেয়েদের দিয়ে সেই মরদেহ কবরও দেওয়াতেন ডোনাল্ড। প্রাথমিকভাবে স্থানীয় পুলিশের অনুমান, মূলত যৌনকর্মীদের খুন করা হত। নানাভাবে লোভ দেখিয়ে এই নারীদের নিজের বাড়িতে ডেকে আনতেন ডোনাল্ড। তারপরেই খুন করতেন তাদের। লুসি বলেছেন, 'মূলত ভারী জিনিস দিয়ে মাথায় আঘাত করে খুন করা হত ওই নারীদের। মৃতদেহগুলোর উপরে মাটি চাপা দেওয়ার কাজ ছিল লুসি ও তার ভাইবোনদের। ঠিক কোন জায়গায় মরদেহগুলো পোঁতা হয়েছিল, সেই জায়গাটিও দেখিয়ে দিয়েছেন লুসি। শুধু প্রাণের ভয়ে বাবার বিরুদ্ধে মুখ খুলতে পারেননি তিনি। তবে এখনো এই অভিযোগ নিয়ে পুলিশের তরফ থেকে বিস্তারিত কিছু বলা হয়নি। স্থানীয় পুলিশের প্রধান কেভিন এইস্ট্রোপ বলেছেন, আপাতত ওই জায়গায় কুকুরদের নিয়ে গিয়ে তল্লাশি চালানো হচ্ছে। প্রাথমিকভাবে মনে হচ্ছে, ওই জায়গাটিতে সত্যিই বিপুল মরদেহ রয়েছে। কিন্তু এখনই কোনো প্রমাণ পাওয়া যায়নি।

বাজির দরে এগিয়ে ব্রাজিল, কম্পিউটার বলছে চ্যাম্পিয়ন আর্জেন্টিনা

(শেষের পাতার পর)

শিরোপা, কার হাতে উঠবে সোনার বুট-বল, সেসব নিয়েই শুরু হয়েছে নানা ভবিষ্যদ্বাণী। কয় দিন আগে যেমন আর্জেন্টিনার অধিনায়ক লিওনেল মেসি যেমন নিজের ফেবারিট হিসেবে ব্রাজিল ও ফ্রান্সের নাম বলেছেন। বাজির দরও অবশ্য মেসিকেই সমর্থন দিচ্ছে বিশ্বকাপ জিততে পারে ব্রাজিল কিংবা ফ্রান্সই।

তবে মেসি ও বাজির দরের সঙ্গে একমত নয় প্রযুক্তি। এক সুপার কম্পিউটারের হিসাব-নিকাশ বলছে, এবার বিশ্বকাপ জিততে পারে আর্জেন্টিনাই। এমনকি ফাইনালে আর্জেন্টিনা কাদের হারাবে তাও জানিয়ে দিয়েছে ওই সুপার কম্পিউটার।

আর্জেন্টাইন সমর্থকদের 'সুসংবাদ' দেওয়ার গবেষণাটি করেছে কানাডাভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান বিসিএ। ২০ বছরের পরিসংখ্যান বিশ্লেষণ করে এই সিদ্ধান্তে পৌঁছানোর কথা জানিয়েছে তারা।

সুপার কম্পিউটারটি এই ভবিষ্যদ্বাণীর সঙ্গে আরও একটি চমকপ্রদ মন্তব্য জুড়ে দিয়েছে। সেটি হলো আগামী ১৮ ডিসেম্বর বিশ্বকাপ ফাইনালে আর্জেন্টিনা পেনাল্টি শুটআউটে হারাবে ক্রিস্টিয়ানো রোনালদোর দেশ পর্তুগালকে।

বিসিএ নিজেদের এই গবেষণার নাম দিয়েছে, 'দ্য মোস্ট ইমপর্টেন্ট অব অল আনইমপর্টেন্ট ফোরকাস্ট সেকেন্ড এডিশন: ২০২২ ওয়ার্ল্ড কাপ।' যেখানে গত পাঁচ বিশ্বকাপের সবগুলো ম্যাচের সঙ্গে ইএ স্পোর্টসের ফিফা ভিডিও গেমের তথ্যকেও বিবেচনায় নেওয়া হয়েছে।

তবে আর্জেন্টিনার বিশ্বকাপ জেতার পথটা খুব সহজ হবে না বলেও মন্তব্য করেছে প্রতিষ্ঠানটি। সেখানে বলা হয়েছে, নকআউট পর্বে আর্জেন্টিনাকে অনেক হাড্ডাহাড্ডি লড়াইয়ের মুখোমুখি হতে হবে। যেখানে রোমাঞ্চকর ফাইনালে তারা হারাবে পর্তুগালকে। এই গবেষণা মতে সেমিফাইনালেই থামবে ব্রাজিলের দৌড়। মেসিদের কাছেই শেষ চারে হারবেন নেইমাররা।

বিসিএর রিসার্চ বলছে, 'অনেক হিসাব-নিকাশের পর আমাদের বিশ্বাস, আর্জেন্টিনা ও মেসিই কাতারে ২০২২ ফিফা বিশ্বকাপের শিরোপা উঁচিয়ে ধরবে। আরও বেশি সম্ভাবনা হলো, আর্জেন্টিনা এবং পর্তুগালের ফাইনালের ফল পেনাল্টি শটের মধ্য দিয়ে নির্ধারিত হবে।'

পেনাল্টিতে কেন আর্জেন্টিনাকে এগিয়ে রাখা সেই ব্যাখ্যাও দিয়েছে গবেষণা প্রতিষ্ঠানটি। তাদের দেওয়া তথ্যমতে, আর্জেন্টিনা বিশ্বকাপে নিজেদের পাঁচটি পেনাল্টি শুটআউটের চারটিতেই জিতেছে।

অন্যদিকে পর্তুগালকে এখন পর্যন্ত শুধু একবার পেনাল্টি পরীক্ষায় পড়তে হয়েছে। ২০০৬ সালে সেবার ইংল্যান্ডের বিপক্ষে জিতেছিলেন রোনালদোরা।

সুপার কম্পিউটারের হিসাব-নিকাশ অবশ্য বাজির দরের সঙ্গে মিলছে না। বেটফেয়ার নামের একটি বেটিং প্রতিষ্ঠানের ভবিষ্যদ্বাণী বলছে, ব্রাজিল এবং ফ্রান্সের বিশ্বকাপ জেতার সম্ভাবনা সবচেয়ে বেশি। যেখানে ব্রাজিলের ক্ষেত্রে বাজির দর হচ্ছে ৫/১। আর ফ্রান্সের ক্ষেত্রে সেটি ৭/১।

বিশ্বকাপের স্নায়ু উত্তেজনার লড়াইয়ে অবশ্য এসব হিসাব-নিকাশ ও বাজির দর বদলে যেতে পারে। এমনকি হিসাবের বাইরে থাকা কোনো দলও সবাইকে চমকে বাজিমাত করে পাশার দান উল্টে দিতে পারে।

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh, Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মোডাসন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration

*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ



Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com



ভোটের আগে ভাত চাই!

(শেষের পাতার পর)

অবস্থা মাওলানা সাহেব দাবী তুলেছিলেন নির্বাচন স্থগিত রেখে মানবতার সেবায় ঝাঁপিয়ে পরার। অবশ্য নির্বাচন স্থগিত হয় নাই, কারন আওয়ামী লীগ চায় নাই। যথা সময়ে নির্বাচন হয় এবং আওয়ামী লীগ তাতে ভুমিধ্বস বিজয় লাভ করে।

অনেকদিন পর কথাটা মাঝেমাঝেই মনে পড়ছে। আমাদেরও সামনের বছর নির্বাচন, তার ওপর দেশের এই অবস্থা। চয়েস না এসে যায় ভোট আগে না ভাত আগে!

'৮৪ সালের দিকে আর্মি সরকারের বিরুদ্ধে যখন আন্দোলন দানা বাঁধছে, তেমন একটা সময়ে একদিন কথা প্রসঙ্গে এরশাদ সাহেবকে বলেছিলাম রাজনৈতিক দলগুলো যখন চাইছে না- আপনি ক্ষমতা ছেড়ে দিলে কি হয়। তিনি বলেছিলেন, বাঘের পিঠে উঠে বসেছি চাইলেও এখান থেকে নামা যায় না। বর্তমান ক্ষমতাসীনদের অবস্থাও অনেকটা তেমনই। চৌদ্দ বছর একটানা গদি আঁকড়ে থাকলে যা হয়- নানা স্বার্থবাদী মহল তৈরী হয়ে গেছে, যারা অবাধ লুন্ঠন চালিয়ে সম্পদের পাহাড় গড়েছে, ক্ষমতার মদমত্ততায় যার যার চেয়ারে এক একজন লাট বনেছে, ঘুষ চুরি দূর্নীতি লুটপাট কমিশন বখরা দালালী টাউটারি বাটপারি সিন্ডিকেট বাণিজ্য ব্যাংক লুট ইত্যাকার যাবতীয় অপকর্মের মাধ্যমে সারা দেশে নিজেদের মৌরসী পাট্টা কায়েম করেছে- তারা স্বেচ্ছায় ক্ষমতা ছেড়ে চলে যাবে এটা কোন পাগলেও মনে করে না। শেখ হাসিনা যদি বলেন তিনি আর থাকতে চান না, তাকে জোর করে হলেও বা ডামি হিসেবে রেখেও ব্যবহার করে যাবে। ক্ষমতা কোনদিন চলে যাবে এই লুটেরা গোষ্ঠী তা স্বপ্নেও ভাবে না। সরকারি কিছু কিছু নেতার কথা শুনে মনে হয় তাদের স্থির বিশ্বাষ পরের টার্মেও তারা থাকছেন, কোন না কোনভাবে তারাই কন্টিনিউ করবেন। দেশ কোন উচ্ছন্নে গেল রিজার্ভ কোন তলানীতে ঠেকলো বিদ্যুৎ থাকলো কি থাকলো না, বাজারে চালের দাম পঞ্চাশ না এক শ' না পাঁচ শ'- এ নিয়ে কোন মাথাব্যথা নাই। বিরোধী দলগুলোর বড় বড় শো ডাউন, ক্ষিপ্ত মানুষের রাস্তায় নেমে আসা, সামনে আন্দোলন, উন্নয়ন সহযোগী এবং প্রভাবশালী দেশগুলোর বারবার ইনক্লুসিভ ইলেকশনের আহ্বান- কোন কিছুতেই ভ্রুক্ষেপ নাই। ধরেই নিয়েছে দেশে যদি কেয়ামতও হয়ে যায় ক্ষমতায় তারাই থাকছে।

সেটাই হওয়ার কথা। কারন ক্ষমতায় না থাকলে চোর ডাকাত লুটেরা বা দলের লোকজনের কি অবস্থা হবে সে ভবিষ্যৎবানী নেতারাই দিয়ে রেখেছেন। সে কারনে হিসাবে বলে কোন একটা কলা কৌশলে আওয়ামী লীগ পরের টার্মেও কন্টিনিউ করবে, কারন ক্ষমতায় থেকে যাওয়া ছাড়া তাদের অন্য কোন অপশনই নাই। কিন্তু কি সে কৌশল!

বেশ কিছুদিন ধরেই বিষয়টা ভেবে আসছি। সরকারি নেতারা বলছেন তাদের অধীনেই নির্বাচন হবে, তা যদি হয় অবধারিতভাবে ক্ষমতায় তারাই থাকছেন। ইসি যদি অর্দ্ধেক আসনে ইভিএম বসায় তাহলেও ক্ষমতা আওয়ামী লীগের হাতে। বিদেশীরা চাইছে ইনক্লুসিভ ইলেকশন। জাতীয় পার্টি ভাঙছে, এক গ্রুপ হাতে থাকলো। হুজুর মৌলানাদের দরবারে দুই এক শ' কোটীর বস্তা ভেট পাঠালে তারাও কবুল না বলে পারবেন না। এখন কোনক্রমে যদি বিএনপি নামে আর একটা সাইনবোর্ড খাড়া করে ধানের শীষ দিয়ে নামানো যায় তাহলেই তো ইনক্লুসিভ হয়ে গেলো! রব-মান্না-নুর না এলে কি নির্বাচন বসে থাকবে! সরকার পক্ষ থেকে এমন একটা হিসাব বাজারে ছাড়া আছে। জনগনকে তারা কখনই নির্বাচন বা সরকার গঠনে ফ্যাক্টর মনে করে নাই, এখনও করে না। তবে এটাও বোঝে চৌদ্দ আর আঠারোর স্টাইলে এবার যাওয়া যাবে না। তারপরও যদি সার্বিক চাপ এমন হয়ে ওঠে, নির্বাচন অর্থে নির্বাচন করাতেই হয়, সে ক্ষেত্রে উপায়টা কি!

ইদানীং সরকারের হোমড়া-চোমরাদের কিছু কথাবার্তায় মনে হচ্ছে একটা উপায়ের রেখা বুঝি উঁকি দিচ্ছে। উন্নয়নের মহাসড়কে সওয়ার হয়েছি আমরা, দেশ সিঙ্গাপুর হতে চলেছে, শতভাগ বিদ্যুতের দেশে এক ফেরিওয়ালী ঝাকা মাথায় বিদ্যুৎ ফেরী করলেন, রিজার্ভের হাসিমাখা মুখ- এমন একটা অবস্থায় হঠাৎ করে এক শ' আশি ডিগ্রি টার্ণ নিয়ে বিদ্যুৎহীনতা আগামী বছর দূর্ভিক্ষের আশংকা, রিজার্ভ নিয়ে হতাশা, কুপি চেরাগ বাতি জ্বালানোর পরামর্শ সর্বশেষ দিনের বেলা বিদ্যুতের ব্যবহার বন্ধের চিন্তাভাবনা, রীতিমত চমক বৈ কি! ছয় মাসের আমদানী ব্যয়ের সমান ডলার নয় মাসের জ্বালানী মওজুদ- ধুপ করে সব কোথায় গেল! এখন নাকি এলএনজি কেনারই টাকা নাই! রিজার্ভের অবস্থা সামনে কোথায় গিয়ে দাঁড়াবে খোদ জ্বালানী উপদেষ্টাও জানেন না!

সরকারের কর্তাব্যক্তিরা এতসব ফালতু কথা বলেছে, তাদের এখনকার কথাবার্তাও খুব একটা বিশ্বাস হয় না। অর্থনীতির অবস্থা খারাপ- এটা মানুষ বোঝে, যখন মন্ত্রীরা গালগল্প করতেন তারও আগে থেকেই। কিন্তু হঠাৎ করে ছয় মাস নয় মাসের মওজুদ নাই হয়ে যাবে, এই হিসাবটা সহজবোধ্য না। দেশে ধান চাল গম মাছ ডিম মাংশের উৎপাদন সন্তোষজনক। এই ধারা তো আগামী বছরও অব্যাহত থাকবে। যে অল্প পরিমান আমদানী করতে হয় তা যদি ব্যাহতও হয় তাতে কি দেশে দূর্ভিক্ষের অবস্থা তৈরী হবে! দুর্ভিক্ষ মানে তীব্র খাদ্য সংকট, অনাহারে মৃত্যু, রাস্তায় রাস্তায় বেওয়ারিশ লাশ, ডাস্টবিনে উচ্ছিষ্ট নিয়ে মানুষ কুকুরে কামড়া-কামড়ি- যেমনটা দেখেছি -৭৪ সালে। সামনের বছর মন্দার বছর, মোড়ল অর্থনীতিবিদরা ফোরকাস্ট করেছেন। কিন্তু মন্দা মানে কি দূর্ভিক্ষ! না খেতে পেয়ে মানুষ মারা যাওয়া! '৭৪এ সীমাহীন চুরি দুর্নীতি লুটপাট ছিল, কিন্তু সংকট ছিল খাদ্যদ্রব্যের। সেটা ছিল গরীব প্রান্তিক আয়ের জনগোষ্ঠী এবং মধ্যবিত্তের জন্য, আওয়ামী লীগের নেতারা সে আঁচ টের পান নাই। এখন দেশে কিছুটা আলামত বিদ্যমান! তাই বলে সামনের বছর এতটাই খারাপ হবে দেশে কোন ফসলই উৎপাদন হবে না, বিদ্যুৎ কেন্দ্রগুলো সব বন্ধ করে দিতে হবে! প্রবাসীরা এক পয়সাও রেমিটেন্স পাঠাবে না! প্রিন্ট মিডিয়া ইলেকট্রনিক মিডিয়া সোস্যাল মিডিয়ায় কি তেমন কোন আঁচ আছে! মন্দার কবলে পড়বে আরও অনেক দেশ। কই ভারত পাকিস্তান শ্রীলংকা নেপাল ভুটান মিয়ানমার আফগানিস্তানের সরকার প্রধানরা তো দুর্ভিক্ষের এলান দিচ্ছেন না! তাহলে কি শুধু আমাদের দেশেই দুর্ভিক্ষ হবে! সাউথইস্ট এশিয়ায় আর কোন দেশে না!

তাহলে দূর্ভিক্ষ নিয়ে এত ঢাকঢোল কেন! সন্দেহটা এখানেই। বিরোধী দলের আন্দোলন, ইনক্লুসিভ ইলেকশনের জন্য বিদেশীদের চাপ, সরকারের ভেতরে অস্থিরতা সমন্বয়হীনতা- সব মিলে সামনের বছর যদি কঠিন হয়ে ওঠে, তখন কি হ্যান্ডেল হয়ে উঠবে এই 'দুর্ভিক্ষ'! খাবার না পেয়ে যদি মানুষ মারা যেতে থাকে, আইনশৃখংলা পরিস্থিতি যদি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়, সে পরিস্থিতিতে কি আর ইলেকনের কথা মুখে আনা যাবে! এ কথা তো বলার অ পেক্ষা রাখে না সরকার চাই লে যে কোন প রি স্থি তিই বা নি য়ে ফেল তে পা রে।

তখন তো পুরনো শ্লোগানটাই উঠে আসবে- 'ভোটের আগে ভাত চাই!' ভাতের সংস্থান করতে কয়েকটা বছর তো লাগবেই, তাই না! সে ক্ষেত্রে সংবিধান যা বলে সে অনুযায়ী চলবে। সরকারে আওয়ামী লীগই থেকে যাবে!

আইডিয়া হিসেবে একেবারে মন্দ না!

Vital Accounting Inc.
File your Tax with experienced professional.
* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services

Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212
37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

Highland Medical Care, PLLC

Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine
Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992


DR. M. M. ABDUR ROB D.D.S.
কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন ডেন্টাল সার্জন
আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।
আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি
আপনাদের সেবায় আমাদের দুটি শাখা
QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে
BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

নিয়ন্ত্রণ নিয়েই টুইটারের সিইও পরাগ আগরওয়ালকে বরখাস্ত করলেন ইলন মাস্ক

ঢাকা ডেস্ক, ২৮ অক্টোবর : বিশ্বের শীর্ষ ধনী ইলন মাস্ক সামাজিক যোগাযোগমাধ্যম টুইটারের নিয়ন্ত্রণ নিয়েছেন । প্রতিষ্ঠানটির নিয়ন্ত্রণ নেওয়ার পর তিনি এর প্রধান নির্বাহী (সিইও) পরাগ আগরওয়ালকে বরখাস্ত করেছেন । শুক্রবার ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি এ তথ্য জানিয়েছে । প্রতিষ্ঠানটির অন্যতম বিনিয়োগকারী রস গারবারের বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়, ইলন মাস্ক ৪৪ বিলিয়ন ডলার দিয়ে টুইটারের নিয়ন্ত্রণ নিয়েছেন । তিনি বলেন,ও আমার মনে হয়, আদালত মাস্ককে চুক্তি মেনে চলতে চাপ দিয়েছে । বলতে বাধা নেই যে শুরুতে এ নিয়ে বেশ জটিলতা দেখা দিয়েছিল।

মার্কিন গণমাধ্যমের বরাত দিয়ে বিবিসির প্রতিবেদনে আরও বলা হয়, টুইটারের নিয়ন্ত্রণ নেওয়ার পর মাস্ক তাৎক্ষণিক এর প্রধান নির্বাহী পরাগ আগরওয়াল ও প্রধান অর্থনৈতিক কর্মকর্তা নেদ সেগালকে বরখাস্ত করেন ।



এর আগে যুক্তরাষ্ট্রের ইলেকট্রনিক গাড়ি নির্মাতাপ্রতিষ্ঠান টেসলার প্রধান নির্বাহী ইলন মাস্ক গত বুধবার ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের সান ফ্রানসিসকোয় টুইটারের সদর দপ্তরে যান । সেখানে যাওয়ার একটি ভিডিও তিনি টুইটারে পোস্ট করেন । এতে দেখা যায়, হাতে একটি সিংক নিয়ে সদর দপ্তরে ঢুকছেন তিনি । এর ক্যাপশনে মজা করেই লিখেছেন, 'আসুন, ডোবা যাক!'

টুইটার ইস্যুতে বুধবার আরও দুটি টুইট করেছেন ইলন মাস্ক । টুইটারের প্রশংসা করে একটি বার্তায় তিনি লিখেছেন, নাগরিক সাংবাদিকতার ক্ষমতায়নে টুইটার যা করেছে, তা একটি ভালো দিক । কোনো ধরনের পক্ষপাত ছাড়া সাধারণ মানুষ এতে খবর প্রকাশ করতে পারছেন । আরেক টুইট বার্তায় তিনি লিখেছেন, টুইটারের কিছু অসাধারণ মানুষের সঙ্গে আজ সাক্ষাৎ হলো ।

কাজী অফিস
সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা
আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম
মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো,
মেরিজ সার্টিফিকেট
ও কাবিন নামা
প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের
জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS

ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.

Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com


হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক । ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে । যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ
নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার

Joy
পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা
জয় ক্যাটারিং মেন্যু
প্যাকেজ -১
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00
প্যাকেজ-২
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00
প্যাকেজ-৩
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00
প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00
148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977
32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

বাধায় বিএনপিরই লাভ দেখছেন নেতাদের একাংশ

ঢাকা ডেস্ক: বিএনপির সমাবেশের দিন ধর্মঘটের নামে গণপরিবহন বন্ধ রাখার বিপক্ষে ক্ষমতাসীন দল আওয়ামী লীগের নীতিনির্ধারণী পর্যায়ের একটি বড় অংশ। তাদের মতে, এ ধরনের প্রতিবন্ধকতা তৈরি করে আওয়ামী লীগের কোনো লাভ হচ্ছে না। বরং দেশে-বিদেশে বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হচ্ছে। আবার বিএনপির প্রচার বাড়ছে।

আওয়ামী লীগের নীতিনির্ধারণী পর্যায়ের একটি সূত্র জানায়, দলের সভাপতিমন্ডলীর একজন সদস্য ও একজন সাংগঠনিক সম্পাদক প্রস্তাব দিয়েছিলেন, বিএনপি যেদিন যে জেলায় সমাবেশ করবে তার আশপাশের কোনো জেলায় আওয়ামী লীগের সমাবেশ কর্মসূচি রাখা যেতে পারে। তাঁদের প্রস্তাব ছিল, বিএনপির খুলনার সমাবেশের দিন যশোরে আওয়ামী লীগের সমাবেশ, বিএনপির রাজশাহী বা রংপুরের সমাবেশের দিন বগুড়ায় আওয়ামী লীগের সমাবেশ কর্মসূচি দেওয়ার।

দলের নীতিনির্ধারণী পর্যায়ের একটি অংশের যুক্তি ছিল, বিএনপির সঙ্গে পাল্লা দিয়ে সমাবেশ কর্মসূচি পালন করলে নির্বাচনের আগে দলের নেতাকর্মীরা চাঙ্গা হতেন। গণমাধ্যমে একই দিন দুই দলের কর্মসূচির খবর প্রচার হতো। এতে বিএনপি একতরফা প্রচারের সুযোগ পেত না।

আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর একজন সদস্য নাম প্রকাশ না করার শর্তে বলেন, বিএনপির সঙ্গে মিল রেখে একই দিন সমাবেশ দিলে দুই দলের সংঘর্ষ বেধে যেতে পারে—এমন আশঙ্কায় কর্মসূচি গ্রহণ করা হয়নি। তবে তিনি মনে করেন, কর্মসূচি গ্রহণ করলে ভালো হতো। এখন যতই বলা হয়, বিএনপির সমাবেশে বাধা দেওয়ার পেছনে আওয়ামী লীগের হাত নেই, কিন্তু দায় তো সরকার বা আওয়ামী লীগের ওপরই এসে পড়ছে।


জানতে চাইলে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম বলেন, 'আমরা কেন বিএনপির সমাবেশে বাধা দিতে যাব? আমরা চাই তারা নির্বিঘ্নে সভা-সমাবেশ করুক। তবে অতীতে তাদের জ্বালাও-পোড়াওয়ের উদাহরণ আছে। তা মনে করে পরিবহন মালিক-শ্রমিকরা ধর্মঘট পালন করলে তো আমাদের কিছু বলার থাকে না।'

বিএনপির সঙ্গে পাল্লা দিয়ে কর্মসূচিগ্রহণ না করলেও রাজধানীতে সাংগঠনিক শক্তি প্রদর্শনের সিদ্ধান্ত নেয় আওয়ামী লীগ। তারা শনিবার পুরনো বাণিজ্য মেলার মাঠে বড় সমাবেশ করছে। ঢাকা জেলা আওয়ামী লীগের সম্মেলন উপলক্ষে এ সমাবেশ অনুষ্ঠিত হবে। প্রথমদিকে এ সমাবেশে প্রধান অতিথি করার কথা ছিল আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাকে। কিন্তু সিদ্ধান্ত গ্রহণের দুই দিন পরে তা পরিবর্তন করা হয়। আজ এ সমাবেশে প্রধান অতিথি থাকবেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এ সমাবেশে লক্ষাধিক নেতাকর্মী উপস্থিত করার চিন্তা আছে দলটির।

আওয়ামী লীগের কেন্দ্রীয় একটি সূত্র জানায়, দলের নীতিনির্ধারকদের মধ্যে বিএনপির সমাবেশে প্রতিবন্ধকতা তৈরি না করার পক্ষের লোকই বেশি। কিন্তু আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীর আশঙ্কা, বিএনপি সুযোগ পেলেই নাশকতা তৈরি করবে। সে কারণে তারা বিএনপির প্রতি কঠোরতা দেখাচ্ছে।

সমাবেশে বাধা দেওয়া প্রসঙ্গে শুক্রবার বিকেলে আগারগাঁও পুরনো বাণিজ্য মেলার মাঠে সম্মেলনস্থল পরিদর্শনকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, 'পরিবহনের নেতারা স্পষ্ট করে বলে দিয়েছেন, ২০১৩-১৪ সাল তাঁদের স্মরণে রয়েছে। সে সময় তারা (বিএনপি) অজস্র গাড়ি ভেঙেছে, পুড়িয়েছে এবং পরিবহন শ্রমিকদের হত্যা করেছে। সেগুলো স্মরণ করেই তাঁরা মনে করছেন, এগুলো আবারও ঘটতে পারে। এখানে আমাদের কোনো হাত নেই।'

ক্ষমতাসীন দলের নীতিনির্ধারণী পর্যায়ের একজন নেতার মতে, যেকোনো রাজনৈতিক সভা-সমাবেশের লক্ষ্য থাকে প্রচার। বিএনপির সমাবেশ বাধাহীনভাবে হলে গণমাধ্যমে শুধু ওই দিনই তাদের বক্তব্য প্রচার হতো। বিএনপির রাজনৈতিক লক্ষ্য, উদ্দেশ্য কী তা নিয়ে বিভিন্ন মহলে কথা হতো। কিন্তু বাধা দেওয়ার ফলে এসব নিয়ে আলাপ হচ্ছে না, কয়েক দিন ধরে সরকারের বিরুদ্ধে নেতিবাচক প্রচারণা চলমান থাকছে। তিনি বলেন, আরেকটি বিষয় হলো, বাধা দিলে রাজনৈতিক নেতাকর্মীদের মধ্যে এক ধরনের জেদ তৈরি হয়। যে নেতাকর্মীরা হয়তো সমাবেশে যেতেনই না তাঁরাও জেদের বশে সমাবেশে হাজির হচ্ছেন। এগুলো গণমাধ্যমে ফলাও করে প্রচার হচ্ছে। ফলে পরিবহন ধর্মঘটের কারণে আওয়ামী লীগের লাভের চেয়ে লোকসান হচ্ছে বেশি।







বাসা ভাড়া

BASEMENT FOR RENT

2 BED ROOM WALKING BASEMENT 3 CLOSETS,LIVING, DINING AND KITCHEN OPEN SPACE & BIG FULL BATH. STREET PARKING AVAILABLE 24/7. $1400 EVERYTHING INCLUDED. SAME HOUSE WALKING BASEMENT 1 CONDO APARTMENT SEPARATE ENTRANCE WITH A SMALL KITCHEN AND STAND SHOWER. IDEAL FOR A BACHELOR OR A STUDENT. $650 EVERYTHING INCLUDED CONTACT INFO : 3474765513 OR 3476055651

SEMI BASEMENT FOR RENT

Semi Basement From Sep 01, 2022 Corner of 200 th Street Hollis Ave 1 Bedroom, Living Room, Full Bath, Separate Entrance Hollis Mosque next block, Q2 Bus, Fine Fare Super Market, Rent $1200 Including everything.

Kamran
917 525 8844
Shimul
646 280 5001

বাসা ভাড়া

জেএফকে এয়ারপোর্টের কাছে জ্যামাইকার ১০৫ এভিনিউ এবং পাইনগ্রোভ স্ট্রীটে এক বেডরুম ও এক বাথরুমের বেসমেন্ট ভাড়া হবে। আলাদা প্রবেশপথ, আলাদা বাথরুম ও রান্নাঘর। বাস স্টপ থেকে এক ব্লক দূরে, জেএফকে থেকে ৭ মিনিটের ড্রাইভ। যোগাযোগ: ৯১৭-৩৪১-৩৬১৫। আ-০১/০৮

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৩৮-২৬ ৯৫ এভিনিউতে বেসমেন্ট স্বামী-স্ত্রীর জন্য ভাড়া দেয়া হবে অক্টোবর থেকে। খুব ভাল লোকেশন। বাস স্টেশন, সাবওয়ে ও লং আইল্যান্ড রেলরোড, জেএফকে এয়ার ট্রেন অতি কাছে। শুধুমাত্র আগ্রহীরা যোগাযোগ করুনঃ ৭১৮-৭৯৫-৮৬২৮

বাসা ভাড়া

সানিসাইড ৪৬ স্ট্রীট এবং ৪৮ এভিনিউ এ অধূমপায়ী মুসলিম পরিবারের জন্য ২য় তলায় এ সম্পূর্ণ নতুন ভাবে তৈ তৈরি করা দুই বেডরুম বাসা ভাড়া দেয়া হবে।

যোগাযোগঃ
৯১৭--৫৬২-১৩৬৮

বাসা ভাড়া

কুইন্স ভিলেজে মনোরম পরিবেশে ২২২-২৬ ৯৩ এভিনিউ ঠিকানায় সেকেন্ড ফ্লোরে ২ বেডেরুম এটিক সহ বাসা ফেব্রুয়ারী মাস থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৩৪৭-৪৬৮-০৯০৩
জা-১৭/২৪

বাসা ভাড়া

জেএফকে এয়ারপোর্ট থেকে মাত্র ৭ মিনিটের দুরত্বে ১ বেডরুম, কিচেন বাথরুম সহ বেসমেন্ট ভাড়া হবে। আলাদা প্রবেশপথ। পাশেই রয়েছে বাস স্টপেজ। যোগাযোগ: ৯২৯-২৩২-৯৪৬৮ সে- ১৯/২৬

বেইজমেন্ট ভাড়া

বায়তুর মামুর মসজিদ এবং ইউক্লিভ সাবওয়ের কাছে ২ বেড রুম, কিচেন ডাইনিং বাথসহ একটি সেমি বেইজমেন্ট ভাড়া দেওয়া হবে। বাসার ঠিকানা: ৬৭৩ ইউক্লিড এভিনিউ। যোগাযোগ: ৩৪৭-২৮৫-৯৮১০
অক্টো-২৪/৩১

আবশ্যক

ব্রঙ্কসের পার্কচেষ্টার এলাকায় একটি ফার্মেসীতে ফুল টাইম ক্যাশিয়ার/ফার্মেসীতে টেকনিশিয়ান আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-৮৫১-২৬৮৮
অক্টো-৩১

আবশ্যক

জ্যামাইকা হিলসাইড এভিনিউ ও ১৬৪ স্ট্রিট এ অফিসের কাজের জন্য এমএস এক্সেল ও বিশেষ করে ইন্টারনেট ব্রাউজিং এ দক্ষতাসম্পন্ন দায়ত্বিবান লোক (ফুল টাইম - মহিলা অথবা পুরুষ; ওয়ার্ক পার্মিট থাকা জরুরী নয়) আবশ্যক।
যোগাযোগ (৭১৮) ৮৩৯-৫৮১২

LIVE IN NANNY WANTED

Need of a live in nanny to take care of a little kid and help with little house hold work as well in Ridgefield, New Jersey. Traveling is also acceptable. Contact persons: Rahima: 1 (646) 346-0395 Ayesha 1 (646) 431-0724

HOUSE FOR RENT

2 Bedroom Apartment with Large Living room for Rent in Hollis. 195-21 Carpenter Ave Hollis, NY 11423. Rent: $2200.00
Tel: 718-200-0723

মেডিকেল এ্যাসিস্ট্যান্ট আবশ্যক

ব্রঙ্কসের পার্কচেস্টারে অবস্থিত একটি স্বনামধন্য ডায়াগনিস্টিক সেন্টারে কাজ করার জন্য বাংলাভাষী মেডিকেল এ্যাসিস্ট্যান্ট আবশ্যক। বাংলাদেশ থেকে ডাক্তারী পাশ করা বা নার্স হিসাবে কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। বেতন আলোচনা সাপেক্ষ।

যোগাযোগঃ ২৬৭-৩৪২-১৪৮১

পাত্রী চাই

ইউএস সিটিজেন, বয়স ৫৫, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরীজীবী, সুপ্রতিষ্ঠিত মুসলিম ধার্মিক পাত্রের জন্য বিধবা, ডিভোর্স (বৈধ কাগজপত্র না থাকলেও চলবে) পাত্রী চাই।
যোগাযোগ: ৬৪৬-৭০৭-৯৬১৪ সে-০৫/০৬

One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact



বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৩৮-২৬ ৯৫ এভিনিউতে বেসমেন্ট স্বামী-স্ত্রীর জন্য ভাড়া দেয়া হবে অক্টোবর থেকে। খুব ভাল লোকেশন। বাস স্টেশন, সাবওয়ে ও লং আইল্যান্ড রেলরোড, জেএফকে এয়ার ট্রেন অতি কাছে।

শুধুমাত্র আগ্রহীরা যোগাযোগ করুনঃ
৭১৮-৭৯৫-৮৬২৮

লং আইল্যান্ডে ড্রাইভাভিং স্কুলে ইনস্ট্রাকটর আবশ্যক

লং আইল্যান্ড সাফক কাউন্টি তে ফুলটাইম/ পার্টটাইম ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞতাসম্পন্ন ইনস্ট্রাকটর আবশ্যক। বেতন ২০ ডলার-২৫ ডলার /প্রতি লেসন্
যোগাযোগঃ ৬৩১-২৭৫-৪০০৭

ঢাকায় জমি/প্লট ক্রয়

আমরা ঢাকায় গুলশান, বারিধারা, উত্তরা, পূর্বাচল এবং বসুন্ধরায় যে কোন সাইজের জমি/প্লট ক্রয় করে থাকি।
যোগাযোগ করুন:
আমেরিকা: Omar Chowdhury Tel: (+1) 404-610-4002
e-mail: omarchowdhury@hotmail.com
লন্ডন: Foyzul Islam Tel: (+44) 794-9533089
e-mail: foyzul.islam@hotmail.co.uk

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!

শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

বাসা ভাড়া

এস্টোরিয়ার ৩৫ এভিনিউ ও ৯ স্ট্রিটে তিন তলায় এপার্টমেন্টে ২ বেডরুমের একটি বাসা ভাড়া দেয়া হবে শেয়ারে। মহিলা অথবা ফ্যামিলিকে অগ্রাধিকার দেয়া হবে।

যোগাযোগ: ৯২৯-২৫৭-৭৮৪৫
সে-১২/১৯

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

৭১৮-৪৭২-৯৯২৩

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

সিলেটে জায়গা বিক্রয়

সিলেটের চন্ডিপুল বলদী মৌজা এলাকায় কুশিয়ারা মেইন রোড সংলগ্ন ৪০ শতক জায়গা বিক্রয় হইবে। পূর্বে সিলেট-ঢাকা-চৌমুহনী (চন্ডিপুল), পশ্চিমে কুশিয়ারা কনভেনশন হল, উত্তরে ইকবাল টাওয়ারে পূবালী ব্যাংক, দক্ষিণে নিয়ামাহ টাওয়ার মেঘনা ব্যাংক ও অন্যান্য প্রতিষ্ঠান। যোগাযোগ: মহিদুল ইসলাম লোফা। **ফোন: ১-৯২৯-২৬১-৩৮৬২** জা-৩১/ফে-২২

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।

Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444



অর্থনৈতিক ক্ষমতায়নে ঐক্যের প্রত্যয়

(প্রথম পাতার পর)

নিজেদের স্বার্থ রক্ষায় লবিং সহ সকল পর্যায়ে ভূমিকা রাখতে পারবো।

লং আইল্যান্ড সিটিস্থ টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র বার্তা কক্ষে বৃহস্পতিবার সন্ধ্যায় এই 'বিজনেস রাউন্ড টেবিল' সভার আয়োজন করা হয়। এতে স্বাগত বক্তব্য রাখেন এবং সভায় মডারেটরের দায়িত্ব পালন করেন বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টিভির সিইও আবু তাহের। এসময় তিনি তার বক্তব্যে বিজনেস রাউন্ড টেবিল আলোচনার লক্ষ্য ও উদ্দেশ্য তুলে ধরেন এবং আগামী দিনে বাংলাদেশী আমেরিকান ব্যবসায়ীদের কনভেনশনের মাধ্যমে নিজেদেরকে মূলধারায় তুলে ধরার উপর গুরুত্বারোপ করেন।

আলোচনায় বিশেষ অলোচক ছিরেন রিকম মডর্টগেজ এর জান ফাহিম, বিশিষ্ট ব্যাংকার, ইসমাইল আহমেদ, প্রবীণ ব্যবসায়ী মোহাম্মদ বদরুল হক, বিশিষ্ট ব্যবসায়ী কাজী হেলাল আহমেদ।

আলোচনায় অন্যান্যের অংশ নেন ফেরদৌস খান, আব্দুর রহীম হাওলাদার, আবু নাসের, এস এম ফেরদৌস, জয়নাল অবেদীন, ফকু চৌধুরী, মিয়া মোহাম্মদ আফজাল, মামুন অর রশীদ, মোহাম্মদ খলিরলুর রহমান, শরীফ লস্কর, মোহাম্মদ চিশতি সিপিএ, আহাদ আলী সিপিএ, ইশতিয়াক আলম, আলী আহসান, মোহাম্মদ জাবেদ উদ্দিন, নূরুল হুদা হারুন, তোফায়েল লিটন চৌধুরী, সদরুল তালুকদার, নাইম চৌধুরী প্রমুখ।

আলাচনায় বক্তারা বলেন, ব্যবসা বাণিজ্য ছাড়াও শিক্ষা, চিকিৎসা, আইটি সহ সকল প্রফেশনেই বাংলাদেশীরা অগ্রগামী এবং ভালো করছেন। এখন যদি আমরা একে অপরকে জানতে, চিনতে, বুঝতে পারি এবং একটি প্ল্যাট ফর্মে আসতে পারি তবে এক বাংলাদেশী আরেক বাংলাদেশীকে সাহায্য করতে পারি। বক্তারা জনাব আবু তাহেরের উদ্যোগে প্রশংসা কনে এবং এমন উদ্যোগ বাস্তবায়নের জন্য গোলটেবিল আলোচনা অব্যাহত রাখার আহ্বান জানান। অনুষ্ঠানটি টাইম টেলিভিশন সরাসরি সম্প্রচার করে। সবশেষে ছিলো নৈশভোজ।



আ.লীগে আস্থা রেখে মানুষ এবারো ভোট দেবে: শেখ হাসিনা

ঢাকা ডেস্ক: আওয়ামী লীগে আস্থা রেখে মানুষ তিনবার ভোট দিয়েছে এবং আগামী জাতীয় নির্বাচনেও ভোট দেবে বলে প্রত্যাশা ব্যক্ত করেছেন দলটির সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুক্রবার আওয়ামী লীগের কার্যনির্বাহী সংসদের বৈঠকে সূচনা বক্তব্যে তিনি প্রত্যাশা ব্যক্ত করেন। বিকাল ৪টায় প্রধানমন্ত্রীর সরকারি বাস-ভবন গণভবনে আওয়ামী লীগের কার্যনির্বাহী সংসদের এ বৈঠক অনুষ্ঠিত হয়।

শেখ হাসিনা বলেন, 'আওয়ামী লীগের ওপরে মানুষের আস্থা রয়েছে বলেই তিনবার ভোট দিয়ে নির্বাচিত করেছে, এবারো দেবে কিন্তু যারা সন্ত্রাসী, খুনি, জনগণের অর্থ লুটপাটকারী, বোমা-গ্রেনেড হামলাকারী ও অর্থপাচারকারী- জনগণ তাদের বিশ্বাস করে না, ভোটও দেবে না' তিনি বলেন, 'আওয়ামী লীগ গণতন্ত্রে বিশ্বাস করে বলেই, বিএনপি আজ আন্দোলন করতে পারছে কিন্তু বিএনপির যারা খুনের সঙ্গে জড়িত, অগ্নিসন্ত্রাসের সঙ্গে জড়িত, জঙ্গিবাদের সঙ্গে জড়িত তাদের ধরতে হবে তাদের কোনো ছাড় নেই

সভায় আগামী ২৪ ডিসেম্বর আওয়ামী লীগের ২২তম জাতীয় সম্মেলনের তারিখ চূড়ান্ত হয়।

আওয়ামী লীগ সভাপতি ডিসেম্বরে দলের জাতীয় কাউন্সিলের বিষয়ে বলেন, 'বর্তমান বৈশ্বিক সংকটের কারণে ব্যয় কমাতে হবে ২২তম জাতীয় সম্মেলনের আনুষ্ঠানিকতায়। তাই খরচ কমানোর জন্য আয়োজন হবে সাদামাটা।' এ সময় ২২তম জাতীয় সম্মেলন প্রস্তুত কমিটি গঠনের নির্দেশ দেন শেখ হাসিনা।

রাঙ্গাকে চিফ হুইপের পদ থেকে সরালেন কাদের, এখতিয়ার নেই বললেন রওশন

(প্রথম পাতার পর)

সিদ্ধান্ত গণমাধ্যমে জানানোর ঘটনা তার অগণতান্ত্রিক আচরণের বহিঃপ্রকাশ।

তিনি বলেন, সংসদের ধারা মোতাবেক কাউকে কোনো পদ থেকে অব্যাহতি দেওয়া হলে সেই সিদ্ধান্ত প্রকাশ করার ক্ষমতা রাখেন একমাত্র স্পিকার। যা প্রজ্ঞাপনের মাধ্যমে গণমাধ্যমে প্রকাশ করা হয়।

পার্টির পার্লামেন্টারি দল বা নেতা বা উপনেতা এ ধরনের সিদ্ধান্তের কথা প্রকাশ করতে পারেন না। দলের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হয় না। দল কেবল স্পিকারের নিকট আবেদন করতে পারে। তাই মশিউর রহমান রাঙ্গা বিরোধীদলীয় চিফ হুইপ হিসেবে বহাল আছেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

এর আগে শুক্রবার বিরোধীদলীয় চিফ হুইপের পদ থেকে মসিউর রহমান রাঙ্গাকে অব্যাহতি দেওয়া হয়েছে বলে গণমাধ্যমে খবর প্রকাশিত হয়। একই সঙ্গে তাকে জাতীয় পার্টির (জাপা) প্রাথমিক সদস্য পদ থেকেও তাকে অব্যাহতি দেওয়া হয়।

সেই সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হযয়, জাপা চেয়ারম্যান জি এম কাদের দলীয় গঠনতন্ত্রের ধারা ২২, উপধারা ২ এর প্রদত্ত ক্ষমতাবলে মসিউর রহমান রাঙ্গাকে বিরোধীদলীয় চিফ হুইপের পদ থেকে অব্যাহতি দিয়েছেন। জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের অদ্য দলীয় গঠনতন্ত্রে প্রদত্ত ক্ষমতা ও গত ৮ অক্টোবর প্রেসিডিয়াম ও সংসদ সদস্যদের যৌথসভার সিদ্ধান্ত মোতাবেক মসিউর রহমান রাঙ্গাকে প্রাথমিক সদস্য পদ থেকে অব্যাহতি দিয়েছেন।

জলবায়ু পরিবর্তন শুধুই নিষ্ফল অঙ্গীকার)

(প্রথম পাতার পর)

বার্ষিক নিঃসরণ সংক্রান্ত প্রতিবেদনে জানিয়েছে, গত বছর গাসগোতে কপ২৬ সম্মেলনে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, তা বাস্তবায়িত হলে ২০৩০ সাল নাগাদ নিঃসরণ কমবে মাত্র ১ শতাংশেরও কম।

প্রতিবেদন প্রকাশের এক দিন পরেই জাতিসংঘের পরিবেশবিষয়ক সংস্থা ইউএনইপির পক্ষ থেকেও জানানো হয়েছে সতর্কবার্তা। বলা হয়েছে, বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধির হার ১.৫ থেকে ২ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমাবদ্ধ রাখতে কিছু করার কাছাকাছি অবস্থানেও নেই দেশগুলো। সংস্থাটি আরো বলেছে, নিঃসরণ কমানোর ক্ষেত্রে অগ্রগতি দুঃখজনকভাবে অপর্যাপ্ত।

বৈশ্বিক কার্বন নিঃসরণ নিয়ে আইইএর সতর্কবার্তা

এদিকে গত বৃহস্পতিবার আন্তর্জাতিক জ্বালানি সংস্থা (আইইএ) জানিয়েছে, ২০২৫ সাল নাগাদ বৈশ্বিক জ্বালানি সংশ্লিষ্ট কার্বন নিঃসরণ সর্বোচ্চ মাত্রায় পৌঁছাবে বলে ধারণা করা হচ্ছে।

গত বছরই আইইএ বলেছিল, 'কোনো চূড়ান্ত মাত্রা নেই।' কিন্তু ইউক্রেন-রাশিয়া যুদ্ধের প্রেক্ষাপটে পাল্টে গেছে সেই পরিস্থিতি। বায়ু ও সৌরশক্তি খাতে নতুন করে উচ্চমাত্রার বিনিয়োগ সব ধরনের জীবাশ্ম জ্বালানির চাহিদাকে শীর্ষে নিয়ে যাবে এবং এর জেরে একটা নির্দিষ্ট সময়ের পরে মোট কার্বন নিঃসরণ কমে আসবে বলে ধারণা করা হচ্ছে।

সংস্থাটির প্রকাশিত সর্বশেষ বার্ষিক বিশ্ব জ্বালানিসংক্রান্ত প্রতিবেদনে বলা হয়েছে, ইউক্রেনে রাশিয়ার আগ্রাসনের কারণে সৃষ্ট বৈশ্বিক জ্বালানি সংকট গভীর এবং দীর্ঘমেয়াদি পরিবর্তনের কারণ হয়ে দাঁড়িয়েছে। এর জেরে আরো টেকসই নিরাপদ জ্বালানি ব্যবস্থার দিকে দ্রুত এগিয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

আইইএর অনুমান, উর্ধ্বমুখী জ্বালানি মূল্যের মুখে বিশ্বের বিভিন্ন দেশের সরকারের সর্বশেষ নীতি ও পদক্ষেপে পরিচ্ছন্ন শক্তি খাতে বিনিয়োগ বর্তমানের তুলনায় ৫০ শতাংশ বেশি বৃদ্ধি পাবে। এর ফলে নবায়নযোগ্য এবং পরমাণুশক্তি খাতে উল্লেখযোগ্য সফলতা আসবে।

আইএ বলছে, 'এর ফলাফল হিসেবেই ২০২৫ সাল নাগাদ বৈশ্বিক নিঃসরণ শীর্ষ পর্যায়ে পৌঁছবে।'

ঐতিহাসিক চুক্তি

বৃহস্পতিবার গাড়ির কার্বন নিঃসরণ প্রশ্নে আইন তৈরিতে এক সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। ওই চুক্তির অধীনে ২০৩৫ সাল নাগাদ কার্বন নিঃসরণকারী নতুন গাড়ি বিক্রি বন্ধ করে দেওয়া হবে।

এ বিষয়ে ইউরোপীয় কাউন্সিল এবং ইউরোপীয় ইউনিয়নের আলোচনা শুরু হয় বৃহস্পতিবার। পরে ইইউ সদস্য ফ্রান্সের প্যাসকাল ক্যানফিন এক টুইট বার্তায় বলেন, 'আমরা এইমাত্র গাড়ির জন্য কার্বন মানদন্ড বিষয়ে আলোচনা শেষ করলাম।' এটাকে ঐতিহাসিক সিদ্ধান্ত আখ্যা দিয়ে

তিনি বলেন, এ সিদ্ধান্তের মধ্য দিয়ে সুনির্দিষ্টভাবে ২০৩৫ সাল নাগাদ গাড়ি থেকে কার্বন নিঃসরণ শতভাগ বন্ধ করার বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

বর্তমানে ইউরোপের মোট কার্বন নিঃসরণের প্রায় ১৫ শতাংশই আসে গাড়ি থেকে। আর গোটা পরিবহন খাত থেকে আসে প্রায় ২৫ শতাংশ। সূত্র: এএফপি

আমেরিকান স্যাটেলাইট ধ্বংসের হুমকি রাশিয়ার

(প্রথম পাতার পর)

হবে।" হোয়াইট হাউসের মুখপাত্র জন কিরবি সাংবাদিকের সঙ্গে আলাপকালে এই প্রতিক্রিয়া দেন। এ সময় তিনি বলেন, "সর্বজনীনভাবে পাওয়া তথ্যানুযায়ী মনে হচ্ছে রাশিয়া অ্যান্টি-স্যাটেলাইটপ্রযুক্তি ব্যবহারের চেষ্টা করছে।

এর আগে রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা কনস্তানতিন ভোরোনতসভ হুমকি দিয়ে বলেন, "যুদ্ধে পশ্চিমাদের স্যাটেলাইটগুলো যদি ইউক্রেনকে সহায়তার কাজে ব্যবহার করা হয়, তাহলে সেগুলো রাশিয়ার লক্ষ্যবস্তুতে পরিণত হতে পারে।"

তিনি বলেন, "বিশ্ব রাজনীতিতে পশ্চিমাদের অধিপত্য বাড়াতে আমেরিকা ও তার মিত্ররা মহাকাশ সংশিষ্ট প্রযুক্তি ব্যবহারের চেষ্টা করছে। পশ্চিমা স্যাটেলাইটগুলো ব্যবহার করে ইউক্রেনকে সহায়তা চরম বিপজ্জনক একটি প্রবণতা।"

ইউক্রেন যুদ্ধে পশ্চিমা স্যাটেলাইটের ব্যবহারকে 'উসকানিমূলক' আখ্যা দিয়ে রুশ এই কর্মকর্তা বলেন, "এর জবাবে স্বাভাবিকভাবেই তাদের বেসামরিক স্যাটেলাইটগুলোকে লক্ষ্যবস্তুতে পরিণত করা হতে পারে। এই বেসামরিক স্যাটেলাইটগুলোর মধ্যে বাণিজ্যিক স্যাটেলাইটও রয়েছে।"

হামলার হুমকি দিলেও কনস্তানতিন ভোরোনতসভ নির্দিষ্ট কোনও স্যাটেলাইট প্রতিষ্ঠানের নাম উলেখ করেননি। সূত্র: রয়টার্স, ইউএসনিউজ

ন্যান্সি পেলোসির স্বামীর ওপর 'হাতুড়ি হামলা

(প্রথম পাতার পর)

ন্যান্সি পেলোসিকে হামলার জন্য খুঁজছিল। হামলাকারী পল পেলোসির মুখোমুখি হয়ে কোথায় ন্যান্সি পেলোসি, কোথায় ন্যান্সি পেলোসি বলে চিৎকার করে।

এক বিবৃতিতে পেলোসির কার্যালয় থেকে বলা হয়েছে, ৮২ বছর বয়সী পলকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। আশা করা হচ্ছে, শিগগিরই তিনি সুস্থ হয়ে ফিরবেন।

ইতোমধ্যে হামলাকারীকে আটক করা হয়েছে। তবে হামলার কারণ কী, তা তদন্ত করে দেখা হচ্ছে। এ ছাড়া হামলার সময় পেলোসি বাসায় ছিলেন না বলে প্রতিবেদনে বলা হয়েছে।

নিউইয়র্ক আসছেন টমি মিয়া

(প্রথম পাতার পর)

হচ্ছে আগামী ৬ নভেম্বর রোববার। এতে উপস্থিত থাকবেন লন্ডন প্রবাসী বিশ্বখ্যাত বাংলাদেশী শেফ টমি মিয়া। উৎসব গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করছে। এদিন বিকেল ৬টায় ফ্লশিংস্থ ওয়ার্ল্ড ফেয়ার মেরিনায় এই অনুষ্ঠিতব্য এই আয়োজনে বাংলাদেশী ফুড তুলে ধরে হবে বলে জানিয়েছেন অন্যতম উদ্যোক্তা সৈয়দ আল আমীন রাসেল। টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা এই অনুষ্ঠানের অন্যতম মিডিয়া পার্টনার।

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com



‘রব-রুহুল’ প্যানেলের বিজয় উৎসবে প্রবাসীদের ঢল

(শেষের পাতার পর)

সভাপতিত্বে এবং নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব আব্দুল মান্নান ও এম এ বাসিতের যৌথ পরিচালনায় অনুষ্ঠানের উদ্বোধন করেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি ও ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান এম আজিজ। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশিষ্ট রাজনীতিবিদ ড. সিদ্দিকুর রহমান, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি মেম্বার হাজী মফিজুর রহমান, ওয়াসী চৌধুরী ও আব্দুল হাসিম হাসনু, ‘রব-রুহুল’ প্যানেল থেকে নবনির্বাচিত সভাপতি আব্দুর রব মিয়া, সিনিয়র সহ সভাপতি মহিউদ্দীন দেওয়ান, সহ সভাপতি ফারুক চৌধুরী, সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, কোষাধ্যক্ষ নওশেদ হোসেন, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম ভুঁইয়া, কমিউনিটি অ্যাক্টিভিস্ট শাহ নেওয়াজ, মঈনুল ইসলাম, ফখরুল ইসলাম দেলোয়ার, আবুল কাসেম, রাফেল তালুকদার, আক্কাস আলী, ইউসুফ জসিম, কাজী তোফায়েল ইসলাম, নাদের আইয়ুব প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা নির্বাচনে ‘রব-রুহুল’ প্যানেলের বিশাল বিজয়ে অভিনন্দন জানিয়ে তাদের দেয়া সকল প্রতিশ্রুতি বাস্তবায়নের আহবান জানান।

নব নির্বাচিত সভাপতি আব্দুর রব মিয়া এ বিজয়ের জন্য কমিউনিটির সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে সোসাইটিকে এগিয়ে নেয়ার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। একটি সুন্দর, সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন সম্পন্ন করায় নির্বাচন কমিশন, মিডিয়াসহ কমিউনিটির সকলের সহযোগিতার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জানান।

নব নির্বাচিত সভাপতি আব্দুর রব মিয়া ও সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী তাদের বক্তব্যে ‘রব-রুহুল’ প্যানেলের দেয়া সকল নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। তারা বলেন, নির্বাচনে বিজিতসহ সকলকে সাথে নিয়ে যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটি ইনক’র সার্বিক উন্নয়নে কাজ করবেন।

পরে সোসাইটির নির্বাচিত জন সংযোগ ও প্রচার সম্পাদক রিজু মোহাম্মদের পরিচালনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এতে সংগীত পরিবেশন করেন জনপ্রিয় বাউল শিল্পী কালা মিয়া, প্রবাসের শিল্পী ডা. শাহনাজ লিপি, সেলিম ইব্রাহীম, রোজি ও প্রদীপ ভট্টাচার্য। শিল্পীদের মনোজ্ঞ পরিবেশনা দর্শক-শ্রোতারা গভীর রাত পর্যন্ত উপভোগ করেন।

পরে কেক কেটে বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি কামাল আহমেদের সহধর্মিনীর জন্মদিন পালন করা হয়।

উল্লেখ্য, বাংলাদেশ সোসাইটির সদ্য সমাপ্ত নির্বাচনে ‘রব-রুহুল’ প্যানেলের বিজয়ীরা (পূর্ণ প্যানেল) হলেন : সভাপতি- আব্দুর রব মিয়া, সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দীন দেওয়ান, সহ সভাপতি- ফারুক চৌধুরী, সাধারণ সম্পাদক- রুহুল আমিন সিদ্দিকী, সহ সাধারণ সম্পাদক- আমিনুল চৌধুরী, কোষাধ্যক্ষ- নওশেদ হোসেন, সাংগঠনিক সম্পাদক- আবুল কালাম ভুঁইয়া, সাংস্কৃতিক সম্পাদক- ডা. শাহনাজ লিপি, জনসংযোগ ও প্রচার সম্পাদক- রিজু মোহাম্মদ, সমাজকল্যাণ সম্পাদক- মোহাম্মদ টিপু খান, সাহিত্য সম্পাদক- ফয়সল আহমদ, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- মাইনুল উদ্দিন মাহবুব, স্কুল ও শিক্ষা সম্পাদক- প্রদীপ ভট্টাচার্য, কার্যকরী সদস্য যথাক্রমে মোহাম্মদ সাদী মিন্টু, ফারহানা চৌধুরী, শাহ মিজান, আবুল বাশার ভূইয়া, আক্তার হোসেন বাবুল ও সুশান্ত দত্ত।

আরো উল্লেখ্য, সোসাইটির নির্বাচনে সোসাইটির কার্যকরী পরিষদের ১৯টি পদে ৪০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হন। এর মধ্যে ‘রব-রুহুল’ ১৯জন এবং ‘নয়ন-আলী’ প্যানেল থেকে ১৭ জন এবং স্বতন্ত্র সভাপতি প্রার্থী হিসেবে সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন এবং স্বতন্ত্র সাধারণ সম্পাদক পদে আব্দুল মোমেন (সোহেল) প্রতিদ্বন্দ্বিতা করেন।

‘নয়ন-আলী’ প্যানেলের ১৯জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করলেও পরবর্তীতে নির্বাচন কমিশন কর্তৃক মনোনয়নপত্র বাছাইকালে তাদের দু’সদস্যের মনোনয়নপত্র বাতিল হয়। এ নির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ২৭,৫১৩।

যুক্তরাষ্ট্রে পার্টনারশিপ অ্যাওয়ার্ড জিতলেন আজিজ

(শেষের পাতার পর)

কোম্পানি ইউটিসি অ্যাসোসিয়েটসের এই সিইও এবার জিতেছেন নিউইয়র্ক নিউজার্সী মাইনরিটি সাপ্লায়ার ডেভেলপমেন্ট কাউন্সিলের পার্টনারশিপ অ্যাওয়ার্ড। এর আগে চলতি বছরের এপ্রিলে তিনি গ্রিন টেকনোলজির জন্য তিনি নোভা অ্যাওয়ার্ড পান।

গত ২০ অক্টোবর বৃহস্পতিবার নিউইয়র্কের ম্যানহাটনে এক আড়ম্বরপূর্ণ আয়োজনে আজিজ আহমদের হাতে পার্টনারশিপ অ্যাওয়ার্ড তুলে দেয় এনওয়াইএনজেএমএসডিসি। ৩০টি প্রতিযোগী কোম্পানিকে পেছনে ফেলে এবছরের বেস্ট সাপ্লায়ার অব দ্য ইয়ার নির্বাচিত হয় আজিজ আহমদের প্রযুক্তিভিত্তিক সেবা প্রতিষ্ঠান ইউটিসি অ্যাসোসিয়েটস। নিউইয়র্কের ম্যানহাটান ভিত্তিক এই কোম্পানি দুই দশকেরও বেশি সময় ধরে যুক্তরাষ্ট্র সরকার ও কর্পোরেট পর্যায়ে প্রযুক্তি সহায়তা ও সরবরাহ করে আসছে।

অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র-চীন চেম্বার অব কমার্স-এর প্রসিডেন্ট সাভিও চ্যান বলেন, বিগত ২০ বছর ধরে আজিজ আহমদ একজন চ্যাম্পিয়ন হিসেবে প্রযুক্তি সরবরাহ সেবায় সম্পৃক্ত রয়েছেন, এবার তিনি তার স্বীকৃতি পেলেন।







বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা


The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday // October 31 // 2022

‘রুশ অস্ত্র ব্যবহার করে মানুষ মারছে মিয়ানমারের জান্তা’

ঢাকা ডেস্ক, ২৮ অক্টোবর : জাতিসংঘের মিয়ানমারের মানবাধিকার বিষয়ক বিশেষজ্ঞ টম অ্যান্ড্রু বলেছেন, রাশিয়া যে ধরনের অস্ত্র ইউক্রেন যুদ্ধে ব্যবহার করছে, মিয়ানমারেও সেই ধরনের অস্ত্রই ব্যবহার করছে জান্তা সরকার । এসব অস্ত্র সাধারণ মানুষকে হত্যায় ব্যবহার করা হচ্ছে । তাই বিশ্বের দেশগুলোকে মিয়ানমারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে জোট গঠনের আহ্বান জানিয়েছেন তিনি । কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয় । প্রতিবেদনে বলা হয়, টম অ্যান্ড্রু বুধবার (২৬ অক্টোবর) এই আহ্বান জানান । তিনি মিয়ানমারের সামরিক সরকারে বিরুদ্ধে বিভিন্ন ধরনের অবরোধ ও অস্ত্র আমদানির ওপর নিষেধাজ্ঞা আরোপের লক্ষ্যে জোট গঠনের প্রতিও জোর দেন । নিউইয়র্কে সাংবাদিকদের টম অ্যান্ড্রু জানান, ইউক্রেনের মানুষজনকে হত্যার জন্য ব্যবহার করা হচ্ছে এমন কিছু অস্ত্র মিয়ানমারের মানুষকে হত্যার জন্যও ব্যবহার করা হচ্ছে । এই অস্ত্রগুলোর একই উৎস, অর্থাৎ রাশিয়া থেকে এসেছে ।







রাইট কেয়ার মেডিকেল জ্যামাইকা এভিনিউ শাখার উদ্বোধন

বাংলা পত্রিকা ডেস্কঃ বাংলাদেশী মালিকানা মেডিকেল সেন্টার ‘রাইট কেয়ার মেডিকেল’ এর আরো একটি শাখা উদ্বোধন হলো । এটি প্রতিষ্ঠানটির তৃতীয় শাখা । জ্যামাইকা এভিনিউতে গত ২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার কমিউনিটির জনপ্রিয় চিকিৎসক রাইট কেয়ার মেডিকেলের পরিচালক ডা. মোহাম্মদ হোসাইন ইমরান শাখাটির উদ্বোধন করেন । এসময় বিভিন্ন হেলথ ইন্স্যুরেন্স কর্মকর্তা, কমিউনিটি নেতৃবৃন্দ ও রাইট কেয়ার মেডিকেল অফিসের চিকিসক, টেকনিশিয়ান, কর্মকর্তা, সেবা গ্রহীতাগণ উপস্থিত ছিলেন ।

নিউইয়র্কে বাংলাদেশী অধ্যুষিত জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও ১৬৮ প্লেস হাইল্যান্ড এভিনিউতে রাইট কেয়ার মেডিকেল অফিসের প্রথম পথ চলা । পরবর্তীতে কমিউনিউনিটির চাহিদায় ১৯৬ হিলসাইড এভিনিউতে দ্বিতীয়য় শাখার চালু করেন । এরপর বাংলাদেশীসহ অন্যান্য কমিউনিটির ব্যাপক সাড়া পাওয়ায় এবার ১৭৬ জ্যামাইকা এভিনিউতে তৃতীয় শাখার চালু করা হলো । ডা. মোহাম্মদ হোসাইন ইমরান বলেন, নিউইয়র্ককে কমিউনিটির স্বাস্থ্য সেবাই আমাদের লক্ষ্য । আমাদের সকল শাখা সোম থেকে শনি সপ্তাহে ৬ দিনই খোলা । এছাড়া আমাদের টেলি হেলথ সেবা সব সময়ই চালু রয়েছে ।

বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের সাথে শিক্ষা বিষয়ক চুক্তি সম্পাদন

বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য যুক্তরাষ্ট্রে সেবার পরিধি বাড়িয়েছে ইসি গ্লোবাল





নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্রে বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য সেবার লক্ষ্যে কাজ করছে ইসি গ্লোবাল । প্রতিষ্ঠানটি ইতোমধ্যেই যুক্তরাষ্ট্রের বিভিন্ন কলেজ-বিশ্ববিদ্যালয়ের সাথে সম্পর্ক উন্নয়নে নিবিড়ভাবে কাজ করছে এবং শিক্ষা বিষয়ক চুক্তি সম্পাদনের মাধ্যমে বাংলাদেশী শিক্ষার্থীদের সহযোগিতায় বিশ্বস্থ হয়ে উঠেছে । প্রতিষ্ঠানটির উদ্যোক্তা একজন বাংলাদেশী-আমেরিকান নাগরিক । সংশ্লিষ্টদের দাবী যুক্তরাষ্ট্রে বাংলাদেশী শিক্ষার্থীদের উন্নত এবং দ্রুত সেবা দেয়ার জন্য প্রতিষ্ঠানটি ইতোমধ্যে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে । খবর ইউএনএ’র ।

প্রতিষ্ঠানটির চেয়ারম্যান সাংবাদিক এমদাদ চৌধুরী দীপু জানান, ইসি গ্লোবাল লিংক ইতিমধ্যে যুক্তরাষ্ট্রের এএসএ কলেজের এজেন্সী হিসেবে স্বীকৃতি পেয়েছে । নিউইয়র্কের ম্যানহাটান ও ব্রুকলীনলনসহ ফ্লোরিডা অঙ্গরাজ্যেও এই কলেজের ক্যাম্প্যাস রয়েছে । এছাড়াও ভার্জিনিয়া অঙ্গরাজ্যে ওয়াশিংটন ইউনিভার্সিটি সাইন্স টেকনলজির সাথেও পার্টনারশীপ চুক্তি স্বাক্ষর করেছে ইসি গ্লোবাল । এছাড়া নিউইয়র্কের ম্যানহাটনের ব্লুডেটা ইন্সটিটিউটেরর অনুমোদিত এজেন্ট ইসি গ্লোবাল ।

এরই ধারাবাহিকতায় সম্প্রতি যুক্তরাষ্ট্রের পশ্চিম উপকুলীয় অঙ্গরাজ্য সফর করেন ইসি গ্লোবালের চেয়ারম্যান সাংবাদিক এমদাদ চৌধুরী দীপু । এ সফরের ফলে এখন ইসি গ্লোবাল ইন্টারন্যাশনাল আমেরিকান ইউনিভার্সিটি এবং ওয়েস্টক্লিফ ইউনিভার্সিটির এজেন্ট হিসেবে কাজ করবে ইসি গ্লোবাল । বাংলাদেশীরা সংখ্যায় বেশি এমন অন্তত ১০টি রাজ্যে শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা নিশ্চিতে কাজ করার পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছে ইসি গ্লোবাল ।

ইতোমধ্যে ইসি গ্লোবাল চেয়ারম্যান দীপু ফ্লোরিডা, ভার্জিনিয়া, ক্যালিফোর্নিয়া সফর করেছেন । ডিসেম্বর মাসে তার মিশিগান রাজ্য সফরের পরিকল্পনা রয়েছে । যুক্তরাষ্ট্র ছাড়াও বাংলাদেশে ইসি গ্লোবালের রয়েছে একটি শক্তিশালী টিম । ইতোমধ্যে কান্ট্রি কো-অর্ডিনেটর নিয়োগসহ প্রতিটি বিভাগীয় শহরে অফিস স্থাপণ করেছে প্রতিষ্ঠানটি । সবগুলো অফিসকে যুক্তরাষ্ট্রের পাশাপাশি ঢাকার কান্ট্রি অফিস থেকে সার্বক্ষণিক তদারকি করা হয় । যে কারনে সেবাগ্রহী যে কোনো শিক্ষার্থী যে কোনো সময় যে কোনো পরামর্শ ও সেবা নিতে পারেন বলে জানান প্রতিষ্ঠানটির চেয়ারম্যান এমদাদ চৌধুরী দীপু ।







পরিবেশ রক্ষায় আন্দোলন গড়ে তোলার বিকল্প নেই

(শেষের পাতার পর)

অন্যান্য অঞ্চলেও জীব বৈচিত্র এখন চরম হুমকীর মুখে পড়েছে। নিছক প্রবৃদ্ধি-ভিত্তিক উন্নয়ন এখন আর দেশের মানুষের স্বাস্থ্য সুরক্ষার নিশ্চয়তা দিতে পারছেনা। পরিবেশ অবক্ষয়ের হাত থেকে দেশ এবং জাতিকে বাঁচাতে হলে ব্যাপক জনসমর্থনের ভিত্তিতে পরিবেশ রক্ষা আন্দোলন গড়ে তোলার বিকল্প নেই। সেই লক্ষ্যে আগামী জানুয়ারী মাসের ১৩ তারিখে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে এক পরিবেশ মহাসমাবেশের আয়োজন করা হয়েছে।

নিউইয়র্ক-এর জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে গত ২২ অক্টোবর শনিবার সন্ধ্যায় বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন) এর উদ্যোগে আয়োজিত এক সেমিনারে বক্তারা উপরোক্ত কথা বলেন। মূলত: সিলেট শহরের জলাবদ্ধতা এবং হাওরের বন্যার কারণ ও প্রতিকার বিষয়ক এই সেমিনারে বাংলাদেশের পরিবেশের সামগ্রিক পরিস্থিতিই তুলে ধরা হয়। বেন-এর প্রতিষ্ঠাতা ড. নজরুল ইসলামের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি স্বনামধন্য চিকিৎসক অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদ। সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন বেন-এর বৈশ্বিক সমন্বয়কারী ড. মোহাম্মদ খালেকুজ্জামান। এছাড়াও পরিবেশ মহাসমাবেশের প্রয়োজনীয়তা এবং একে সফল করার লক্ষ্যে করণীয় তুলে ধরে সেমিনারে বক্তব্য রাখেন বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)-এর সাধারণ সম্পাদক শরীফ জামিল। সেমিনারে সিলেট সিটি কর্পোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরীর ভিডিও রেকর্ডকৃত বক্তব্য শুনানো হয়। আলোচনায় অংশ নেন বিশিষ্ট পানি বিশেষজ্ঞ ড. সুফিয়ান এ খন্দকার, জালালাবাদ এসোসিয়শন অব আমেরিকার সভাপতি বদরুল খান, বেন'র জয়েন্ট কো অর্ডিনেটর ড. ফারুক জামান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট সুব্রত বিশ্বাস, এডভোকেট নাসির উদ্দিন, শাহীন আজমল প্রমুখ। সেমিনারটি সঞ্চালনা করেন বেনের নিউইয়র্ক-নিউজার্সী-কানেকটিকাট চাপ্টারের সমন্বয়ক অধ্যাপক রানা ফেরদৌস চৌধুরী। সবশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন ড. ফারুক জামান।

সেমিনারে বৃহত্তর সিলেট ও ময়মনসিংহ জেলায় অবস্থিত হাওরে ২০২২ সালের জুন মাসে ঘটে যাওয়া স্মরণকালের সবচেয়ে ভয়ংকর বন্যার অন্তর্নিহিত কারণ ব্যাখা করতে গিয়ে ড. খালেকুজ্জামান উল্লেখ করেন যে হাওরের উজানে ভারতের মেঘালয়, আসাম, মনিপুর এবং মিজোরাম প্রদেশ থেকে বয়ে আসা ৪৬টি আন্তঃনদীর পানি প্রবাহের উপর বাংলাদেশের কোন নিয়ন্ত্রণ না থাকা, মাত্রাতিরিক্ত বৃষ্টিপাত, উজানের অববাহিকা অঞ্চলে বনাঞ্চল নিধন এবং ভূমিরূপের ব্যাপক পরিবর্তনের ফলে সৃষ্ট অতিরিক্ত পলিযুক্ত পানি ভূপৃষ্ঠস্থ প্রবাহের সাথে এসে নদীর তলদেশ ভরাট করে ফেলার ফলে বাংলাদেশের অভ্যন্তরে হাওরের নদীসমূহের ধারণ ক্ষমতা হ্রাস পেয়েছে, যার ফলে বন্যার প্রকোপ এবং মাত্রা অনেক বেড়েছে। তাছাড়া, বাংলাদেশের অভ্যন্তরে নদীর প্লাবনভূমি দখল করে বিভিন্ন অবকাঠামো নির্মাণের ফলেও বন্যার মাত্রা বেড়ে গিয়েছে। বিশেষত অপরিকল্পিতভাবে মাটি উঁচু করে নির্মিত হাজার হাজার মাইল সড়ক হাওরে পানি দ্রুত দক্ষিণে সরে যাওয়ার পথে মারাত্মক প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। হাওরের ভাটিতে অবস্থিত মেঘনা নদীর উপরে ভৈরবের রেলসেতু এবং সড়ক সেতু নির্মানের ফলেও উজানের বন্যার পানি নিষ্কাশন বাধপ্রাপ্ত হয়ে বন্যার স্থায়িত্ব বেড়েছে। হাওরের নদীসমূহের উৎপত্তি স্থল থেকে মোহনা পর্যন্ত জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট বাড়তি বৃষ্টিপাত ধারনের ক্ষমতা বাড়ানোর লক্ষ্যে নিয়মিত খনন করা জরুরী বলে খালেকুজ্জামান মত প্রকাশ করেন। হাওরে পানি প্রবাহে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী সড়ক অপসারণ করা অথবা পর্যাপ্ত সংখ্যক ও আকারসম্পন্ন সেতু ও কালভার্ট নির্মাণ করা প্রয়োজন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্প্রতি হাওরে আর মাটি উঁচু করে সড়ক নির্মাণ করতে দেয়া হবে না বলে ঘোষণা দিয়েছেন। বেন বহু আগে থেকেই এই দাবী জানিয়ে আসছিল। দেরীতে হলেও সরকার বেনের এই সুপারিশ গ্রহণ করেছে দেখে আমরা আনন্দিত। বেন আশা করে যে, প্রধানমন্ত্রীর এ ঘোষণা যথাযথ বাস্তবায়িত হবে।

সেমিনরে সিলেট শহরের জলাবদ্ধতার কারণ ও তা নিরশনের উপায় নিয়ে ভিডিও রেকর্ডকৃত বক্তব্য প্রদান করেন সিলেট সিটি কর্পোরেশনের মেয়র আরিফুল হক চৌধুরী। জলাবদ্ধতার কারণ হিসাবে তিনি জনসচেতনতার অভাব, উজানের ঢল, ড্রেইনে ময়লা ও পুরাতন গৃহস্থালী সামগ্রী নিক্ষেপ, শহরের ভাটিতে হাওরভেদী উঁচু সড়ক নির্মানের মাধ্যমে ভূপৃষ্ঠস্থ পানি প্রবাহে বাধা প্রদানের কথা উল্লেখ করেন। তিনি আরো বলেন যে শীঘ্রই সংশ্লিষ্ট সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠানের গবেষক, পরিবেশবাদী সংগঠন ও অন্যান্য অংশীজনদের নিয়ে জলাবদ্ধতা নিরশনের লক্ষ্যে একটি গোল টেবিল বৈঠকের আয়োজন করবেন। উল্লেখ্য যে, বেন-এর নেতৃবৃন্দ উল্লেখিত গোলটেবিল বৈঠকে অংশগ্রহন করার ইচ্ছা ব্যক্ত করেছে।

সেমিনারে ড. মোহাম্মদ খালেকুজ্জামান তার গবেষনা-ভিত্তিক তথ্য-উপাত্ত সহকারে মূল বক্তব্য তুলে ধরেন। সিলেট শহরের জলাবদ্ধতার কারণ হিসাবে তিনি অপর্যাপ্ত প্রাকৃতিক খাল এবং নালার অপ্রতুলতা, বৃষ্টির পানি বহন করার জন্য প্রয়োজনীয় ড্রেইনেজের অপ্রতুলতা ও অকার্যকারিতা, ভূপৃষ্ঠস্থ পানি প্রবাহে বাধাসৃষ্টিকারী রাস্তা, পর্যাপ্ত সেতু এবং কালভার্টের অভাব, অপরিকল্পিত নগরায়নের ফলে বাড়তি ভূপৃষ্ঠস্থ পানিপ্রবাহের পরিমাণ অনেকাংশে দায়ী বলে উল্লেখ করা হয়।

সিলেট শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে ড. খালেকুজ্জামান নিম্নোক্ত সুপারিশমালা প্রস্তাব করেনঃ (১) প্রাকৃতিক খাল-নালা গুলি চিহ্নিত করে সেইগুলি যথাযতভাবে খনন করা, (২) বৃষ্টির পানি বহনকারী ড্রেইনেজের পরিমাণ নগরায়নকৃত ভূমিরূপের সাথে সামঞ্জস্য রেখে নির্ধারণ ও নিশ্চিত করা, (৩), যেখানে পর্যাপ্ত পরিমাণে প্রাকৃতিক খাল-নালা নেই সেইসব অঞ্চলে হাইড্রোলজিক্যাল মডেলিং এর মাধ্যমে নির্ধারিত বারিপাত অঞ্চলের সাথে মিল রেখে এবং উদ্ভুত ভূপৃষ্ঠস্থ পানি প্রবাহ ধারণে সক্ষম ড্রেইনেজ নেটওয়ার্ক নির্মাণ করা, (৪) শহরের ভূমি-উচ্চতা এবং প্রাকৃতিক ঢালের সাথে সামঞ্জস্য রেখে রাস্তার বিভিন্ন অংশে পর্যাপ্ত সেতু কিংবা কাল্‌ভার্ট তৈরি করা যাতে করে ভূপৃষ্ঠস্থ পানি প্রবাহে কোন বাধা সৃষ্টি না হয় এবং সেই প্রবাহ যেন পার্শ্ববর্তী প্রাকৃতিক খালে অথবা ড্রেইনেজের মাধ্যমে সুরমা নদীতে গিয়ে পড়তে পারে তা নিশ্চিত করা, (৫) সুরমা নদীর পানি বহন ক্ষমতা খননের মাধ্যমে বৃদ্ধি করা, (৬) শহরের বিভিন্ন অংশে বৃষ্টির পানি ধরে রাখার জন্য পর্যাপ্ত পুকুর, দীঘি, জলাধার নির্মাণ কিংবা পূণঃখনন করা, (৭) শহরের বিভিন্ন অংশের ভূপৃষ্ঠস্থ পানি প্রবাহ যাতে করে অন্যান্য অংশে নূণ্যতম অভিঘাত সৃষ্টি করে সেই লক্ষ্যে গ্রীন অবকাঠামো নির্মানের ব্যবস্থা করা যার মাধ্যমে বৃষ্টির পানি ধরে রাখা যাবে, বৃষ্টির পানির মাধ্যমে ভূগর্ভস্থ পানির পূণঃভরন নিশ্চিত করা হবে, এবং রাস্তাগুলোর নীচ দিয়ে পর্যাপ্ত ভূগর্ভস্থ জলাধার তৈরি করা হবে।





TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA



যুক্তরাষ্ট্রে পার্টনারশিপ অ্যাওয়ার্ড জিতলেন আজিজ

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে পুরস্কারজয়ী বাংলাদেশী আমেরিকান উদ্যোক্তা, টেকনোলজি আর্কিটেক্ট ও ফিলানথ্রপিস্ট আজিজ আহমদ আরও একটি মর্যাদাকর অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন। টেকনোলজি কনসাল্টিং (বাকি অংশ ৪৫ পাতায়)

অনুষ্ঠান অনুস্মরণিকা

কবি শামস আল মমীন এর এক গুচ্ছ কবিতা নিয়ে জি এইচ আরজু'র একক আবৃত্তি সন্ধ্যা ৫ নভেম্বর শনিবার বিকেল ৫টায় জ্যাকসন হাইটসের জুইস সেন্টারে। নীলা ড্যান্স একাডেমী আয়োজিত নাট্য শাস্ত্র অবলম্বনে নৃত্যনাট্যে নায়িকা উপাখ্যান 'অষ্ট নায়িকা' এবং নীলা জেরীন-এর কুচিপুড়ী ধারায় একক ধ্রুপদী নৃত্যানুষ্ঠান ৬ নভেম্বর শনিবার কুইন্স থিয়েটার মঞ্চে।

সাঈদ তারেকের কলাম

ভোটের আগে ভাত চাই!



শ্লোগানটা চেনা চেনা লাগছে না! হ্যাঁ এটা একটা ঐতিহাসিক শ্লোগান। উচ্চারণ করেছিলেন মাওলানা ভাসানী ১৯৭০-এর নির্বাচনের আগ দিয়ে। ডিসেম্বরে প্রলয়ংকরি ঘুর্ণিঝড়ে হাজার হাজার মানুষ মারা গিয়ে দেশে যখন বিধ্বস্ত (বাকি অংশ ৪০ পাতায়)

বাড়ী ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে (বাকি অংশ ৩১পাতায়)

নিউইয়র্কের সেমিনারে সিলেট শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে ৭টি প্রস্তাব

পরিবেশ রক্ষায় আন্দোলন গড়ে তোলার বিকল্প নেই



বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশে বন্যা এবং জলাবদ্ধতা ছাড়াও দেশের অভ্যন্তরে প্রাকৃতিক পরিবেশ বিপর্যয় চরম আকার ধারন করেছে। বায়ু, পানি, ও মাটি দূষন মারাত্মক আকার ধারণ করেছে, এবং জলবায়ু পরিবর্তন সৃষ্ট বিভিন্ন কারণে প্রাকৃতিক ভারসাম্য হারিয়ে দেশের বৃহৎ অংশ এখন অস্থিত্ব সংকটে পড়েছে। হাওর এবং সুন্দরবনসহ (বাকি অংশ ৪৭ পাতায়)



সাংবাদিক হাবিব রহমানের লেখা ভ্রমণ কাহিনী

'ঘুরে দেখা ইউরোপ' প্রকাশিত

বাংলা পত্রিকা রিপোর্টঃ বিশিস্ট সাংবাদিক, বাংলা পত্রিকা'র বার্তা সম্পাদক (বাকি অংশ ৩ পাতায়)

ব্যতিক্রমী আয়োজনে পিপল এন টেক এলামনাইদের পুনর্মিলনী অনুষ্ঠিত



নিউইয়র্ক (ইউএনএ): 'নো মোর অড জব' শ্লোগান নিয়ে প্রতিষ্ঠিত পিপল এন টেক এলামনাইদের প্রথম এবং ব্যতিক্রমী পুনর্মিলনী অনুষ্ঠিত হলো। গত ২৩ অক্টোবর রোববার নিউইয়র্কের উডসাইডস্থ (বাকি অংশ ৩৫ পাতায়)

বাংলাদেশ সোসাইটির নির্বাচনে বিজয়ী

'রব-রুহুল' প্যানেলের বিজয় উৎসবে প্রবাসীদের ঢল



বিশেষ প্রতিনিধি: বাংলাদেশ সোসাইটির সদ্য সমাপ্ত নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ী 'রব-রুহুল' প্যানেলের বিজয় উৎসব ও আনন্দ আড্ডা অনুষ্ঠিত হয়েছে। সিটির কুইন্স প্যালেসে সোমবার (২৪ অক্টোবর) সন্ধ্যায় এই উৎসবের আয়োজন করে 'রব-রুহুল' নির্বাচন পরিচালনা কমিটি। ব্যতিক্রমী এই অনুষ্ঠানে প্রবাসীদের ঢল নামে। অনুষ্ঠানের কর্মকান্ডের মধ্যে ছিলো আড্ডা, সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য, সাংস্কৃতিক অনুষ্ঠান আর নৈশ ভোজ। 'রব-রুহুল' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির আহবায়ক আজিমুর রহমান বুরহানের (বাকি অংশ ৪৫ পাতায়)

সিটিতে আইন শৃংখলা পরিস্থিতির অবনতি পুলিশ কর্মকর্তাদের চাকরি ছাড়ার হিড়িক

এস্টোরিয়ায় গাড়ীর গ্লাস ভেঙ্গে বাংলাদেশীর মূল্যবান সামগ্রী চুরি

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটিতে আইন-শৃঙ্খলা পরিস্থিতির ব্যাপক অবনতি ঘটেছে। প্রতিদিনই নানা অপরাধ সংঘটিত হচ্ছে। বিভিন্নস্থানে চুরি ছিনতাই ব্যাপক বৃদ্ধি (বাকি অংশ ৩১ পাতায়)

টিকটক চ্যালেঞ্জ গ্রহন করতে গাড়ী নিয়ে পালানের চেষ্টা

বাফেলোতে দুর্ঘটনায় চার তরুন-তরুনীর মর্মান্তিক মৃত্যু

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের বাফেলোতে টিকটকের চ্যালেঞ্জ গ্রহন করতে গিয়ে গাড়ী দুর্ঘটনায় একজন কিশোরী মা'সহ চারজনের মর্মান্তিক মৃত্যু হয়েছে। নিহতরা হলেন মার্কাস ওয়েবস্টার, সোয়াজিন সুইন্ডল, কেভিন পেইন, (বাকি অংশ ৩১ পাতায়)

নিজ বাবার বিরুদ্ধে কন্যার অভিযোগ ঃ ৩০ বছরে ৭০ জন নারীকে খুন

বাংলা পত্রিকা ডেস্ক: একাই ৭০জন নারীকে খুন করেছেন, নিজের বাবার বিরুদ্ধে এমন বিস্ফোরক অভিযোগ এনেছেন যুক্তরাষ্ট্রের এক নারী। গোটা ঘটনা শুনে স্তম্ভিত দেশটির লোয়ার স্থানীয় পুলিশ কর্মকর্তারা। তাদের মতে, যদি এই অভিযোগ সত্য প্রমাণিত হয়, তাহলে আমেরিকার ইতিহাসে সবচেয়ে বেশি খুন করার রেকর্ড গড়বেন ওই ব্যক্তি। এবিসি নিউজ-এর খবরে বলা হয়েছে, অভিযুক্তের মেয়ের নাম লুসি স্টাডি। তিনি জানিয়েছেন, প্রায় ৩০ বছর ধরে অন্তত ৭০ জন নারীকে খুন করেছেন তার বাবা ডোনাল্ড ডিন (বাকি অংশ ৩৯ পাতায়)



অন্ধ ও চক্ষুস্মান সমান নয়

জাফর আহমাদ

আল্লাহ তা'আলা বলেন, "অন্ধ ও চক্ষুস্মান সমান নয়, না অন্ধকার ও আলো সমান পর্যায়ের, না শীতল ছায়া ও রোদের তাপ একই পর্যায়ের (বাকি অংশ ৩০ পাতায়)

খেলার খবর

বাজির দরে এগিয়ে ব্রাজিল, কম্পিউটার বলছে চ্যাম্পিয়ন আর্জেন্টিনা

স্পোর্টস ডেস্ক: কাতার বিশ্বকাপ যতই এগিয়ে আসছে বাড়ছে জল্পনা-কল্পনা। কে জিতবে বিশ্বকাপ (বাকি অংশ ৩৯ পাতায়)

হেলথ টিপস

হাঁটলে গোড়ালিতে ব্যথা?

বাংলা পত্রিকা ডেস্ক: অতিরিক্ত হাঁটলে পায়ে ব্যথা হওয়াটা স্বাভাবিক। তবে অনেকে অল্প হাটার পরই গোড়ালিতে ব্যথা অনুভব করেন। এমন হলে কিছুটা সতর্ক তো হতেই হবে। গোড়ালির ব্যথার অনেক কারণ আছে। অনেকে হাটার সময় গোড়ালিতে (বাকি অংশ ৩৭ পাতায়)

বিনোদন

স্ত্রী হিসেবে সবসময় শাকিব খানের পাশে আছি : বুবলী

বিনোদন ডেস্ক: স্ত্রী হিসেবে, শেহজাদের মা হিসেবে এবং একজন সহকর্মী হিসেবে আমি (বাকি অংশ ৩৭ পাতায়)

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং রিয়েস্টেটেলশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

বাসা, বাড়ি, অ্যাপার্টমেন্ট এবং কমার্শিয়াল প্রপার্টি/স্পেস ক্রয় বিক্রয় এবং ভাড়ার জন্য যোগাযোগ করুন
EXIT REALTY PRIME
Text Ashif to 85377
To get my Digital business card
Ashif A Choudhury
Licenced Realtor
Cell: 917-741-5308
Phone: 718-262-0205
Fax : 718-262-0254
Email : Ashif.Choudhury@gmail.com
189-10 Hillside Ave, Suite E
Hollis, NY 11423
www.EXITPrimeNY.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩৮ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত দেখুন ৩১ পাতায়

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
হজ্বব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com